পুরুষোত্তমদাস-কৃত ও রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়-কৃত
প্রাচীন ওড়িয়া নবীন বাংলা

কাঞ্চী-কাবেরী

কাব্য

শ্রীসুকুমার সেন, এম্-এ, পিএইচ-ডি, এফ-এ-এস্
কলিকাতা বিশ্ববিদ্যালয়ে ভারতীয় ভাষাতত্ত্ব-ও-ধ্বনিবিজ্ঞানে
খয়রা অধ্যাপক

এবং

শ্রীসুনন্দা সেন, এম্-এ
মহারাজাধিরাজ উদয়চাঁদ মহতাব মহিলা কলেজে
বাংলা ভাষা ও সাহিত্যে
অধ্যাপিকা

সম্পাদিত

কলিকাতা বিশ্ববিদ্যালয়

১৯৫৮

মূল্য—পাঁচ টাকা

নিবেদন

আধুনিক ভারতীয় আর্য-ভাষাগুলির পরস্পর সম্পর্ক বেশ ঘনিষ্ঠ। এ ঘনিষ্ঠতা ভাষাগুলির পুরানো সাহিত্যে প্রতিফলিত এবং তাহা আধুনিক সাহিত্যেও নিশ্চিহ্ন নয়। ওড়িয়া ও বাংলার মধ্যে সম্পর্ক ঘনিষ্ঠতর এবং এ দুই ভাষা ও সাহিত্যের মধ্যে যোগাযোগ খুব স্পষ্ট। কাঞ্চী-কাবেরী কাব্যে এই যোগাযোগের একটা বড় নিদর্শন পাইতেছি। আধুনিক ভারতীয় সাহিত্যের রীতিমত তৌলন আলোচনার দিন আজ আসিয়াছে। আমাদের এই গ্রন্থ যদি সেই আলোচনার পথ নির্দেশ করিয়া দেয় তবে সম্পাদন কার্য সার্থক হইবে।

ওড়িয়া ও বাংলা ভাষার মধ্যে প্রায়-দুস্তর ব্যবধান রচনা করিয়াছে, দুইটি লিপিমালা। ওড়িয়া কাব্যটি বাংলা অক্ষরে ছাপাইয়া আমরা এক তরফের ব্যবধান ঘুচাইয়াছি। ভরসা করি ইহাতে বাঙালী পাঠকের কাছে ওড়িয়া ভাষা ও সাহিত্যকে আদরণীয় হইবে। কিন্তু এমন একটা বড় ত্রুটি হইয়াছে যাহা বাঙালী পাঠক ধরিতে পারিবেন না কিন্তু ওড়িয়া পাঠকের খুব অসুবিধা সৃষ্টি করিবে। ওড়িয়া ভাষায় দুইটি ল-কার আছে, একটি আমাদের পরিচিত "দন্ত্য" ল-কার আর একটি ওড়িয়া ভাষার বিশিষ্ট অতিরিক্ত "মূর্ধন্য" ল-কার। মূর্ধন্য ল-কারের জন্য পৃথক হরফের ব্যবস্থা করিতে পারা যায় নাই বলিয়া প্রস্তুত গ্রন্থে ওড়িয়া অংশে দুই ল-কারে পার্থক্য করা হয় নাই। যাঁহারা ওড়িয়া শব্দে ল-কারের ঠিক উচ্চারণ করিতে চান তাঁহাদের এই তিনটি সূত্র স্মরণে রাখিলেই চলিবে—(১) পদের আদি অক্ষরে সর্বদাই "দন্ত্য" ল, (২) মূল সংস্কৃত অথবা প্রাকৃত শব্দে যদি একক ল-কার থাকে তাহা ওড়িয়ায় মূর্ধন্য ল, এবং (৩) মূল সংস্কৃত অথবা প্রাকৃত শব্দে যদি যুক্ত ল-কার থাকে তবে ওড়িয়ায় তাহা "দন্ত্য" ল। যেমন—(১) লগাই, লাজ, লুগা, লেউটিন, লোড়া; (২) জল়, কলি়, নল়, বলি়য়ার, বেলে়, মেল়; (৩) তেল (প্রাকৃত তেল্ল), ভলি (প্রাকৃত ভল্ল, সংস্কৃত ভদ্র), বোল (প্রাকৃত বোল্ল), পালিঙ্কি (প্রাকৃত পল্লঙ্ক, সংস্কৃত পর্যঙ্ক), ছইলা (প্রাকৃত ছইল্ল), মাল (সংস্কৃত মল্ল)।

সম্পাদন কার্যে নানা বিষয়ে সম্বলপুর কলেজের সংস্কৃত ও ওড়িয়া ভাষার অধ্যাপক শ্রীযুক্ত সিদ্ধেশ্বর হোতা এম-এ প্রচুর সাহায্য করিয়াছেন। কটক মহিলা কলেজে সংস্কৃতের অধ্যাপিকা শ্রীমতী শোভা রায় এম-এ শব্দার্থ বিচারে এবং বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের ওড়িয়ার অধ্যাপক শ্রীযুক্ত দেবীপ্রসন্ন পট্টনায়ক এম-এ পাঠনির্ণয়ে যথেষ্ট আনুকূল্য করিয়াছেন। ইহাদের সঙ্গে ধন্যবাদ দেওয়া-নেওয়ার সম্পর্ক নয়। তবে ঋণ স্বীকার না করিলে প্রত্যবায়ের ভাগী হইব। শ্রীযুক্ত চিত্তরঞ্জন দাস আমাকে পুরুষোত্তমদাসের কাব্যের মুদ্রিত সংস্করণ সংগ্রহ করিয়া দিয়াছিলেন। তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জানাইতেছি।

অধ্যাপক শ্রীযুক্ত শশিভূষণ দাশগুপ্তের উদ্যোগেই আমাদের এই বই এত সহজে বাহির হইতে পারিল। সেজন্য আমরা তাঁহার নিকট কৃতজ্ঞ রহিলাম।

রঙ্গলাল ভূমিকায় যে কথা বলিয়াছিলেন তাহার পুনরাবৃত্তির দ্বারা স্বস্তিবাচন করিলাম।

"(উৎকল ও বঙ্গ) উভয় দেশীয় লোকের মধ্যে এই সৌহার্দ্য যত বর্ধিত হয়; ততই সুখের বিষয়। সেই সৌহার্দ্য-রজ্জুর খণ্ডৈক ক্ষীণ সূত্র বা তৃণবৎ আমি এই ঐতিহাসিক কাব্যখানি বঙ্গীয় এবং উৎকলীয় বন্ধুগণের হস্তে সমর্পণ করিলাম।"

১৬. ৮. ৫৮

শ্রীসুকুমার সেন

সূচি

ভূমিকা

১

পুরুষোত্তমের কাঞ্চী-কাবেরী কাব্যকে যদি ঐতিহাসিক কাব্য বলি তাহা হইলে বুঝিতে হইবে যে ষোড়শ-সপ্তদশ শতাব্দে আমাদের কবিদের যতটা ইতিহাস-বোধ ছিল সেই অনুপাতে ঐতিহাসিক। সেকালে ইতিহাস বলিতে জনশ্রুতি ও কিংবদন্তীই বুঝাইত, সুতরাং পুরুষোত্তমের কাব্যে জনশ্রুতি ও কিংবদন্তী মিশাইয়া আছে। তবে এই জনশ্রুতির মধ্যে ইতিহাসের অংশও নেহাৎ কম ছিল না। পিতা কপিলেন্দ্র দেব (১৪৩৫-১৪৭০) কাঞ্চী বিজয় করিয়াছিলেন। এ কাজ পুত্র পুরুষোত্তম দেব (১৪৭০-১৪৯৭) করিতে পারেন নাই। কপিলেন্দ্র দেবের বৃহৎ সাম্রাজ্য পুরুষোত্তম দেবের রাজ্য-লাভের প্রায় সঙ্গে সঙ্গে ছোট হইয়া আসে। তবে অবিরত যুদ্ধ চালাইয়া তিনি বিনষ্ট রাজ্যাংশের অনেকটা উদ্ধার করিতে পারিয়াছিলেন। বিজয়নগরের রাজাকে হারাইয়া দিবার পর (১৪৮০) পুরুষোত্তম দেবের রাজ্য দক্ষিণে কৃষ্ণা নদীর তীর পর্যন্ত বিস্তৃত হইয়াছিল। কাঞ্চী-কাবেরী কাব্যে যিনি কর্ণাট-রাজ তিনি সম্ভবত সালুব নরসিংহ। ইহারই কন্যা কাব্যের নায়িকা পদ্মাবতী। পদ্মাবতী ইহার নাম ছিল বলিয়া মনে হয় না। তেলুগু ভাষায় লেখা এক অনুশাসনে ইহাকে রূপাম্বিকা বলা হইয়াছে। মাদলা পাঞ্জীতে ইনি পদ্মিনী কন্যা বলিয়া উল্লিখিত।

জগন্নাথ-মন্দিরে রক্ষিত উড়িষ্যার প্রাচীন ধারানুসারী ইতিহাস—আসামের বুরঞ্জীর মত—মাদলা-পাঞ্জীতে পুরুষোত্তমের রাজ্যলাভ ও কর্ণাট-বিজয় কাহিনী যে ভাবে আছে তাহা ইতিহাসের অনুগত বলিয়া মনে হয়। প্রবীণ অধ্যাপক সুপণ্ডিত শ্রীযুক্ত আর্তবল্লভ মহান্তি মহাশয় এই কাহিনী শিক্ষিত সমাজের দৃগ্‌গোচরে আনিয়াছেন।[১]

এ উত্তারু এহাঙ্ক পুত্র পুরুষোত্তমদেব রাজা হোইলে। সে কৃষ্ণবেণী নদীকূলে সে রাজা হোইলে। শ্রীজগন্নাথ মহাপ্রভুঙ্ক আসি দরশন

১ 'প্রাচীন গদ্যপদ্যাদর্শ' হইতে উদ্ধৃত।

কলে। কটক শ্রীনঅরে জাই বিজে কলে। হমীরঙ্ক জাই ভগরা বারতা কহিলে। তাহা শুনি হমীরে অইলে। বেগ ধাই বোইলে আস্ত থউ পুরিআ রাজা হোইলা। বৈশাখ শুক্ল নবমী দিন শ্রীপুরুষোত্তমে হমীরে প্রবেশ হোইলে। দরশন করি প্রতিগ্যা করি বোইলে পুরিআকু আউ তুম্ভে রথি ন পারিব শঙ্খে পুরাই চক্রে উহাড়িলে অবশ্য মারিবু গোসাই।[১] এতে বোলি হমীরে কটককু গলে। পুরুষোত্তম দেবঙ্ক বারতা হোইলা। কপাট পাড়ি সে শ্রীনঅর ভিতরে রহিলে। সিঙ্ঘদ্বার মাড়ি হমীরে রহিলে। আগ্নে কবাট ফেড়ি দিঅরে বোলি ডাকিলে। জীবনে যেবে আশ অছি তেবে ফেঅ[২] সিঙ্ঘদ্বার। পড়িআরি বোইলা ঠাকুরঙ্ক আগ্যাং নাহিং কেমন্তে কবাট ফেড়িবু গোসাঞি। শুনি রোষভরে ঘোড়া চুআই সাবেলি ডিআংই বোইলে পুরিআকু কহ রাজা হোইবাকু যেবে অছি স্নেহ এ সাবেলি মুঠি যেবে বঞ্চাই পারিবু তেবে সে এ রাজ্যে রাজা হোইবু। এতে বোলি হমীরে কোপ কলে। কবাট ফেড়ি যে পুরুষোত্তম দেব অনাইলে।

পুরিআ অনাউছি বোলি হমীরে বোইলে। কোপেণ সাবেলি মাইলে। তাহা জানি পুরুষোত্তম দেবে সম্ভালিলে। হমীরে বোইলে সাবেলি গলা ভলি বোলি বোইলে। পুরিআ রাখিলে বনমালী।[৩] এতে দেখি সে বিস্মএ করি মতি পশ্চিম দিগকু বাহর হোইয়ন্তে গোবিন্দ হরিচন্দনে যে হমীরঙ্ক বোলে থিলে তাহাঙ্ক পুরুষোত্তম দেব মরাই পকাইলে। তহুং এ রাজা হোইলে।

শ্রীপুরুষোত্তম দেউলে এরাজ্যাঙ্ক···অঙ্কে ভোগ-মেণ্ডোঅ তোলাইলে। ···অঙ্কে মঝি কুরুম বেঢ়া গঢ়াইলে।···অঙ্কে এ রাজা কাঞ্চী-কাবেরি

---

১ এই বাক্যে একটি পুরানো (?) ছড়া আছে,

রথি ন পারিব শঙ্খে পুরাই।
চক্রে উহাড়িলে মারিবু গোসাই॥

২ ফেড়।

৩ এখানেও একটি পুরানো (?) ছড়া আছে,

হমীরে সাবেলি গলা ভলি।
পুরিআ রখিলে বনমালী॥

মাইলে। কাঞ্চী-সাসনরু সত্যবাদী গোপীনাথঙ্কু আণি নগর চৌদ্বার নবরে বসাইলে।

সেহি দিহু সত্যবাদী ঠাকুরঙ্কঠারে সম্ভুড়ি ভোগ হোইলা। সত্যবাদী ঠাকুরঙ্ক চৌদ্বার নব্বর আগে বিজে করাইলে। এ উত্তারু সে পদ্মিনী কন্যাকু রাজ-বিভা হেবাকু রাজা স্বীকার ন কলে। বহুত লোকে রাজাঙ্কু প্রবোধ করি সে কন্যাকে বিভা হেলে।

অনুবাদ।—'অতঃ (কপিলেন্দ্র দেবের মৃত্যুর) পর ইহার পুত্র পুরুষোত্তম দেব রাজা হইল। কৃষ্ণা নদীর কূলে সে রাজা হইল। আসিয়া শ্রীজগন্নাথ-মহাপ্রভুকে দর্শন করিল। কটক রাজধানীতে গিয়া হাজির হইল। দূত গিয়া হামীরকে (অর্থাৎ জ্যেষ্ঠ রাজপুত্রকে)[১] বার্তা কহিল। তাহা শুনিয়া হামীর[১] আসিল। বলিল, আমরা থাকিতে পুরিয়া রাজা হইল! বৈশাখ মাসের শুক্ল নবমীর দিনে হামীর জগন্নাথ-মন্দিরে প্রবেশ করিল। (দেব) দর্শন করিয়া প্রতিজ্ঞা করিল, পুরিয়াকে আর তুমি রাখিতে পারিবে না, প্রভু! (তোমার) শঙ্খে পুরিয়া রাখিলে (অথবা) চক্রে আড়াল করিলেও অবশ্য মারিব, এই বলিয়া হামীর[১] কটকে গেল। পুরুষোত্তমদেবের কাছে খবর গেল। সে কপাট বন্ধ করিয়া রাজপুরীর মধ্যে রহিল। সিংহদ্বার চাপিয়া হামীর রহিল। কপাট খুলিয়া দিবার জন্য সে জোরে হাঁক দিল,—জীবনে যদি আশা থাকে তবে সিংহদ্বার খোলো। প্রতীহারী বলিল—ঠাকুরের আজ্ঞা নাই, কেমন করিয়া কপাট খুলিব, প্রভু! শুনিয়া রোষভরে ঘোড়া চালাইয়া (প্রাচীরে) সাবল মারিয়া বলিল,—পুরিয়াকে বল রাজা হইবার যদি বাসনা থাকে, এ সাবল-ঘাত যদি এড়াইতে পারে তবে সে (তুমি) এ রাজ্যে রাজা হইবে। এই বলিয়া হামীর তর্জনগর্জন করিল। কপাট খুলিয়া পুরুষোত্তমদেব দেখা দিল।

পুরিয়া দেখা দিয়াছে—বলিয়া হামীর চেঁচাইয়া উঠিল। কোপে সাবল ছুঁড়িল। বুঝিতে পারিয়া পুরুষোত্তমদেব সামলাইল। হামীর বলিল; সাবল ব্যর্থ হইল; বনমালী (জগন্নাথ) পুরিয়াকে রক্ষা করিলেন। ইহা দেখিয়া মনে বিস্ময় বোধ করিয়া পশ্চিমদেশে চলিয়া গেল।'[২]

১ মাদলা-পাঁজীতে অন্যত্র বহুবচন আছে—"হমীরমানঙ্কু", "হমীরমানে"।

২ অন্যত্র আছে—"এতে বোলি যে যাহা রাজামানঙ্কু বাহার হোই গলে।"

গোবিন্দ হরিচন্দন যে হামীরদের আজ্ঞাকারী ছিল তাহাকে পুরুষোত্তমদেব মারিয়া ফেলিল। তখন এ রাজা হইল।[১]

জগন্নাথ-মন্দিরে (রাজা)···রাজ্যাঙ্কে ভোগমণ্ডপ নির্মাণ করাইল। ···রাজ্যাঙ্কে মাঝে কূর্মবেঢ়া গড়াইল।···অঙ্কে রাজা কাঞ্চীকাবেরী জয় করিল। কাঞ্চী-প্রদেশ হইতে সত্যবাদী গোপীনাথকে আনিয়া চৌদ্বার নগরে বসাইল।···

সেই দিন হইতে সত্যবাদী ঠাকুরের সকড়ি ভোগ হইল। সত্যবাদী ঠাকুরকে চৌদ্বার নগরের সামনে প্রতিষ্ঠিত করিল। ইহার পরে সে পদ্মিনী কন্যাকে রাজমহিষীরূপে বিবাহ করিতে রাজা স্বীকার করিল না। অনেক লোক রাজাকে অনুরোধ করিলে (তবে রাজা) সে কন্যাকে বিবাহ করিল।[১]

মাদলা-পাঞ্জীর অন্যত্র[১] পুরুষোত্তম দেবের রাজ্যপ্রাপ্তির পরবর্তী যে বিবরণ আছে তাহা অনেকটা পুরুষোত্তমদাসের কাব্যকাহিনীর সঙ্গে মিলে। এই অংশ উদ্ধৃত করিতেছি। এখানে রাজার কৃতিত্বের প্রধান অংশ জগন্নাথের সেবকদের ভাগে পড়িতেছে।

> রাজা তাঙ্ক হস্তরে পিঠা দেখি বহুত কোপ কলে। এ দাস মুদুলিকি ধরাই রখিলে। তহিঁ আর দিন আউ সুআর হাতে ভোগ করাইলে। এ দিন রাত্র মহাপ্রভুঙ্কর আংগ্যা হোইলা। তু মোহর মহাসুআরকু ধরাইলু। আম্ভে সে পোড়পিঠা ন খাইলাকু মনবোধ নহিলা। রাজা স্বপন চেতি এ দাস মুদুলিকু অনাই বহুত গৌরব করি মহাসুআর শাঢ়ী দেই রাজ-আজ্ঞা দেলে যউ রূপে পোড়পিঠা করুথিলে সে রূপে করিব।···
>
> দশ অঙ্করে রাজা শুনিলে কাঞ্চীনগরে পদ্মিনী···তহিঁকি রাজা মধ্যস্থ পঠিআই···ন কলা। রাজা শুনি কোপ করি তুম্ভে আস্তপাই থরে শ্রীছামুরে জণাইব। সেহিদিন রাত্ররে মহাসুআর বহুত কাকুস্ত হোই মহাপ্রভুঙ্ক শ্রীছামুরে জণাইলে। প্রভুঙ্কর সেহি রাত্রে আজ্ঞা হোইলা। সে ত ন মরিব। আম্ভে বিজে কলে সে গড় মরিব। আম্ভে কলা বারু ধলা বারু চঢ়ি আগে বিজে কলু।

---

১ অতঃপর অন্যত্র—"শ্রীজগন্নাথ মহাপ্রভুঙ্কু দরশন কলে।"

তু জাই রাজাঙ্কু কহ। আম্ভ দক্ষিণ পাচেরি কোণরে দুর্গামাধব মূর্ত্তি দরশন করি আম্ভ পছে যিবু। এহিরূপে মহাসুআর কহিলে। পাত্রমানে বহুত ভঙ্গাই রাজাঙ্কু কহিলে। সে তাহা [ন] মানি দক্ষিণ কোণে দুর্গামাধব মূর্ত্তিঙ্কি দরশন করি বিজে করি গলে। কিছুদূর গলা উত্তারু মনে বিচারিলে মহাপ্রভুঙ্কর কিছি সঙ্কেত ন পাইলি। এহা প্রভু জাণি গউড়ুণী ঠারু বহুমুদি দেই গলে। সে মুদি রাজা পাই বহুত কাকুস্ত হোই মথারে লগাইলে।...

আউ জেতে আশ্চর্যপদার্থ ধন বহুত অণিলে। এমান আণিলাকু সে মুলক রাজা নম্বর ঘেনি গোড়াইলা। পাত্রে জনাইলে এ রাজা নম্বর ঘেনি পছে গোড়াইঅছি। তহিঙ্কি ব্রাহ্মণ কহিলে আপনে বিজে কর। মুঞি এঠারু জপকরি গোদাবরী বঢ়াইবি সে রাজা ফেরি যিব। সেহিরূপে সেঠারে রহি কর্ম করি গোদাবরী বঢ়াইলে। এহা দেখি সে রাজা ফেরি গলা। এহা দেখি রাজা আনন্দ হোই এহাঙ্কু গোদাবরী-মহাপাত্র বোলি পদ দেলে। রাজা বহুত তুষ্ট হোই মনে কলে মহাপ্রভু আগে গলে কি পছে রহিলে। এ মহাপ্রভু জানি দেউল পাচেরি কণে গুড়িয়া ঘর থিলা তাহাকু ডাকি পণা পিই গলে। তাহা শুনি রাজা গুড়িআকু ব্রাহ্মণমানঙ্কু কহি পণি স্পরশ কলে। সেঠারু রাজা মহাপ্রভুঙ্কু দর্শন করি শ্রীনঅরকু বিজে করি গলে। সত্যবাদী ঠাকুরঙ্কু ভোগ মণ্ডোঅরে বিজে করাইলে। সখুড়ি ভোগ করিবাপাই মনে কলে। সে দিন সত্যবাদীঙ্কর রাজাঙ্কু আগ্যাং হোইলা। এ ত দারুব্রহ্ম আম্ভে শিলাব্রহ্ম। এহাঙ্ক নিবাস আম্ভর প্রবাস। আম্ভেত আম্ভস্থানকু যিবু। যেতেদিন থিবু সেতে দিহ্ন তু যেউঠারে নঅর করিবু আম্ভঙ্কু সেহিঠারে বিজে করাইবু। সেহি দিহ্নং সত্যবাদী ঠাকুরঙ্ক ঠারে নিসঙ্খুড়ি ভোগ হোইলা। সত্যবাদী ঠাকুরঙ্কু চউদ্বার নঅর আগে বিজে করাইলে।

এ উত্তারু সে পদ্মিনী কন্যাকু রাজা-বিভা হেবাকু রাজা স্বীকার ন কলে। বহুত লোকে রাজাঙ্কু প্রবোধ করি সে কন্যাকু বিভা করাইলে।........[1] এ ত আম্ভর পার্বতী। আম্ভে বিজে করিথিলু।

---

১ কটকরাজবংশাবলীতে (Orissa Historical Research Journal প্রথম খণ্ডে জি রামদাসের প্রবন্ধে উদ্ধৃত) মাদলা পাঁজীর এই অমুদ্রিত অংশের সমর্থন পাওয়া যায়।

এহা গর্ভে যেউ পুত্র হেব সে পৃথিবীরে রাজা হেব। এহা রাজা শুনি সে কন্যাকু বহুত কাকুস্ত হোইলে। প্রমোদ করি রখিলে। এ কন্যা গর্ভ হোই অছি। শ্রীনঅরক্ক শুনিলে। এ উত্তারু গর্ভরু পুত্র জন্ম হোইলা। সে পুত্রকু প্রতাপ জেনামণি পদ দেলে। সেঠারু শ্রীপুরুষোত্তম বিজে কলে। বহুত পণ্ডিতমানঙ্কু সম্পাদিলে বেদশাস্ত্রমানঙ্করে পণ্ডিত হেলে। এ রাজা আভাউত্ত হেলে।

অনুবাদ।—'রাজা তাঁহার হাতে পিঠা দেখিয়া কোপ করিলেন। দাশো ময়রাকে ধরিয়া রাখিলেন। তাহার পর আর দিন অন্য সূপকারের দ্বারা ভোগ রাঁধাইয়াছিলেন। সেদিন রাত্রে মহাপ্রভুর আদেশ হইল,—'তুই আমার মহাসূপকারকে ধরিলি। আমি সে পোড়া পিঠা খাইতে পাই নাই বলিয়া মনে সুখ নাই।' রাজা স্বপ্ন হইতে জাগিয়া উঠিয়া দাশো ময়রাকে আনাইয়া খুব গৌরব করিলেন এবং মহাসূপকার পদ দিয়া রাজ-আজ্ঞা দিলেন—'যেরূপে পোড়া পিঠা করিতেছিলে সেইরূপে করিবে।'

দশ রাজ্যাঙ্কে রাজা শুনিলেন কাঞ্চীনগরে পদ্মিনী (রাজকন্যা বিবাহ যোগ্যা। সে কন্যার পাণিপ্রার্থী হইয়া) রাজা ঘটক পাঠাইলেন (কিন্তু কাঞ্চী-রাজা মত) করিল না। শুনিয়া রাজা ক্রুদ্ধ হইয়া বলিলেন, তোমরা আমার হইয়া প্রভুর সম্মুখে নিবেদন করিও। সেইদিন রাত্রে

আর বোঝা যায় যে রাজা প্রতিজ্ঞা অনুসারে পদ্মাবতীকে দেব-মন্দিরে ভেট দিয়াছিলেন এবং তাঁহাকে পত্নী রূপে গ্রহণ করিলেও শাস্ত্রমতে বিবাহ করিয়া পট্টমহিষীর পদ প্রথমে দেন নাই। সেই জন্যই প্রতাপরুদ্রকে দেবাংশ-জাত বলা হইয়াছে। কটকরাজবংশাবলী হইতে আলোচ্য অংশ উদ্ধৃত করিতেছি। পাঠ শুদ্ধ করিয়া দিলাম।

"অনন্তরং রাজ্ঞা পদ্মিনী-কন্যা-বিবাহবিষয়ে নাঙ্গীকৃতম্। বহুজনপ্রার্থনয়া কটকরাজধান্যাং সা পরিণীতা। কতি দিনান্তরং ঋতুস্নানবিষয়ে রাত্রৌ গমনসময়ে তদীয়া ধাত্র্যোক্তম্। ইদানীমাগতং স্থিতং পুনরাগমাতে কিম্ ইতি। তচ্ছ্রুত্বা রাজ্ঞো মনসি বিস্ময়ো জাতঃ। কিমিদমিতি বিচার্য্য পরাবৃত্য গতম্। তস্যাং রাত্রৌ ধবলেশ্বর-নামধেয়-ঈশ্বরাজ্ঞা জাতা। এতৎকন্যাং মদীয়ং গমনং জাতম্। অস্যাং গর্ভে পুত্রো ভবিষ্যতি। স তু মহারাজো ভবিষ্যতি ইতি। তচ্ছ্রুত্বাতিহৃষ্ট-রাজ্ঞা তেন প্রত্যয়েন সা কন্যা নগরমধ্যে স্থাপিতা। অনন্তরং কতি পুত্রোৎপন্নঃ। তস্য জাতকার্য্যাদিকং কৃত্বা প্রতাপ-জেনামণি ইতি পদং দত্বা স্থাপিতঃ।"

মহাহ্নপকার কাকুতি করিয়া মহাপ্রভুকে জানাইল। সেইরাত্রে প্রভুর আজ্ঞা হইল,—'সে পরাজিত হইবে না, আমরা গমন করিলে সে গড় ধ্বংস হইবে। আমরা কালো ঘোড়া ধলো ঘোড়া চলিয়া যাত্রা করিলাম। তুই গিয়া রাজাকে বল্। আমাদের দক্ষিণ প্রাচীরের কোণে দুর্গামাধব মূর্তি করিয়া সে আমাদের পিছনে আসিবে।' এ কথা মহাহ্নপকার রাজাকে কহিল। অমাত্যেরা ভাংচি দিয়া রাজাকে অনেক বলিল। তাহা (প্রভু আজ্ঞা) মানিয়া রাজা দক্ষিণ (প্রাচীর) কোণে দুর্গামাধব দর্শন করিয়া যাত্রা করিলেন। কিছু দূর গেলে পর মনে বিচার করিলেন, মহাপ্রভুর কিছু সঙ্কেত পাইলাম না। ইহা জানিয়া প্রভু গোয়ালিনীর কাছে শ্রীবৎসমুদ্রিকা দিয়া গেলেন। সে মুদ্রিকা পাইয়া রাজা বহু কাকুতি করিয়া মাথায় লাগাইলেন।

(দেবতার অনুগ্রহে লুট করিয়া রাজা) অনেক ধন ও আশ্চর্য পদার্থ আনিলেন। এসব লইয়া ফিরিবার সময়ে সে মুলুকের রাজা সৈন্য-সামন্ত লইয়া পশ্চাদ্ধাবন করিল। অমাত্য জানাইল, এখানকার রাজা লস্কর লইয়া পিছু পিছু আসিতেছে। তাঁহাকে ব্রাহ্মণ কহিল, 'আপনি চলিয়া যান। আমি এখানে থাকিয়া জপ করিয়া গোদাবরীর জল বাড়াইব। সে রাজা ফিরিয়া যাইবে।' সেইরূপে সেখানে রহিয়া (ব্রাহ্মণ) ক্রিয়াকর্ম করিয়া গোদাবরীতে বান ডাকাইল। ইহা দেখিয়া সে রাজা ফিরিয়া গেল। ইহা দেখিয়া (গজপতি) রাজা আনন্দিত হইয়া তাহাকে গোদাবরী-মহাপাত্র বলিয়া পদ দিলেন। রাজা খুব খুশি হইয়া মনে ভাবিলেন, মহাপ্রভু আগে গেলেন না পিছনে রহিলেন। ইহা জানিয়া মহাপ্রভু দেউল প্রাচীরের কোণে ময়রা-ঘর ছিল তাহাকে ডাকিয়া পানা পিয়া গেলেন। তাহা শুনিয়া রাজা ব্রাহ্মণদের বলিয়া গুড়িয়াকে জলচল করাইলেন। তাহার পর রাজা মহাপ্রভুকে দর্শন করিয়া রাজধানীতে গমন করিলেন। সত্যবাদী ঠাকুরকে ভোগমণ্ডপে রাখাইলেন। সকড়িভোগ দিবার ইচ্ছা করিলেন। সেদিন সত্যবাদী রাজাকে আজ্ঞা দিলেন,—'ইনি তো দারুব্রহ্ম, আমি শিলাব্রহ্ম। (এখানে) ইহার নিবাস, আমার প্রবাস। আমি তো আমার স্থানে যাইব। যতদিন থাকিব ততদিন তুই যে স্থানে রাজধানী করিবি আমাকে সেই স্থানে রাখাইবি।' সেই দিন হইতে সত্যবাদী ঠাকুরকে নিসকড়ি ভোগ

দেওয়া হইল। সত্যবাদী ঠাকুরকে (রাজা) চৌদ্বার নগরের মুখে স্থাপিত করিলেন।

অতঃপর সে পদ্মিনী কন্যাকে রাজমহিষী রূপে বিবাহ করিতে রাজা স্বীকার করিলেন না। অনেক লোক রাজাকে বুঝাইয়া রাজাকে সে কন্যা বিবাহ করাইল। (দেবতা রাজকন্যাকে পত্নীরূপে গ্রহণ করিয়াছিলেন, এবং তাহার ফলে রাজকন্যা গর্ভিণী হইয়াছিলেন। রাজার সন্দেহ নিরসনার্থ দৈববাণী হইল।) 'এ তো আমার পার্বতী। আমি গমন করিয়াছিলাম। ইহার গর্ভ হইতে যে পুত্র হইবে সে পৃথিবীতে রাজা হইবে।' ইহা শুনিয়া রাজা সে কন্যাকে অনেক কাকুতি করিলেন। আমোদপ্রমোদে রহিলেন। 'এ কন্যার গর্ভ হইয়াছে।'—রাজধানী হইতে (খবর) শোনা গেল। ইহার পর গর্ভ হইতে পুত্র জন্ম হইল। সে পুত্রকে প্রতাপ-জেনামণি পদ দিলেন। সে স্থান হইতে (রাজা) পুরীতে গমন করিলেন। অনেক অনেক পণ্ডিতকে সংবর্ধিত করিলেন, (নিজে) বেদ ও শাস্ত্রসমূহে পণ্ডিত হইলেন। (পরে) রাজা তিরোধান করিলেন।'

বিজয়নগরের রাজাকে পরাস্ত করিয়া পুরুষোত্তম দেব অনেক দ্রব্য পাইয়াছিলেন। রাজকন্যাও সম্ভবত সেই সূত্রে পাওয়া। বহু গোরু-মহিষ আনিয়া তিনি জগন্নাথ-মন্দিরে দান করিয়াছিলেন। সেই হইতে জগন্নাথের ভোগে গব্য ও মহিষ ঘৃতের প্রচলন।[১] তাহার পূর্বে নারিকেল তৈল ব্যবহৃত হইত। পুরুষোত্তম দেব বিজয়নগর হইতে সাক্ষীগোপাল মূর্তি আনিয়াছিলেন এবং বিজয়নগরের রাজসিংহাসন আনিয়া জগন্নাথ-মন্দিরে দিয়াছিলেন। এ বিষয়ে চৈতন্যচরিতামৃতে প্রামাণিক উক্তি আছে।[২]

> এইমত বিদ্যানগরে সাক্ষি-গোপাল
> সেবা অঙ্গীকার করি আছেন চিরকাল।
> উৎকলের রাজা শ্রীপুরুষোত্তম নাম
> সেই দেশ জিনি নৈল করিয়া সংগ্রাম।
> সেই রাজা জিনি নিল তাঁর সিংহাসন
> 'মাণিক্য-সিংহাসন' নাম অনেক রতন।

---

১ পুরুষোত্তমদাস ৮৯১। ২ মধ্যলীলা পঞ্চম পরিচ্ছেদ।

পুরুষোত্তম দেব সেই বড় ভক্তবর্য্য
গোপাল-চরণে মাগে চল মোর রাজ্য।
তাঁর ভক্তিবশে গোপাল তাঁরে আজ্ঞা দিল
গোপাল লইয়া সেই কটকে আইল।
জগন্নাথে আনি দিল মাণিক্য-সিংহাসন
কটকে গোপাল-সেবা করিল স্থাপন।
তাঁহার মহিষী আইলা গোপাল-দর্শনে
ভক্ত্যে বহু অলঙ্কার কৈল সমর্পণে।
তাঁহার নাসাতে বহুমূল্য মুক্তা হয়
তাহা দিতে ইচ্ছা হৈল মনেতে চিন্তয়।
ঠাকুরের নাসাতে যদি ছিদ্র থাকিত
তবে এই দাসী মুক্তা নাসাতে পরাইত।
এত চিন্তি নমস্করি গেলা স্বভবনে
রাত্রিশেষে গোপাল তাঁরে কহেন স্বপনে।
বালককালে মাতা মোর নাসা ছিদ্র করি
মুক্তা পরাইয়াছিল বহু যত্ন করি।
সেই ছিদ্র অদ্যাপিহ আছয়ে নাসাতে
মুক্তা পরাহ সেই যাহা চাহিয়াছ দিতে।
স্বপ্ন দেখি সেই রানী রাজাকে কহিল
রাজা সহ মুক্তা লৈয়া মন্দিরে আইল।
পরাইল মুক্তা নাসায় ছিদ্র দেখিয়া
মহামহোৎসব কৈল আনন্দিত হৈয়া।
সেই হৈতে গোপালের কটকেতে স্থিতি
এই লাগি সাক্ষিগোপাল নাম হৈল খ্যাতি॥

পিতা কপিলেন্দ্র দেবের মত পুরুষোত্তম দেবও বিষ্ণুভক্ত ছিলেন যদিও তাঁহাদের কুলদেবতা দুর্গা এবং রাজ্যাধিদেবতা জগন্নাথ। পুরুষোত্তম দেবের একটি ভূমিদান পত্রের শীর্ষে আছে "শ্রীজয়দুর্গা" আর শেষে আছে "শ্রীমদনগোপালঃ শরণং মম"।[১]

---

১ বালেশ্বর জেলায় গড়পদায় প্রাপ্ত কুঠারফলাকৃতি তাম্রপট্টানুশাসন।

২

ওড়িয়ায় কাঞ্চী-কাবেরী কাব্য কখন লেখা হইয়াছিল জানা নাই। আমাদের অনুমান কবি পুরুষোত্তমদাস সপ্তদশ শতাব্দের লোক। তাহার কিছু আগে হইতেও বাধা নাই। তবে রাউতরূপে গোয়ালিনীকে দেবতার অনুগ্রহ এবং রথাগ্রে ছড়াঝাঁট দেওয়ার কালে রাজার হস্তে রাজকন্যাকে সমর্পণ—এমন স্নিগ্ধ সরস ভক্তিপূর্ণ কাহিনী শ্রীচৈতন্যের সময়ে প্রচলিত থাকিলে আর কোথাও না থাকুক চৈতন্যচরিতামৃতে অবশ্যই থাকিত বলিয়া মনে হয়। সত্যবাদী গোপালের কাহিনী তো রহিয়াছে। মানিকা গোয়ালিনীর কাহিনী যে পুরুষোত্তমদাসের কল্পিত এমন কথা বলি না। এ কাহিনী অর্বাচীনও নয়। তাহার প্রমাণ পুরীতে জগন্নাথের মন্দিরে এবং উড়িষ্যায় অন্য কোন কোন পুরানো মন্দিরে গোয়ালিনীর কাছে ভাঁড় লইয়া দধিদুগ্ধ সেবনের দৃশ্য উৎকীর্ণ অথবা চিত্রাঙ্কিত আছে। এ সব চিত্র অন্ততপক্ষে পুরুষোত্তম দেব গজপতির সমসাময়িক। তবে এ কাহিনীতে তখনো কোন অধ্যাত্ম-মূল্য অথবা উজ্জ্বল-ভক্তিরসায়ন চড়ে নাই। পুরুষোত্তমদাস যে এই অভিনব জগন্নাথ-বিজয় কাব্যের আদি কবি তাহা তাঁহার শেষ উক্তি হইতেও অনুমান করা যায়।

বথানু থাই মুঁ যাহা তাহা করি।

অর্থাৎ আমি তেমন করিয়া বর্ণনা করিয়াছি।

কবির নাম, পুরুষোত্তম দাস, ছাপা বইতে ও পুঁথিতে বিভিন্ন রূপে পাইয়াছি—প্রুষোত্তম দাস, পুরত্তম দাস, পুর্ত্তম দাস, পুরিষোত্তম দাস ইত্যাদি। কাব্যের শেষে যৎকিঞ্চিৎ আত্মপরিচয় আছে। তাহা হইতে জানি যে তাঁহার পিতামহের (বা মাতামহের) নাম বরুণ দাস, গুরুর নাম ভগীরথ। (পিতার নাম অনুল্লিখিত হওয়ার হেতু বোধহয় কবি অতি শৈশবেই পিতৃহীন হইয়াছিলেন।) জাতির উল্লেখ নাই। ইনিই যদি গঙ্গামাহাত্ম্য-রচয়িতা পুরুষোত্তম দাস হন তবে জাতিতে গোয়ালা। (মানিকা-কাহিনীর বীজ কি কবি এই সূত্রেই পাইয়াছিলেন ?) পুরুষোত্তম জগন্নাথের ভৃত্য ছিলেন। তাঁহার কাজ ছিল শ্রীমন্দির-ভাণ্ডারের হিসাবপত্র রাখা ও চিঠা দলিল ইত্যাদি লেখা। কবি বলিয়াছেন জগন্নাথ-মহাপ্রভুকে ভক্তিনিবেদন প্রসঙ্গে

তাঙ্ক কোঠভণ্ডারে চিহরাচোপ দেই
পুরুষোত্তম চাকরী খটিঅছি তহি।

যেকালে পুরুষোত্তম কাব্য রচনা করিয়াছিলেন সেকালে ভদ্র কাব্য মাত্রেই অল্পবিস্তর ভক্তিরসময়। পুরুষোত্তমের কাব্যের নায়ক পুরুষোত্তম গজপতি কিন্তু অধিনায়ক জগন্নাথ মহাপ্রভু। জগন্নাথের ভক্তসেবক প্রভুর মাহাত্ম্যবর্ণনাকে মুখ্যস্থান দিয়াছেন এবং তাহা খুব স্বাভাবিকই হইয়াছে। পদ্মাবতীকে পুরুষোত্তমের হাতে সমর্পণ ঘটনাটি বেশ নাটকোচিত। মনে হয় এখানে চৈতন্য মহাপ্রভুর সহিত প্রতাপরুদ্র গজপতির মিলন-ব্যাপারের প্রতিফলন আছে। রাজা ভক্তিমান্ তবুও শ্রীচৈতন্য রাজসম্ভাষণ করিবেন না যেহেতু তিনি সন্ন্যাসী। কিন্তু যখন রাজা দীন-বেশ ধারণ করিয়া রথাগ্রে ছড়াঝাঁট দিতেছিলেন তখন ভাবাবিষ্ট শ্রীচৈতন্য তাঁহাকে সহজেই কোল দিয়াছিলেন।[১]

পুরুষোত্তমের কাব্যে তাঁহার ভক্ত-হৃদয়ের প্রকাশ অনাবিল, এবং যেখানে তিনি ভক্তি-উচ্ছ্বসিত হইয়াছেন সেইখানেই তাঁহার রচনা হৃদয়গ্রাহী হইয়াছে। কিছু উদাহরণ দিই।

শ্রীজগন্নাথ প্রভুঙ্ক যেতে যেতে লীলা
করন্তি যে দারুব্রহ্মে নিজরূপে খেলা।
যে যেমন ভাবুছন্তি সে তেমন্তে পান্তি।
বচন না কহ প্রভু সকল করন্তি।
ন চলই শ্রীভুজ যে স্থির হোই থাই
দুষ্টঙ্কর প্রাণ নেউ অছন্তি উঙ্কাই।
ঠাররু ন চলন্তি যে ছন্তি সর্বঠারে
শ্রবণ নাহি যে সবু শুনন্তি কতিরে।
খোজিলে ন মিলন্তি যে নিকটরে থাই
বহুতরে ন মিলই অলপে মিলই ॥ ১৩৪-১৩৮ ॥

অর্থাৎ—শ্রীজগন্নাথ প্রভুর যত যত লীলা সবই তিনি, দারুব্রহ্ম, নিজরূপে খেলা করিতেছেন। যাহারা তাঁহাকে যেমনভাবে ভাবিতেছে তেমনভাবে পাইতেছে। প্রভু কথা কহেন না কিন্তু সকলি করাইতেছেন।

---

১ চৈতন্যচরিতামৃত মধ্য খণ্ড দ্রষ্টব্য।

তাঁহার শ্রীহস্ত নড়ে না, স্থির হইয়া আছে। সে যেন দুষ্টদের বধের জন্য উচাইয়া আছেন। প্রভু সিংহাসন হইতে নড়েন না, অথচ সর্বস্থানে আছেন। তাঁহার শ্রবণ নাই, কিন্তু সর্বত্র সব শুনিতেছেন। খুঁজিলেও তাঁহাকে মিলে না, তবুও নিকটে আছেন। অনেক প্রযত্নেও তিনি লভ্য নহেন, অথচ অল্পেই তাঁহাকে পাওয়া যায়।

বরতন গণ্ডাক যে জাচি দেউথান্তি
যে যেতেক ভলি অবা চাকরি করন্তি।
উদাররে সেবা করি ন মাগিলে কিছি
ভার বহি দিঅন্তি এমন গুণ অছি।
তেন আউ সামন্তঙ্কু নাহিঁ মোর আশ
কালিয়া রাউতর বারুকু খটে ঘাস ॥ ৩২১-৩২৩ ॥

অর্থাৎ—যে যেমন কাজ করুক—সর্দ্দারের অথবা চাকরের—তাহাদের পাওনাগণ্ডা তিনি যাচিয়া দেন। উদারভাবে সেবা করিলে কিছু না মাগিলেও তিনি নিজে ভার বহিয়া যোগান দেন। এমন তাঁহার গুণ আছে। এমন সামন্ত (প্রভু) ছাড়া আর কাহারো আশা আমার নাই। কালো রাউতের ঘোড়ার ঘাসের জন্য যেন (চিরদিন) খাটিতে পারা যায়।

জগন্নাথঙ্কু হে মনে ন বিচার দারু
নানাদি অবতারটি এহাঙ্ক মনরু।
যে যেমন্ত ভাবুছন্তি পাউছন্তি তাহা
শরণ দেউ অছন্তি টেকি বেনি বাহা।[১]
আম্ভমানঙ্কর মধ্য সত্য ধর্ম নাহিঁ
তেহু করি বুঝন্তি মউন ভাব রহি।
সেহি বেনি রাউতঙ্কু পরিমুণ্ডা যাই
ঠাকুরপণকু ত উপমা আউ নাহিঁ।
তেহু করি মুঁ যে সর্ব আশা দূর করি
সে দুই রাউত পদে নিজ চিত্ত ধরি ॥ ৮৯৪-৮৯৮ ॥

---

১ পাঠান্তর—'টেকিণ চতুর্বাহা'। মূল 'টেকি বেণি বাহা' পাঠই গ্রহণীয়।

অর্থাৎ—হে মানব, তোমরা জগন্নাথকে কাষ্ঠমূর্তি মনে করিও না। নানাবিধ অবতার সব ইঁহারই মনোভব। যাহারা যেমনভাবে ভাবনা করে তাহারা তেমনভাবে পায়। দুই বাহু তুলিয়া ইনি অভয় দিতেছেন। আমাদের মধ্যে (এখন) সত্য ধর্ম নাই, সেই জন্য মৌনভাব বহন করিয়া (মন) বুঝিতেছেন। সেই দুই রাউতের আমি বালাই লইয়া মরি। ঐ ঠাকুরপনার আর উপমা দিতে নাই। সেই জন্য সর্ব আশা দূর করিয়া আমি সে দুই রাউতের পায়ে নিজ চিত্ত ধরিয়া দিয়াছি।

শ্রীজগন্নাথঙ্ক মোরে দয়া থাই যেণু
কাহাকুই ন থাই মো ভয় মনে তেণু।
সে প্রভুঠারে যে যথা করিথাই আশা
তেণিকি যে মন তার তেড়িকি ভরসা।
নানাদি অকর্ম যে কপট হিংসাবাদ
ন ঘেনি মনরে মো ভরসা পদ্মপাদ ॥ ৯০২-৯০৪ ॥

অর্থাৎ—শ্রীজগন্নাথের দয়া যেন আমার উপর থাকে, সেই হেতু আমার মনে কাহারো সম্পর্কে ভয় না থাকে। সে প্রভুর কাছে যে যেমন আশা করিয়া থাকে সেইমত তাহার মন, সেইমত তাহার ভরসা। নানাবিধ অকর্ম, কপটতা ও হিংস্রকের উক্তি মনে স্থান দিই না। আমার ভরসা সেই পাদপদ্মে।

মনে হয় কবির বিরুদ্ধবাদীর অভাব ছিল না। তাই আবার বলিয়াছেন,

তাহাঙ্কর আজ্ঞারে মো বিরোধী ন ডরি ॥ ৯১১ ক ॥

এ বিরোধ কি জগন্নাথ-মাহাত্ম্য "ভাষায়" লিখিবার জন্য ?

৩

প্রাচীন কাঞ্চী-কাবেরী কাব্যের আধুনিক রূপান্তর যিনি করিয়াছিলেন সমসাময়িক লেখকদের মধ্যে এ কাজে শুধু তাঁহারি যোগ্যতা ছিল। রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় (১২৩৪-৯৪) ঈশ্বরচন্দ্র গুপ্তের শিষ্য এবং সহযোগী ছিলেন, প্রাচীন ধারার কাব্যকলায় তাঁহার বিশেষ অধিকার ছিল।

এদিকে তিনি ছিলেন ইংরেজীনবীশ এবং বাংলা কাব্যধারাকে তিনি বিদেশী আখ্যায়িকা-কাব্যের আধারে ধরিতে সর্বাগ্রে চেষ্টা করিয়াছিলেন। সুতরাং আধুনিক রীতির কাব্যকলায় তাঁহার অধিকার ছিল। তাহার উপর ওড়িয়া ভাষা তিনি ভালো করিয়াই জানিতেন। রাজকর্মচারী রূপে তিনি বহুকাল উড়িষ্যায় কাটাইয়াছিলেন। উড়িষ্যার প্রাচীন ইতিহাসের অনেক মালমশলা তিনি সহযোগী বন্ধু রাজেন্দ্রলাল মিত্রকে সংগ্রহ করিয়া দিয়াছিলেন। সেকালে উড়িষ্যার লোক নিজেদের সাহিত্যবিষয়ে মোটেই সচেতন ছিলেন না। রঙ্গলালই প্রথম তাঁহার ওড়িয়া বন্ধুদের আন্তরিক সহযোগে কটকে উৎকল হিতসাধিনী সভা স্থাপন করিয়া এবিষয়ে প্রথম উদ্যোগ করিয়াছিলেন। রাজেন্দ্রলাল মিত্র পরিচালিত বাংলা মাসিক পত্রিকায় তিনি দীন কৃষ্ণদাস, উপেন্দ্র ভঞ্জ প্রভৃতি মুখ্য ওড়িয়া কবিদের কাব্যপরিচয় প্রকাশ করিয়াছিলেন। ইহার আগে উড়িষ্যার বাহিরে ওড়িয়া সাহিত্যের কথা কেহ কখনো বলে নাই।

সুতরাং সবদিক দিয়াই দুইটি ঘনিষ্ঠ-সম্পর্কিত সাহিত্যের মধ্যে আন্তঃপ্রাদেশিক রাখীবন্ধনের সম্পূর্ণ যোগ্যতা ও অধিকার রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের ছিল।

তাঁহার কাব্যের ভূমিকায় রঙ্গলাল কাঞ্চী-কাবেরী রচনার ইতিহাস বিবৃত করিয়াছেন। ১৮৭৭ খ্রীষ্টাব্দের পূজাবকাশের সময়ে তিনি কটকে ছিলেন, তখন তাঁহার ওড়িয়া বন্ধুদের উৎসাহে মাসখানেকের মধ্যে কাব্যটি রচনা করিয়াছিলেন। তাঁহার হাতে তখন পুরুষোত্তমের একখানি পুথি আসিয়াছিল। রঙ্গলাল লিখিয়াছেন, "গত দুর্গোৎসবের বন্ধের পূর্বে তালপত্রে লিখিত ছন্দোভঙ্গ, পাদভঙ্গ প্রভৃতি নানাদোষ-দূষিত একখানি কাঞ্চী-কাবেরী পুথি পাইয়া তাহাই সমাদর পূর্বক পাঠ করি, এবং পাঠ সমাপন পরে এই কাব্য রচনায় প্রবর্ত্ত হইয়া কতিপয় দিবসে সমাপ্ত করিলাম।" রঙ্গলাল বাল্যকালেই কাঞ্চী-কাবেরীর কাহিনী পড়িয়াছিলেন ষ্টার্লিঙের উড়িষ্যার বিবরণে। পরে তিনি ভুলিয়া গিয়াছিলেন। "এদেশে আসিবার পর দুর্গোৎসবের বন্ধ উপলক্ষে একদা শ্রীক্ষেত্রে গমন করিয়া মন্দিরের একদেশে দেখিলাম, শ্বেত এবং কৃষ্ণ তুরঙ্গারোহী সৈনিক পুরুষদ্বয়ের আকার খোদিত, পাশে এক তরুণী ক্ষীরসর লইয়া তাহাদিগকে প্রদানোন্মুখী। দেখিবামাত্র পূর্বপঠিত

আখ্যানটি মনে পড়িয়া গেল, তৎপরে কাঞ্চীকাবেরী কাব্যের অনুসন্ধান করিয়াছিলাম, কিন্তু প্রাপ্ত হই নাই। গল্পটী যে সত্য ইতিহাস তদ্বিষয়ে সন্দেহমাত্র নাই, মাদলা-পাঞ্জী নামক উৎকল দেশের রাজপুরাবৃত্তে ইহা বর্ণিত আছে। অদ্যাপি জগন্নাথ মন্দিরে কাঞ্চী হইতে আনীত গণেশমূর্ত্তি এবং মুগনী-প্রস্তরে রচিত বিবিধ বিচিত্র জালাদি অবলোকিত হয়। অপর গৃহ ভিত্তিতে মাণিকা গোপিনী এবং সিতাসিত তুরঙ্গিদ্বয়ের আকৃতি চিত্র করা উৎকলীয়দিগের এক সাধারণী রীতি। শ্রীযুত বীম্‌স্‌ সাহেব সুবর্ণরেখার তীরবর্ত্তী জঙ্গলাবৃত এক প্রাচীন দুর্গ মধ্যেও এই প্রকার অশ্বারোহী পুরুষযুগলের পাষাণ প্রতিমা প্রত্যক্ষ করিয়াছেন।"

রঙ্গলাল বলিয়াছেন, "আমার এ রচনা উক্ত উৎকল কাব্যের অনুবাদ নহে ; আখ্যানটী মাত্র গৃহীত হইয়াছে, তাহাও সমগ্র নহে। শব্দালঙ্কার, অর্থালঙ্কার, দেশবর্ণন, উৎকলদেশের পৌরাবৃত্তিক ঘটনা প্রভৃতি কোন বিষয়েই আমি উক্ত মূল কাব্যের নিকট ঋণী নহি। দুই এক স্থলে সাদৃশ্য থাকিবার সম্ভাবনা, কিন্তু এ প্রকার সাদৃশ্য অপরিহার্য্য।" এ দাবি সবটা টিকে না। মাঝে মাঝে যে রঙ্গলাল ওড়িয়া কাব্য হইতে আক্ষরিক অনুবাদ করিয়াছেন তাহা আমরা বাংলা কাব্যের টীকায় দেখাইয়া দিয়াছি।

ওড়িয়া কাব্যটিকে রঙ্গলাল স্থান কাল ভাবের উপযোগী করিয়া ঢালিয়া সাজাইয়াছেন। বাঙ্গালায় তখন যে নবীন কাব্যরীতি দেখা দিয়াছিল তাহার এক বড় অঙ্গ ছিল বর্ণনা—প্রকৃতির, ইতিহাসের, নীতি-চিন্তার, হিতোপদেশের, নায়ক-নায়িকার রোমান্টিক প্রেম-ভাবনার। রঙ্গলালের কাব্যে এ সব বস্তু স্পষ্টভাবে এবং প্রচুরভাবে বিদ্যমান। রঙ্গলাল প্রচলিত হিন্দুধর্মে বিশ্বাসী ছিলেন, সে বিশ্বাসের রং তাঁহার কাব্যে মাঝে মাঝে লাগিয়াছে। তবে তিনি ভক্তিরসাত্মক কাব্য লিখিতে বসেন নাই তাই সত্যবাদী গোপালের কাহিনী, শিখর গুড়িয়ার কাহিনী এবং জগন্নাথের মহিমাবর্ণনা বাদ দিয়াছেন এবং যেটুকু বাদ দিতে পারেন নাই সেটুকুর জন্য ভূমিকায় অ্যাপলজি করিয়াছেন। "আখ্যান মধ্যে কতকগুলি অলৌকিক ঘটনা আছে, তাহা কাব্য-শরীরের উপাদান; সাত্ত্বিক হিন্দুমাত্রেরই তত্তাবৎ বিশ্বাস-ভাজন, কিন্তু ইয়ুরোপীয়-বিজ্ঞানোজ্জ্বল-বুদ্ধি আধুনিক যুবকগণের শ্রদ্ধেয় না হইতে পারে।

তাঁহারা কহিতে পারেন, জগন্নাথ-বলরামের অশ্বারোহী সৈনিক বেশ ধারণ করিয়া উৎকলাধিপতির সহায়তা করা বাস্তবিক প্রকৃত ঘটনা নহে ; রাজা স্বীয় সৈন্যগণের সমরোৎসাহ বৃদ্ধিকরণ মানসে ভিন্নদেশ হইতে আনীত অনুচরদ্বয়ের দ্বারা এই ষড়যন্ত্র করিয়া স্বকার্য্য সাধন করিয়া থাকিবেন ; মাণিকা গোয়ালিনী এবং দাশরথি সূপকার তাঁহার মন্ত্রণার মধ্যে থাকিয়া ধূর্ত্ততার সহায়তা করিয়া থাকিবে ইত্যাদি। ফলতঃ এই উভয়বিধ বিশ্বাসের প্রতি আমার কিছুই বক্তব্য নাই।

"উপসংহার কালে বক্তব্য এই যে, সাত্ত্বিক হিন্দুমাত্রেই এই কাব্যকে জগন্নাথের মহাপ্রসাদ বলিয়া অবশ্য সাদরে গ্রহণ করিবেন। নব্য সম্প্রদায়ের প্রতি নিবেদন এই, আপনারা এই মহাপ্রসাদের মধ্যে আপনাদিগের রুচির উপযুক্ত কোন কোন পদার্থ পাইতেও পারেন।"[১]

রঙ্গলাল কাঞ্চী-কাবেরীকে ধরিয়াছিলেন "উৎকল দেশীয় বীররসাত্মক আখ্যান বিশেষ" বলিয়া। যুদ্ধ ও জয়-পরাজয়ের বর্ণনা থাকিলেও পুরুষোত্তমদাসের কাব্য বীর-রসাত্মক নয়। আর, বীররসের দিকে ঝোঁক দেখাইলেও রঙ্গলালের কাব্য বীররস হইতে আরো দূরে সরিয়া গিয়াছে। পুরুষোত্তমদাস দুই চারি ছত্রে মারামারি কাটাকাটির যে বর্ণনা দিয়াছেন তাহা রঙ্গলালের সমগ্র ষষ্ঠ সর্গের তুলনায় অনেক বেশি বাস্তব। তাহার কারণ যুদ্ধ ব্যাপারটি কিরকম তাহা পুরুষোত্তমদাসের সময়ে উড়িষ্যায় অজানা ছিল না কিন্তু রঙ্গলালের সময়ে যুদ্ধের বাস্তবচিত্র বাঙ্গালীর দূরতম স্মৃতিতেও বিলীন হইয়া গিয়াছিল ॥

শ্রীসুকুমার সেন

---

১ রঙ্গলালের ভূমিকা কটকে লেখা হইয়াছিল। তারিখ ২০ কার্ত্তিক ১৭৯৯ শকাব্দ।

KÁNCHI KÁVERI,
OR THE
CAPTIVE PRINCESS.

"————————; her smoothness,
Her very silence, and her patience,
Speak to the people, and they pity her."

Shakespeare.

কাঞ্চীকাবেরী,

উৎকল-দেশীয় বীর-রসাত্মক
আখ্যান-বিশেষ।

শ্রীযুত রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়
কর্ত্তৃক
বিবিধ ছন্দোবন্ধে বিরচিত।

কলিকাতা।

শ্রীশশীভূষণ দাসদ্বারা গণেশযন্ত্রে মুদ্রাঙ্কিত।
১২৮৬ বঙ্গাব্দ।
ইং ১৮৭৯।

রঙ্গলালের কাব্যের প্রথম সংস্করণে নামপৃষ্ঠা

ଓଁ

କାଞ୍ଚୀକାବେରୀ ।

ଶ୍ରୀ ପୁରୁଷୋତ୍ତମ ଦାସଙ୍କ ବିରଚିତ ।

ଶ୍ରୀ ଗୋବିନ୍ଦ ରଥଙ୍କ ଦ୍ୱାରା

ପ୍ରଥମବାର

ପ୍ରକାଶିତ ହେଲା ।

PRINTED BY S. RAY,

EDWARD PRESS.

CUTTACK,

1906.

ମୂଲ୍ୟ ଦୁଇପଣା ।

পুরুষোত্তমের কাব্যের মুদ্রিত সংস্করণে নামপৃষ্ঠা

পুরুষোত্তমদাস

কাঞ্চী-কাবেরী

(ওড়িয়া)

জয় জয় জগন্নাথ দেবঙ্কর রাজা।
জগন্নাথ বিহু মোর আণে নাহি পূজা ॥ ১ ॥
নীলসুন্দর পর্ব্বত উপরে কটক।
শঙ্খনাভিমণ্ডলে থটন্তি সর্ব্বলোক ॥
পক্ষিরাজ গরুড় ছামুরে কর যোড়ি।
তীর্থরাজ বারানিধি মারুছি লহরি ॥
বটঙ্কর রাজা বটে কল্পবট বৃক্ষ।
নীলগিরিকি আবরি রহিছি প্রত্যক্ষ ॥
ক্ষেত্রঙ্কর রাজা এহি নাম শঙ্খনাভি।
দেবরাজ ইন্দ্র সে চরণে থাই সেবি ॥ ৫ ॥
কোটি কোটি বৈকুণ্ঠ নানাদি অবতার।
যেহু জগন্নাথঙ্কর মনরু বাহার ॥
আউ যেতে বৈকুণ্ঠনাথঙ্ক মহিমা।
শ্রবণকু আনন্দ অমৃতগুণসীমা ॥
দক্ষিণকু কটকাই কাঞ্চী শাসনকু।
রাউতরূপে বিজয়ে রক্ষার ছলকু ॥
আবরি বিশেষে সেহু ভণ্ড গণপতি।
সেবাকু ন আসি সে গরব করিথান্তি ॥
গর্ব্ব সে যে তাহাঙ্কর গঞ্জিবারে পাই।
দিব্যচিত্তে বিচারিলে ত্রৈলোক্য-গোসাঁই ॥ ১০ ॥
যেঁউরূপে বিজয়ে কলেক তহিঁ পাই।
দিব্য অবতার সে রাউত বেনি ভাই ॥
এহি জগন্নাথঙ্কর মহিমা গহন।
যেঁউভাবে বিজে কলে কহিবা কহন ॥

এথু অনন্তরে যে শুণিমা দিব্যরীতি।
কপিলেন্দ্র-দেব সে ওড়িশা-গজপতি ॥

মহাপরতাপী সে যে বলিষ্ঠ রাজন।
ভাগ্যবলে তাহাঙ্কর বহুত নন্দন॥
কাহার বলি-হমিরি নাম অটে অবা।
কলি-হামিরি যে নাম কাহার কহিবা॥ ১৫॥
কেবা বলিয়ার ঘা যাহারি নাম কহ।
মহা-হমিরি নাম কোণ পুত্রেকহ॥
এরূপে সাতপুত্র রাজার জন্ম হোই।
একে একে বলিয়ার সামান্ত কে নোহি॥
কুলতুট পুত্র একা পুরুষোত্তম-রায়ে।
সেবা করিথান্তি সে নৃপতিঙ্কর পায়ে॥
কপিলইন্দ্র দেব যে পুত্রে অনাইণ।
অন্তরতরে জণাউথান্তি শ্রীচরণ॥
একে একে পুত্রেক হোইলে মহাবলী।
কাহাকু প্রাপত হেব এ ওড়িশাশিরী॥ ২০॥
আম্ভ আয়ত্তরে কার্য্য নোহিব ত কিছি।
যুদ্ধ করি মরিবে অবধি এতে অছি॥
পুণি সেহি নৃপবর বিচারিল মন।
শ্রীজগন্নাথে অটন্তি ওড়িশা-রাজন॥
যাকু কৃপা করিবে সে হোইব রাজন।
আন ছার কিএ পুণি হোইব ভাজন॥

কাহা কলে রাজা তা জাণিবা পাই চিত্তে।
এহি জগন্নাথে আজ্ঞা কলে সেহি রাত্রে॥
আহো রাজা সন্ধ্যাধূপ অবকাশ বেলে।
দর্শনকু আস্থ বাইশিপাবচ্ছ তলে॥ ২৫॥
যে টেকিব গম্বাকানি তোর পছে থাই।
তাহাকু যে রাজপণ দেবি নিশ্চে মুহিঁ॥
আজ্ঞা পাই রাজা যে বিচার কলা মনে।
সেহি রাত্র পাহিলা পুণিহিঁ আর দিনে॥

লাগিলা যে সন্ধ্যাধূপ দর্শন পাইকি ।
কপিলইন্দ্র দেব যে বাহার তহিঁ কি ॥
অনেক সৈন্য সঙ্গরে রাজ-বিজে বিধি ।
পুত্রমানে চলন্তি যে গহণে প্রসিদ্ধি ॥
প্রভুঙ্ক আজ্ঞা ঘেনিণ মনে চিহ্নি রস ।
কহুঁ কহুঁ বাইশিপাবচ্ছে পরবেশ ॥ ৩০ ॥
তাহাঙ্ক বিজে বেলে পুরুষোত্তম-রায়ে ।
রাজাঙ্ক সঙ্গরে থাই দিহুড়ি দেখাএ ॥
সপ্তপাবচ্ছকু রায়ে টেকন্তেণ পাদে ।
লুগা লাগি রাজাঙ্কর ছন্দি হেলা হাদে ॥
পুরুষোত্তম-রায়ে যে থিলে পাশে পাশে ।
বস্ত্রকানি টেকিণ সে দেলেক হরষে ॥
কপিলইন্দ্র-দেব তা জাণি দেলে চাহিঁ ।
শ্রীমুখর আজ্ঞা রাজা মনরে চিতোই ॥
পুরুষোত্তম-রায়ে যে টেকিছন্ত ফের ।
পুত্রমানে অলগা চালন্তি যে যাহার ॥ ৩৫ ॥

দেখি করি রাজা মনে ন স্ফুরই কিছি ।
বোইলে রে পুত্র তোতে রাজযোগ অছি ॥
স্বর্য্যঠাকু বলিলা যে তারার কিরণ ।
এড়ে এড়ে পুত্র থাউ তোর রাজপণ ॥
পুণি বোইলেক আন কে করিব এহা ।
যাহাঠারে দয়া কলে প্রভু জগন্নাহা ॥
সকল পুত্র অমাত্য অছন্তি সঙ্গরে ।
রাজার বচন সর্ব্বে শুণি শ্রবণরে ॥
এককু আরেক চাহিঁ ঠরাঠরি হোই ।
দর্শন সারিণ যে প্রবেশ হেলে যাই ॥ ৪০ ॥
এমন্তেণ সেহিঠারে গলা দিনা কেতে ।
সে কথা জাণি বিচারে কলে রাজপুত্রে ॥

আম্ভেমানে থাউ যে পুরিয়া হেব রাজা ।
বিচারিলে তাহাঙ্কু যে দেবা বহু সজা ॥
আম্ভঠারু যেবে সেহ নিশ্চে থিব বর্তি ।
তেবে সে রাজা হোইণ ধরাইব ছতি ॥
আম্ভে পিনা রাজাঙ্কর কুলশীল-পুত্র ।
সে যেবে রাজা হোইব বুড়াইব গোত্র ॥
বিচারিণ রাজপুত্রে হেলে একমেল ।
পুরিয়াকু যেবে আম্ভে মারিব সকল ॥ ৪৫ ॥
অনুসরি আম্ভেমানে যে যহিঁ পাইব ।
উপ্রোধ ন করি তাকু অবশ্য মারিব ॥
দিনেক বলি-হমিরি জেনামণি যাই ।
অনুসরি থান্তি তাঙ্কু মারিবার পাঁই ॥
পুরুষোত্তম-রায়ে যে দরশনে গলে ।
দর্শন সারিণ ফেরি আসন্তে দেখিলে ॥
সিংহদ্বার পুরিয়া যে হুঅন্তে বাহার ।
ধাই যাই জেনামণি কলেক প্রহার ॥
আরে আরে পুরিয়া রে হেবু পরা রাজা ।
এ সাবেলি মুঠাক সম্বালি করি যা যা ॥ ৫০ ॥
কহু কহু সাবেলি সে মাইলেক নেই ।
লগাইণ মারু মারু গলা আড়ে হোই ॥
যেবণ সামরথ সে মারিছি সাবেলি ।
লাথ করি মাইলে সরিব বেনি ফালি ॥
এড়ে হতাক সাবেলি হোইলোক ব্যর্থ ।
কি করিবে যাহাকু রখিবে জগন্নাথ ॥
দেখিণ যে জেনামণি চকিত হোইলা ।
শ্রীজগন্নাথ যে রখিঅছন্তি বোইলা ॥
আউ এথি আম্ভেমানে করিবা যে কিস ।
লাজে সেঠারু চলিলে দক্ষিণ যে দেশ ॥ ৫৫ ॥
পুরুষোত্তম-রায় যে জগন্নাথ স্মরি ।
নবরে প্রবেশ হেলে মনে ভয় করি ॥

পুণিহিঁ যে দিন কেতে গলা তহিঁ বহি।
গুপতরে আর পুত্রে অন্নে বিষ দেই॥
শ্রীজগন্নাথ প্রভুঙ্ক তাকু আজ্ঞা অছি।
বিষ খাইণ তাহার নোহিলাক কিছি॥

পুণিহিঁ কেতেক দিনে গ্রীষম কালরে।
স্নান করি গলে সেহু ভাইঙ্ক মেলরে॥
সমস্তে তহিঁ বোইলে পইরিবা আস।
বুড়াইণ মারিবাকু সবুরি সাহস॥ ৬০॥
ভাইঙ্কর মেলরে ভাইঙ্ক সঙ্গে পুরি।
পাণিরে মাড়ি বসিলে সকলে যে ধরি॥
মায়া করি জগন্নাথে বুড়াইণ নেলে।
পুরিয়া বোলিণ তহুঁ জণকু মাইলে॥
গহলরে তরকিণ ন পারিলে বারি।
পুরিয়া বোলিণ নিজ ভাই-জণে মারি॥
পুরুষোত্তম-রায়ে যে কূলে উঠে আসি।
জগন্নাথঙ্কু স্মরি কৌতুকে হসি॥
কূলরে সে দেখন্তি ত পুরিয়া ন গলা।
দেখিলা বেলকু নিজ ভাই-জণে মলা॥ ৬৫॥
লাজরে কেহি কাহাকু কিছি ন কহিলে।
পুণিহিঁ যে দিন কেতে পাসোরাই দেলে॥

এক দিনে সমস্তে যে শিকারকু যাই।
কলি-হমিরি বরছা মাইলে লগাই॥
ন বাজিলা বরছা যে দৃঢ়ে মারু মারু।
ন কহিণ বিদেশ সে গলে সেহিঠারু॥
যা যা বোলি করি যেবণ পুত্র থিলা।
অনেক মাল রখিণ বিন্ধাণ শিখিলা॥

মালমানঙ্কু বোইলা পুরিয়াকু মার ।
মালমানে বোইলে সে কেতেক মাতর ॥ ৭০ ॥
এক দিনে পুণি তহিঁ শয়নর ঘরে ।
মারিবা পাইকি মালে গলে রজনিরে ॥
শ্রীজগন্নাথঙ্ক আজ্ঞা হোইছি যাহাকু ।
নরসিংহ মূর্ত্তি প্রায়ে দিশিলে মালঙ্কু ॥
ন কহিণ মালমানে পলাইলে খসি ।
যা যা হিমিরি পলাই দক্ষিণে যে পশি ॥
সেহিমতি হোই গলে যেতে পুত্র থিলে ।
নানা কূট করি সে যে মারি ন পারিলে ॥

যাহাকু আজ্ঞা হোইছি জগন্নাথঙ্কর ।
দুর্ব্বলকু করন্তি যে অতি বলিয়ার ॥ ৭৫ ॥
কৃপা কলে জড় লোক কহে দিব্য বাণী ।
পঙ্গুজন মন্দরকু লঙ্ঘি যাএ পুণি ॥
এণ করি যাহাকু সে রখিবে অনন্ত ।
তাহাকু ন পারে নাশ করি বলবন্ত ॥
বলবন্ত মাত্রকে যে কিস করি পারু ।
যেউ মহাপ্রভু দ্রুব করে মহামেরু ॥
আন দেবতার বেলে কে পাইব রক্ষা ।
শ্রীজগন্নাথঙ্ক আজ্ঞা পাষাণর রেখা ॥
আহে সুজ্ঞমানে একলয় চিত্তে ।
প্রহ্লাদকু সুমর হে রখিলে যেমন্তে ॥ ৮০ ॥
পাণ্ডবঙ্কু রখিলে সে দুর্যোধন ঠারু ।
কালেহেঁ বড় হেলেহেঁ বঞ্চন্তি দুস্তরু ॥
এণু করি যাহাকু শ্রীজগন্নাথে সাহ ।
আনর বেলে তাহার কিস হেব কহ ॥
তেণু শ্রীজগন্নাথঙ্ক চরণে শরণ ।
পুরুষোত্তমদাস মু পশুছি শরণ ॥ *** ॥

২

রাজপুত্রমানে যাঙ্কু ন পারিলে মারি ।
রাজা ভিন্ন আউমানে গলে দেশ ফেরি ॥
কপিলইন্দ্র-দেব যে হোইলে নিধন ।
পুরুষোত্তম হোইলে ওড়িশা রাজন ॥ ৮৫ ॥
শ্রীজগন্নাথঙ্কু মনে বহুত বিশ্বাস ।
দানী মানী অবধানী প্রতাপী নরেশ ॥
শূর বীর পণ্ডিত যে সুবুদ্ধি চতুর ।
রাজবিধি মহত্ত্ব যে সকল প্রকার ॥
পূর্ব্বজন্মে খণ্ডতপ করিথিলে যহিঁ ।
বেশ্যার গরভে জন্ম হেলে সিনা তহিঁ ॥
শ্রীজগন্নাথ প্রভুঙ্ক মহিমা অপার ।
পুরুষোত্তম হোইলে অতি বলিয়ার ॥
এথু অনন্তরে শুণ সর্ব্ব সুজ্জন ।
রাজা হোই তাহাঙ্কর গলা কেতে দিন ॥ ৯০ ॥
বহুত কৌতুকে সে নিজে রাজ্য করি ।
অনেক দেশে হোইলে এক দণ্ডধারী ॥
শ্রীজগন্নাথ কৃপারু ন থাই যে ভীতি ।
চরণরে খটিথান্তি সমস্ত নৃপতি ॥
অতি আনন্দরে সে ওড়িশা ভোগ করি ।
সমররে জিণিলেক বহু দণ্ডধারী ॥

এথু অনন্তরে পুণ শুণ দিব্য রীতি ।
দক্ষিণর রাজা কাঞ্চী-শাসন নৃপতি ॥
অতি আনন্দরে তহিঁ সেহু রাজ্য করি ।
সমরে অন্য রাজাঙ্কু জিণি দণ্ডধারী ॥ ৯৫ ॥
মহাবলী রাজা সেহু বহু সৈন্যবল ।
ঘেনি গজ অশ্ব থাট বাহারি সকল ॥
কাহাকু ন ডরই সে অত্যন্ত গুমানী ।
গড়মান সবু তার পথর মুণ্ডনী ॥

অনেক জ্ঞাতি কুটুম্ব পাত্র মন্ত্রী আদি।
দণ্ড সাজি কেহি তাকু ন পারন্তি সাধি ॥
সকল রাজ্যকু সে যে পেশুথাই চার।
সমস্ত রাজনীতি সে জাণই বিচার ॥
পদ্মাবতী নামে তার একই দুহিতা।
জাতিরে পদ্মিনী সে যে মহুষ্যে সম্ভূতা ॥ ১০০ ॥
দিহু দিহু বঢ়ই সে অপুরুব জেমা।
বিভা পাই বর সে যে লোড়ে অনুপমা ॥
বিচার কলা মনরে কাঞ্চী-নরসাই।
পদ্মাবতীকি ওড়িশা-রাজাকু দেবই ॥
ওড়িশা-রাজা যে রাজাঙ্কর শিরোমণি।
মোহ ঝিঅ পদ্মাবতী হেব পাটরাণী ॥
মন্ত্রীকি রাইণ পাশে পুছই বিশ্বাসে।
পদ্মাবতী বরিব যে ওড়িশা-নরেশে ॥
মন্ত্রী এহা শুণি করি সনমত কলা।
হউ মণিমা বোলিণ হস্ত সে যোড়িলা ॥ ১০৫ ॥
ওড়িশা-রাজ্য রাজার রাজনীতি যেতে।
কাঞ্চী-নরেশ পুছই মন্ত্রীর অগ্রতে ॥
জাণি বন্ধু করিবার অটে সিনা সার।
কহ আহে মন্ত্রিবর সে রাজ্য-বেভার ॥
মন্ত্রী কহে সে রাজ্যরে রাজা জগন্নাথ।
তাহাঙ্ক সেবা কলেক হুএ নরনাথ ॥
এমন্তে বিচার সেহ রাজা করিথিলে।
পুরুষোত্তম-রায়ে তা কেমন্তে জাণিলে ॥
কাঞ্চীকাবেরীকি বোলি পেষি দেলে চার।
সুকুমারী রাজ-জেমা শুণিলে সংবর ॥ ১১০ ॥
আজ্ঞা ঘেনি করি চার কাবেরীকি গলা।
কাঞ্চীরাজাঙ্কু যাইণ সন্দেশ কহিলা ॥
দূত বোলে প্রভু তুম্ভ কন্যাসার দেব।
শ্রীজগন্নাথঙ্কু যাই দর্শন করিব ॥

কাঞ্চী-রাজন বোইলে দর্শনকু যিবা।
আস্ত মনকু আসিলে জেমা অবা দেবা॥
এহা শুনি দূত তহঁ বাহুড়ি আইলা।
সকল সন্দেশ আসি রাজাঙ্কু কহিলা॥
এমন্তে কেতে দিনে সে কাঞ্চী-নরপতি।
দর্শনকু আইলা সে সৈন্যবল যেতি॥ ১১৫॥
নৃপতিমণ্ডল তার সঙ্গে ছন্তি মিলি।
রাজাঙ্কু দেবা পাইঁকি আণিছি ছুল্লালী॥
শ্রীগুণ্ডিচাযাত্রা তহিঁ অছি দিন তিনি।
ক্ষেত্ররে প্রবেশ রাজা সৈন্যবল ঘেনি॥
শ্রীজগন্নাথ প্রভুঙ্ক শ্রীগুণ্ডিচাযাত।
সিংহদ্বারে মণ্ডণি হোইছি তিনি রথ॥
শ্রীগুণ্ডিচা দিন যে পহণ্ডি বিজে করি।
চতুর্দ্ধা মূরতি তিনি রথে বিজে করি॥
তালধ্বজ রথরে বিজয়ে হলহস্ত।
নন্দিঘোষ রথরে যে প্রভু জগন্নাথ॥ ১২০॥
দেবী রথে বিজয়ে সুভদ্রা সুদর্শন।
সুর নরে সঙ্গতরে করন্তি গমন॥
রথ ঝাড়িবাকু যে ওড়িশা-গজপতি।
চন্দন ছেরা পইঁরা সুনা ধরিছন্তি॥
দর্শন করু অছন্তি কাঞ্চীর রাজন।
রথ রাজনীতি সর্ব্ব করি অনুমান॥
দেখিলা রথ উপরে গন্ধ ছেরা করি।
পহরন্তি রাজা সুনাখড়িকাহিঁ ধরি॥
কাঞ্চী-রাজা দেখি তার বিচারই চিত্তে।
ন জাণি মুঁ দুহিতাটি দিয়ন্তি অনিমিতে॥ ১২৫॥
রাজা হোইণ এহার চাণ্ডালর রীতি।
ছেরা যে পইঁরা এত করি লাগিছন্তি॥
মঙ্করে যে নরপতি সেহি সে ঈশ্বর।
সে কি পাই সেবা করে ইতর দেবর॥

শ্রীজগন্নাথে যেবে কি হুঅন্তে দেবতা ।
রাজা হোই তহিঁ কি এ ছেরা কি করন্তা ॥
শ্রীজগন্নাথঙ্ক ঠারে বহুত কহিলা ।
ওড়িশার নৃপতিঙ্কি চাণ্ডালে গণিলা ॥
মনরে রখিলা সবু ন কহিলা কাহিঁ ।
কুলতুট বোলিণ সে শুণিথিলা তহিঁ ॥ ১৩০ ॥
পদ্মাবতী জেমাকু দেবাকু আণিথিলা ।
বহুত নিন্দা করিণ বাহুড়াই নেলা ॥
লেউটিণ নিজ রাজ্যে হোইলা প্রবেশ ।
সুজ্জনমানে শুণি হোইব হরষ ॥

শ্রীজগন্নাথে গুণ্ডিচাযাত্রা সারি করি ।
বাহুড়া-বিজয় বড় দেউলরে করি ॥
শ্রীজগন্নাথ প্রভুঙ্ক যেতে যেতে লীলা ।
করন্তি যে দারুব্রহ্মে নিজরূপে খেলা ॥
যে যেমন্ত ভাবুছন্তি সে তেমন্তে পান্তি ।
বচন ন কহ প্রভু সকল করন্তি ॥ ১৩৫ ॥
ন চলই শ্রীভুজ যে স্থির হোইথাই ।
তুষ্টঙ্কর প্রাণ নেউ অছন্তি উঙ্কাই ॥
ঠাবরু ন চলন্তি যে ছন্তি সর্ব্বঠাবে ।
শ্রবণ নাহিঁ যে সবু শুণন্তি কতিরে ॥
খোজিলে ন মিলন্তি সে নিকটরে থাই ।
বহুতরে ন মিলই অলপে মিলই ॥
জগতর হিতে জগন্নাথ নাম গোটি ।
পুরুষোত্তমদাস যে চরণরে খটি ॥ *** ॥

৩

এথু অনন্তরে যে পুরুষোত্তম দেব ।
কাঞ্চী-রাজার গরব শুণিলেক সব ॥ ১৪০ ॥

নন্দিঘোষ রথে ছেরা পহঁরা দেখিলা।
চাণ্ডাল-কর্ম বোলিণ নিন্দা করি গলা॥
পুরুষোত্তম-রায়ে যে শুণি এহি বাণী।
লাঙ্গ মাড়ন্তে যেসনে গর্জ্জে কাল ফণী॥
বাতে রম্ভাপত্র প্রায়ে কোপে কম্পে কায়ে।
সতে যেবে জগন্নাথে মু্ তাঙ্কর রায়ে॥
শ্রীজগন্নাথঙ্কু সে দেবতা ন বোইলা।
আম্ভে ছেরা ঘটিলাকু চাণ্ডাল কহিলা॥
ত্ম্ভমাকু যে আণিথিলা মোতে দেবা পাই।
আম্ভঙ্কু চাণ্ডাল বোলি নিলা বাহুড়াই॥ ১৪৫॥
যেবে জগন্নাথঙ্কু মু্ করিথিবি সেবা।
তাকু জিণি ঝিঅ তার চাণ্ডালকু দেবা॥
যেবে শ্রীভুজরে শঙ্খচক্র বহিছন্তি।
ওড়িশারে রাজপণ মোতে দেইছন্তি॥
যেবে নীলচক্র পরে উড়ু অছি নেত।
তেবে সে মো গুহাড়ি শুণিবে জগন্নাথ॥
তিনি দিন তিনি মাস তিনি বরষরে।
অবধি কটকাই সে কাঞ্চীকাবেরীরে॥
আগহুঁ বিচারিবা যে সমস্ত বিঅর্থ।
গণিমা করিবে যেতে বেলে জগন্নাথ॥ ১৫০॥
কোপশান্তি কলে রাজা বিচারিণ মন।
এমন্তেণ গলা তহিঁ কেতেহেঁক দিন॥

কাঞ্চীকাবেরীর কথা শুনু থাই রায়ে।
লেউটিণ জ্যৈষ্ঠমাস দেবস্নান হোএ॥
স্নানমণ্ডপে বিজয় কলে যদুপতি।
স্নান সারি প্রভু হস্তিবেশ হোইছন্তি॥
কলা ধলা হাতী ভগ্নী কুঙ্কুম-বরনে।
অতিশোভা পাউছন্তি চউদ ভুবনে॥

পুরুষোত্তম-রায়ে যে পাশে উভা ছন্তি ।
সুআরমানে যে ছেক ধূপকু বহন্তি ॥ ১৫৫ ॥
দাশরথি নামেণ যে একই সুআর ।
জগন্নাথঙ্কর ঠারে বিশ্বাস তাহার ॥
সুউত্তম পাচিলা কমলা আটিকাএ ।
মুণোহি যে করিবাকু একভক্ত দিএ ॥
দাস মহাসুআর কমলা ঘেনি করে ।
বাড়িলা নেই জগতনাথঙ্ক আগরে ॥
দাস মহাসুআরকু বোলে কলা হাতী ।
কমলা তু বাঢ় বড়ঠাকুরঙ্ক কতি ॥ ১৬০ ॥
আজ্ঞামতে কমলা টেকিলে ততপর ।
বাড়িলেক নেই বড়ঠাকুর পএর ॥
বড়ঠাকুরঙ্কু নেই দিঅন্তি কমলা ।
নাহিঁ নাহিঁ করু ছন্তি রোহিণীর বলা ॥
বোলন্তি জগন্নাথঙ্ক পত্রে দিঅ নেই ।
আম্ভঠারে সুখ থিলে করিবে মুণোহিঁ ॥
এবাড়ু কমলা যে নিঅন্তেণ তেণে ।
জগন্নাথ মস্তক হলাউ থান্তি এণে ॥
এ পাথরু নেই পুণি সে পাথে বাঢ়ন্তি ।
সে পুণি নাহিঁ করন্তে এণিকি আনন্তি ॥ ১৬৫ ॥
দাস মহাসুআর জাণন্তি একা তাহিঁ ।
আউ লোকমানঙ্কু গোচর কিছি নাহিঁ ॥
এহিপ্রকারে এ পন্তিরু নেই সে পন্তিরে ।
রখন্তি তোলন্তি সেহ দুহিঙ্ক স্নেহরে ॥
পুরুষোত্তম-দেব যে ছন্তি উভা হোই ।
কোপে নৃপবর বিচারন্তি রহি রহি ॥
বোইলে মহাসুআর গর্ব্ব দেখ এড়ে ।
একা আটিকাক যে করুছি কেতে আড়ে ॥
আম্ভে বিজে বোলি মনে ভয় কিছি নাহিঁ ।
কেমন্ত হেউঅছন্তি এ নিশ্চিন্ত হোই ॥ ১৭০ ॥

জগন্নাথ বলদেব দুহিঙ্কর রীতি।
কিছিহিঁ যে ন জাণই রাজা গজপতি॥
যে রসরে ভোলা হোই অছি তার মন।
ন জাণি করি তাহাকু কোপুছি রাজন॥
অনাই মহারাজা ধরিছি মনে রোষ।
বোইলে সে সুআরকু ধরি ঘেণি আস॥
রাজাঙ্কর আজ্ঞা পাই ছড়িদার যাই।
ঠাকুরঙ্কর আজ্ঞা হো বেগে আস তুহি॥
মহাসুআর বোইলে কেবণ ঠাকুর।
ঠাকুর যে জগন্নাথ থটিছুঁ পয়র॥ ১৭৫॥
আহরি ঠাকুর বোলি আম্ভে যে ন জাণু।
জগন্নাথে ঠাকুর বোলিণ একা মাণু॥
এহা শুনি ছড়িদার গলে আড় হোই।
রাজাঙ্ক অগ্রে এ কথা জাণাইলে যাই॥
ঠাকুরঙ্ক আজ্ঞা বোলুঁ উপহাস কলা।
কেউ ঠাকুর বোলিণ ছামুকু নইলা॥
শুনি করি কোপভরে কম্পে নৃপরাণ।
মুণোহি বঢ়িলে তাকু বেগে ধরি আণ॥
সুআর হোইণ আম্ভ আজ্ঞা ন মানিলা।
আহরি কেউ ঠাকুর অছই বোইলা॥ ১৮০॥
রাজাঙ্কর আজ্ঞাকারী জগিথিলে যাই।
ধূপ বঢ়িলাক্কু তাকু রখিলে ধরাই॥
রাজাঙ্কর কোপ তাকু হোইলা অপার।
পুরাইণ বন্দিঘরে ন কলে বাহার॥
দাস মহাসুআর যে বন্দিঘরে থাই।
ডাকন্তি জগন্নাথ তো বিনু আন নাহিঁ॥
দুইদিন যাই তহিঁ তিনি দিন রাতি।
আজ্ঞা দেলে জগন্নাথে আহো নরপতি॥
তোহ মনে মনে এবে হেলুণি ঠাকুর।
কালি দুইপ্রহরে পুরিয়া নাম তোর॥ ১৮৫॥

আম্ভ আজ্ঞাকারী হোই এতে গর্ব্ব তোর।
কেতে উগ্রতর হেউ অছু দণ্ডধর॥
তিনি দিন হোইলা যে মোর ভোগ নাহিঁ।
মোহ সেবকঙ্কু ধরাইছু কাহিঁ পাই॥
এবে যাই এহিক্ষণি বন্দী ফেড় তার।
তু যেউ কথাকু রাজা করিছু বিচার॥
চতুর্মাস্যা পাহিলে যে ছুই ভাই যিবু।
তোহর যে মনোবাঞ্ছা পূরণ করিবু॥
মোহ সেবা দেখি তোতে চাণ্ডাল বোলিছি।
তু যাহা জণাই অছু আম্ভ মনে অছি॥ ১৯০॥
মোহ দাস স্থআরর কিছি নাহিঁ দোষ।
আম্ভ আজ্ঞারে সে কলা নানা রঙ্গরস॥
পাচিলা কমলা তার হাতে থিলা ধরি।
আম্ভ পন্তিরে দিয়ন্তে আম্ভে নাহিঁ করি॥
নেই বড়ঠাকুরঙ্ক পন্তিরে রখন্তে।
সেহ নাহিঁ করন্তি এ রখিবে কেমন্তে॥
সে বোলন্তি জগন্নাথঙ্কর পত্রে দিঅ।
আম্ভে বোলু বড়ঠাকুরঙ্ক আড়ে দিঅ॥
কাহা আজ্ঞা মেণ্টি সেহ রখিব কুআড়ে।
তেণু করণ সে ধন্দি হেউথিলা তেড়ে॥ ১৯৫॥
আম্ভ ভাবনারে সেহ ভোলা হোইথিলা।
তেণু করি সিনা সে ঠাকুর ন বোইলা॥
তাকু ছাড়ি দেলে আম্ভে করিবু মুণোহিঁ।
অন্তর্দ্ধান হেলে প্রভু এতেমাত্র কহি॥
পুরুষোত্তম-দেব যে এহা শুণি বসি।
বন্দিঘরঠারে শীঘ্রে মিলি গলে আসি॥
স্থআরঙ্কু দেখি রাজা দণ্ডবত কলে।
আম্ভ অপরাধ ক্ষমা করসি বোইলে॥
এতে কথা অছি বোলি আম্ভে যে ন জাণি।
আম্ভ নিন্দা কল বোলি বন্দী কলু আণি॥ ২০০॥

আন্তঙ্ক এহা কিপাই ন বোইল আন্তে।
যাহার নাম ধইলে ত্রিভুবন মধ্যে ॥
লক্ষ পাপ ক্ষয় হুএ প্রভুঙ্ক আদেশে।
অপমান কল মোর মু জাণিবি কিসে ॥
এথি পাইকি তুম্ভর নাহিঁ কিছি দোষ।
আস মহাসুআর হো বস আম্ভ পাশ ॥
অনেক যে গউরব রাজা তাঙ্কু কলে।
স্নান সারিণ সেবাকু যাঅ হো বোইলে ॥
দাস মহাসুআর যে আনন্দ মনরে।
বিশেষরে খটিথাই রাজাঙ্ক পয়রে ॥ ২০৫ ॥

কহু কহু শেষ হেলা চতুর্মাস্যাদিন।
আশ্বিন্ত শুক্ল নবমী আসি হেলা পুণ ॥
শ্রীজগন্নাথঙ্কর যে সবুদিন নীতি।
তিনি ধূপ পাঞ্চ অবকাশ যে করন্তি ॥
সে দিনহিঁ সেহিরূপে বঢ়িলা সকল।
বল্লভভোগ সরিলে সিংহারর বেল ॥
সুআরমানে যে ছেক আণুছন্তি বহি।
বাঢ়ন্তি সে পন্তিমান মুণোহির পাই ॥
শ্রীজগন্নাথঙ্ক পন্তি পেজনলা পাখ।
নাগসর্প আসি সরপুলিরে দেলা মুখ ॥ ২১০ ॥
সে মহাসুআর এহা নয়নে দেখিলে।
কলিবাকু সময় যে তহিঁ ন পাইলে ॥
মুণোহিঁ বাঢ়িলা সেহু বহুত আকুল।
জাণু জাণু বিষ দেলি মু ছার চাণ্ডাল ॥
সে গরল সরপুলি মুঁ আণি খাইবি।
তেবে সিনা অবা থোকে দোষ মেণ্টাইবি ॥
এতে বোলি চিহ্নি সেহু সরপুলি খাই।
দান ধ্যান দেই তাহা সেবা করি শোই ॥

বিচারুছি এহিক্ষণি যিব মোর প্রাণ।
বড়িলা পুষ্প অঞ্জলি এণে দেউলেণ ॥ ২১৫ ॥
পহুড়িলে জগন্নাথ সেবকে যে গলে।
দাস মহাপাত্র মরি যিবা পাঞ্চুথিলে ॥
আপণে যে বিজে করি আজ্ঞা দেলে তহিঁ।
আহে দাস স্থআর তু জাণি হেউ বহি ॥
তোহর মনরে তুহি বিচারিছু জিস।
আম্ভ নেত্রে পড়িঁলে কি আউ থাই বিষ ॥
ভকতর বন্ধু আম্ভে মন বুঝু থাউ।
আম্ভর ছামুকু গলে বিষ থিব কাহঁ ॥
উঠ উঠ দাস হো জাণিলুঁ তোর মন।
মোহর নিমন্তে আগ দেউছু জীবন ॥ ২২০ ॥
এবে উঠ বেগে আহো আম্ভ বোল কর।
আম্ভ আজ্ঞা বোলি যাই কহ দণ্ডধর ॥
পখাল কাঞ্জি মোহর শ্রীমহাপ্রসাদে।
পাই অনুকূল করু কাঞ্চীরাজ্যে হাদে ॥
ক্ষণে ন রহিণ যিব এহি রাতি রাতি।
আম্ভে দুই ভাই হেবুঁ রাউত মুরতি ॥
বিজয় কলুঁটি আগে রাউতকু কহ।
এহি অনুকূলে যাঅ ক্ষণেহেঁ ন রহ ॥
রাজা অবা বোলিব মুঁ দর্শন করিবি।
রাত্র পাহিলেণ অবকাশ দেখি যিবি ॥ ২২৫ ॥
দক্ষিণ পাচেরী পাশে পশ্চিমুখ থিব।
দুর্গামাধব মূরতি দর্শন করিব ॥
এহি আজ্ঞা করিণ যে হোইলে অন্তর।
চেতি দাস স্থআর যে উঠিলে তৎপর ॥
রাজাঙ্ক নবরদ্বারে হোইলে প্রবেশ।
দ্বারিঙ্কি কহিণ গলে রাজাঙ্কর পাশ ॥
বহুত রজনী থিলা রাজা শোইথিলে।
পারুশ লোক জণাস্তে উঠিণ বসিলে ॥

দাস মহাত্মার যে বোইলে সকল।
কাঞ্চীনবরকু শীঘ্র কর অনুকূল ॥ ২৩০ ॥
শ্রীমহাপ্রসাদ কাঞ্জি পখালকু পাই।
এহি লগ্নে অনুকূল কর নরসাই ॥
আগে আগে বিজয় যে কলে ভাই বেনি।
তুম্ভে অনুকূল কর পছে যান্ত সৈনি ॥
শুণিণ রাজা যে মনে হোইলে উচ্চাট।
হাতী ঘোড়া পদাতি যে সভা হেলে থাট ॥

এথু অনন্তরে শুন জনে দিব্য রীতি।
শুণিলেণ পাইব যে বৈকুণ্ঠরে স্থিতি ॥
এহি জগন্নাথ দেব নানা লীলা কলে।
পল্যঙ্করে পহুড়িলে সেবকে যে গলে ॥ ২৩৫ ॥
দেউল শোধা হোইলা কবাট পাড়িলে।
চউকিয়া ঠাবে ঠাবে চউকি বসিলে ॥
কটুআল আসি করি নগ্রে বুলি গলা।
রসিকলোকমানঙ্কু নিদ্রা যে মাড়িলা ॥
রত্নপল্যঙ্ক উপরে প্রভু শিরীপতি।
পহুড়িলে এমন্তেণ শেষ হেলা রাতি ॥
শ্রীজগন্নাথ যে বলদেব ভাই বেনি।
রাজাঙ্কর ছলরে সে মনে তাপ ঘেনি ॥
শ্রীজগন্নাথঙ্কর মুঁ কি কহিবি শোভা।
জ্যেষ্ঠ ভাই বলদেব মুনিমনলোভা ॥ ২৪০ ॥
শ্রীজগমোহনরে যে আসি বিজে কলে।
বারুমান বাছি আণ বোলি আজ্ঞা দেলে ॥
শ্রীজগন্নাথঙ্কর যে বাজিশাল ঘর।
নানা বর্ণে বারু তহিঁ অছন্তি অপার ॥
শ্বেতমেঘা কল্যাণী যে কালিমেঘা মেলে।
কল্প কাল বারু সিন্ধু পারুয়া নিরোলে ॥

কটুকী টাঙ্গণ তটু অশ্ব যে অপার ।
এতে প্রকাররে অশ্ব ছন্তি খন্দাঘর ॥
যেতে প্রকারে ঘোটক অছন্তি সেঠারে ।
এতে তেতে বোলি করি কিএ কহি পারে ॥ ২৪৫ ॥
বিষ্ণুহু নামে তাঙ্কর অটে বাজিপাল ।
তের খন্দারে পরীক্ষা সেহু মহাবল ॥
যহু আজ্ঞা দেলে বারু যীন দেবা পাই ।
বাছিণ বারু আণিলে তের খন্দারুহিঁ ॥
শ্বেতমেঘা আউ কালিমেঘা বাজী বেনি ।
দুই ভাই বিজয় করিবে বলি চিহ্নি ॥
বিষ্ণুহু বাজিপাল যে বীরপাল মূলে ।
বাজীঙ্কর মহিমা কে কহিব সমূলে ॥
শ্রীজগন্নাথঙ্কু যেহু বহি সামরথে ।
আকাশে উড়ন্তি নন্দিঘোষ যেনি সাথে ॥ ২৫০ ॥
স্বর্গ মর্ত্ত্য পাতালরে ক্ষণকে ক্ষেপন্তি ।
যেউ বারুমানে তহিঁ কল্প কল্প ছন্তি ॥
বিষ্ণুহু সাহাণি শ্বেতমেঘা বারু ধরি ।
লগাম লগাই ন পারিলা যত্ন করি ॥
সুবর্ণ কলিআরকু উপমা যে কিস ।
সরুবেণী কেশরে যে যত্ন করি বেশ ॥
ধবল বারুকু নীল বরণর বেণী ।
মুকুতা যে থোপি থোপি মধ্যর থঞ্জনি ॥
সুরঙ্গ বাথরকু উপমা দেবা কিস ।
মাণিক্যর পুঞ্জি যে বসিছি চউপাশ ॥ ২৫৫ ॥
সুবর্ণর জরিরে যে পেটি বান্ধি দেই ।
রত্নময় চউজামা উপরে পকাই ॥
সুবর্ণর শিকুলিরে মুকুতা পাএড়া ।
বেনি পাশে মোতির যে ঝুম্পা যোড়া যোড়া ॥
কনকময় ঘাগুড়িমান যে পয়রে ।
রুণুঝুণু বাজই যে চালিবার বেলে ॥

চক্রাকার টাহিয়া যে শির পরে রখি।
দুষ্টমানে ভয় যে করন্তি যাহা দেখি ॥
ব্রহ্মজাতি হীরারে টাহিয়া বড় তোরা।
তথির উপরে বানা উড়ে ফরহরা ॥ ২৬০ ॥
চারি চরণরে দিঅা বাজেণি নূপুর।
যতনে রখিলে ত্রোণ দক্ষিণ ভাগর ॥
যেউ ঠাকু সুন্দর যে দিশি যেউ মতে।
সেঠারে সে মণ্ডণি কহিবি অবা কেতে ॥
কালীমেঘা বারুকু মণ্ডিলে বীরপাল।
মুখরে লগাই দেলে সুনা কলিআর ॥
ধবল কেশরে তার দেলে সরু বেণী।
পদ্মরাগ থোপি তহিঁ মধ্যরে খঞ্জণি ॥
সুবর্ণ জরিরে পেটি তহিঁকি সুন্দর।
বসন্তর চউজামা পকাই তা পর ॥ ২৬৫ ॥
বসন্ত বাখরকু যে মুক্তাজালি মিলি।
রূপা জরিরে দোলই রঙ্গ পাটফুলি ॥
মস্তকরে টাহিয়া যে সুবর্ণ লঙ্গল।
চারি চরণে খঞ্জিলে বাজেণি নূপুর ॥
ত্রোণভার তলবার রখিলেক নেই।
আকাশে উঠিবে কি হাক্বিলে বারু দুই ॥
চরণরে পুঞ্চি পুঞ্চি করই চাতুরী।
আজ্ঞা প্রমাণরে বারু জিণি দেই করি ॥
কল্পবট মুলে বারুমান উভা করি।
বিস্থনিআ বারুপাল অছি বাগ ধরি ॥ ২৭০ ॥

রাউত ছবিরে বেশ হেলে জগন্নাথ।
সে বেশ বর্ণিবাকু কি মো ছার সমর্থ ॥
নবঘনকান্তি কি সে কালিন্দীর জল।
মর্কত নীলমণিরু সে কান্তি উজ্জ্বল ॥

শ্রীমুখ অতি সুন্দর অধর বধুলি।
শ্রবণরে ঝলকই মুক্তা বীরবলী ॥
পীতাম্বর বসনকু সুনা চুট তোরা।
মুকুতা কান্তি ঘনে কি থোপা থোপা তারা ॥
ভোট গস্তা উপরে যে রাগসেনা লাই।
সুবর্ণর সাঞ্জু পেটি ঝিঞ্জিরি পূরোই ॥ ২৭৫ ॥
কচটি বাহটি মহাবাহে মহাতোরা।
সুবর্ণর হতারে মাণিক্য বসা হীরা ॥
শ্রীভুজরে আভরণ কলে হতাবেনি।
অঙ্গুষ্ঠিরে খঞ্জনি যে নানা রত্নে মণি ॥
নানা রতন মুদ্রিকা প্রতি অঙ্গুষ্ঠির।
হেমরত্নময় মাথে কিরটি টোপর ॥
মুকুতার জালি ঝলকই চউপাশ।
কালিআ রাউতর আহুরি যেতে বেশ ॥
সুবর্ণর রঙ্গ জরি ধীরে তহিঁ বান্ধি।
দুই যমদাড় সঙ্গে তিনি বাঙ্ক ছন্দি ॥ ২৮০ ॥
যমদাড়মানঙ্কু উপমা দেবি কিস।
সুনামুঠি হীরারে যে জড়িত বিশেষ ॥
বাঙ্কুর মুষ্টি-বেণ্টরে মাণিক্য যে ঝলি।
সুরঙ্গ মিহানঙ্কু কণয় বোথি করি ॥
বেনি পাশ কোমররে শোহে তলবার।
মুঠিঙ্কর জ্যোতি যে নিন্দই দিনকর ॥
খণ্ডারে যে ঢালরে সুবর্ণ মুদিয়ার।
হীরা চারিফুলি পদক যে তারাকার ॥
কালিআ দর্শন কি নির্মল দিব্য জ্যোতি।
ডাহাণ বন্ধি বাম পারুশে রখিছন্তি ॥ ২৮৫ ॥
চন্দনর তিলক কপোলে করি বেশ।
কস্তুরীর রেখকু কাস্থুলি কর্ণ নিশ ॥
কালিআ রাউতর যে এহি ভাবে ছবি।
বড় রাউতর ছবি কেতে যে কহিবি ॥

নীলবরনকু শোহে তার জরি বুট ।
ধবল অঙ্গকু সেহ দিশে ঝট ঝট ॥
নীলবর্ণ ভোট গন্তা তথি পরে লাই ।
রাগসেনা সাহুহতা টোপর পুরাই ॥
চউপাশকু লম্বই হেমরত্নজালি ।
শ্রবণে ঝটকই মাণিক্য বীরবলী ॥ ২৯০ ॥
যমদাড় বাঙ্ক ছুরি আউ তলবারি ।
কি ভঙ্গিরে কহিবই বান্ধিবা চাতুরী ॥
দিব্য গণ্ডা ঢালরে হেমর চম্পাফুল ।
দর্পণ-জ্যোতিরে সবু দিশে ঝলমল ॥
সে ঢালকু আভরণ বামপাশে রহি ।
বলিআর রাউত সে কেতে ছবি হোই ॥
কি কহিবি তাহাঙ্কর অণ্টার মেখলা ।
ঝটঝট বিরাজন্তি হেম হীরা নীলা ॥
কস্তুরীর তিলক যে বিরাজই মাথে ।
কচটি বাহুটি তা বরছি অছি হাতে ॥ ২৯৫ ॥
বৃদ্ধঅঙ্গুষ্ঠিরে অছি অপূর্ব্ব কযণি ।
ধনুশর বামভুজে ক্ষত্রি-শিরোমণি ॥
জগন্নাথ বলভদ্র রাউত মূরতি ।
গুপতরে বিজে কলে কেহি ন জাণন্তি ॥
কলামেঘ বারু পরে বিজে বলরাম ।
সে অশ্বকু অসোবার হোই অনুপাম ॥
শ্বেতমেঘ বারু পরে বিজে জগন্নাথ ।
সে ঘোড়াকু অনুপম রাউত সমর্থ ॥
রাউতে বসন্তে বারু লাঙ্গ ঊর্দ্ধে তোলি ।
দশদিশকু সে ঘোড়া আড়চিরা মারি ॥ ৩০০ ॥
বামকরে বাগ তার ধরি যত্ন করি ।
মুখ টেকি ঘোটক যে অতি যত্নে ফেরি ॥
শ্রীপয়রে মাহন্ত ঘাগুড়ি থঞ্চি দেই ।
বিচিত্র সুবর্ণপরি লতা-কম হোই ॥

নীলকন্দরু রাউতে হোইলে বাহার।
বিস্থনি বীরপাল দুই চেরদার॥
দুহিঙ্কর বরছি যে দুহেঁ ছন্তি ধরি।
ঘোড়াঘোড় বনাউত কান্ধে ঘেনি করি॥
বারুকর দুঁহে যে চামর ঘেনি হস্তে।
দেখি করি গহণে ধামন্তি তোষচিত্তে॥ ৩০৫॥
কাঞ্চীকাবেরীকি যে আপণে কটকাই।
জগন্নাথ বলভদ্র রাউত বেনি ভাই॥
অত্যন্তরে সুশোভা দিশিলা দশদিশ।
হাম্বিলে যে ক্ষেপি যিবে ধরিত্রী আকাশ॥
ভকতবৎসল নাথ ভক্তজন পাই।
আপণে বিজয় কলে অসোআরি হোই॥
জাণি দেবতায়ে গোড়াইলে অপ্রমেয়।
ন জাণন্তি গরুড়াদি কেহি যে বিজয়॥
বারুঙ্কর চাতুরিরে চালি আড়চিরা।
মাণিক্যর জাজ্জল্য পতাকা ফরহরা॥ ৩১০॥
কোটিএ মদনকু যে গঞ্জই শ্রীমুখ।
ত্রুলিণ গণ্ডে কস্তুরি সুরি পরি রেখ॥
কেতেবেলে চলান্তি ধুআন্তি কেতে বেলে।
ডাহাণকরে বরছি বাগ বামকরে॥
সুবর্ণ কাউরিরে সুবাস জল ভরি।
সুলতানি বনাউত মুনা যত্ন করি॥
চামর পঙ্খা কান্ধে পকাই অক্রূর।
পাহাড়া ধরি ধামই বড় রাউতর॥
উদ্ধব যে সেহিরূপে পঙ্খা ঝরি ধরি।
কালিয়া রাউতর বারুকু অনুসরি॥ ৩১৫॥
পয়র পাহাড়ারে ডাহাণ কর দেই।
ধামন্তি যে আনন্দরে শ্রীমুখকু চাহিঁ॥
বিস্থনি বীরপাল যে দুহেঁ চেরদার।
খটণির সামন্ত যে উদ্ধব অক্রূর॥

কালিআ রাউতকু করিছি মনে আশ।
ঘাসিয়া হোই খটিছি পুরুষোত্তমদাস ॥
খুগি কোচড়া দউড়ি মেখ যে মুগর।
দাআ দানা চাঙ্গুড়ি বাহাঙ্গি সিকাভার ॥
কান্ধে ভার করি মুহিঁ ধাইছি গহনে।
পরিমুণ্ডা যাই না রাউত প্রভুপণে ॥ ৩২০ ॥
বরতন গণ্ডাক যে জাচি দেউথান্তি।
যে যেতেক ভলি অবা চাকরি করন্তি ॥
উদাররে সেবা করি ন মাগিলে কিছি।
ভার বহি দিঅন্তি এমন্ত গুণ অছি ॥
তেণ আউ সামন্তকু নাহিঁ মোর আশ।
কালিয়া রাউতর বারুকু খটে ঘাস ॥
তেণু করি মুহিঁ গহণরে রহি থাই।
পুরুষোত্তম মন ধ্যাইছি ঘাসী হোই ॥ *** ॥

৪

দুইজণ রাউতর পারুজন সঙ্গে।
দুই রাউত বারু চলান্তি নানা রঙ্গে ॥ ৩২৫ ॥
কাঞ্চীকাবেরী কর্ণাট দেশে কটকাই।
উৎকলবর-কেশরী যেউ নরসাই ॥
শ্রীনীলকন্দরু যে বিজয় করি গলে।
পূর্ব্বদিগরে যে সূর্য্য প্রকাশ হোইলে ॥
পাহিলাক রজনী যে দিশিলা জগত।
সিন্ধুর মুহাণ পরি হোইণ রাউত ॥
দাণ্ড পরিমল যে সমুদ্র পন্তা বালি।
মুহাণর দূরঠারু চারিকোশ চালি ॥
হাঁকিলে সে অশ্ব ক্ষণে বুলিবে ব্রহ্মাণ্ড।
শরধারে লীলা করি বিজে বালি দাণ্ড ॥ ৩৩০ ॥
এথু অন্তে সুজনে হে লয় করিবটি।
আদিপুর বোলিণ নিকটে নাম গোটি ॥

বড় গ্রাম নোহে সে অল্প ডিহ ঢাল।
অছন্তি তহিঁ ঘর পাঞ্চ সাত গোপাল॥
এতেক গোপাল জাতি নিজ অর্থ বোলি।
গাঈ মইষি সবুরি ছন্তি পলি পলি॥
চিলিকা সিন্ধু পস্তার স্থক্ষ্ম ঘাস পাণি।
বিহরন্তি আনন্দে সে বোলগা ন জাণি॥
সবু ঘরে ত্নধ দধি লবনী যে থাই।
অধাম গোটিকা সর যে যাহা লোড়ই॥ ৩৩৫॥
কাঞ্চীকর্ণাটকু সে অটই বড় দাণ্ড।
দাণ্ডরে গোপালুণী বিকন্তি দধিভাণ্ড॥
দুই চারি পাঞ্চ সাত গোপালুণী হোই।
বালি দাণ্ডে বিকিবাকু পসরা যে থোই॥
বৃষ বেহেরা নামরে একই গোপাল।
মাণিক্য বোলিণ এক নন্দিনী তাহার॥
স্থন্দরী স্থকুমারী যে স্থলক্ষণী যেতে।
পশু চেয়ে পশু তুই সমর-খেলায়॥
বিজয়-মাদকে মাতি ধরি নারীগণে।
দেহ ভ্রষ্ট করি, নষ্ট করহ জীবনে॥ ২১০॥
মহা হাহাকার উঠে কাঞ্চীরাজ-পুরে।
রুদিত রমণীকুল ভুক্‌রে ফুকুরে॥
অন্তঃপুর-মাত্র রক্ষা পাইল লুণ্ঠনে।
নিভৃতে বসিয়া নৃপ সহ স্বীয়গণে॥
অপমানে ম্রিয়মাণ অস্থির পরাণ।
অনলে হৃদয় যেন হয় দহ্যমান॥
অবসাদে হতচিত্ত অবশ শরীরে।
ধীরে ধীরে যায় রায়, গণেশ-মন্দিরে॥
ইষ্টদেব-সম্মুখেতে দণ্ডবৎ পড়ি।
কর যোড়ে স্তব করে, যায় গড়াগড়ি॥ ২১৫॥
"নমো নমো গণপতি, নমো লম্বোদর!
নমো দেব দ্বৈমাতুর, নমো বিঘ্নহর!
নমো প্রভো বিনায়ক, গজেন্দ্রবদন!
নমো পার্ব্বতীর প্রিয়, হৃদয়-নন্দন!
প্রসীদ পরশুপাণি, প্রভো নিরঞ্জন!
একদন্ত, বক্রতুণ্ড, মূষিকবাহন।
হে হেরম্ব বামদেব, জটাজুটধর!
নমো সিন্দূরাভ খর্ব্ব স্থূল কলেবর!
চতুর্ভুজ, ধৃত-পাশাঙ্কুশ-বরাভয়!
স্মরণে তোমার নাম সর্ব্বসিদ্ধি হয়॥ ২২০॥
তুমি ব্রহ্মজ্ঞানদাতা, বিধির বিধাতা!
নাদব্রহ্মবীজরূপ, সর্ব্বতত্ত্বজ্ঞাতা!

বিঘ্নহর! বিঘ্ন হর, হয়েছি কাতর।
দোহাই, দোহাই, প্রভো দেব গণেশ্বর!
তুমি মম কুলদেব, প্রসিদ্ধ জগতে।
লজ্জানিবারণ মম কর কোনমতে॥
না জানি কি অপরাধ করেছি চরণে।
নহে কেন পরাভব পাইলাম রণে?
সমরে সর্বত্র জয় পুরুষানুক্রমে।
কত রাজ্য দিলে দেব এ দাস অধমে॥ ২২৫ ॥
এখন এ দীনে কেন কর পরিহার?
চরণে পড়িয়ে প্রভো! মাগি পরিহার॥
বরদ! বরদ হও, করুণ নয়নে।
কোন্‌ছার গজপতি আমার সদনে?"
এইরূপে কাঞ্চীনাথ কাতর হৃদয়ে।
কুলদেবে ডাকিতেছে, ভক্তিনম্র হয়ে॥
ভাবিতে ভাবিতে, নেত্রে নিদ্রার আবেশ।
ঘোর বিভাবরী-ক্ষণে প্রাপ্ত প্রত্যাদেশ॥
"শুন, শুন, শুনরে কর্ণাট-অধিপতি!
কপাল ফাটিল তোর, ওরে ছন্নমতি! ২৩০ ॥
রে দুরাত্মা! কি কারণে দেব নারায়ণে।
নিন্দিলে শ্রীক্ষেত্রে গিয়ে গর্ব্বিত বচনে?
না জান, না জান, দুষ্ট, ভেদজ্ঞানী খল।
সকল দেবতা মাত্র কল্পনার ফল॥
যিনি হরি, তিনি হর, তিনি প্রজাপতি।
তিনি লক্ষ্মী সরস্বতী তিনিই পার্ব্বতী॥
পুনঃ পুনঃ উপদেশ দেয় চতুর্ব্বেদ।
পামর পাষণ্ডগণ করে সব ভেদ॥
যদ্যপি ভালাই চাহ, উপদেশ লহ।
করহ প্রণয়-সন্ধি গজপতি সহ॥ ২৩৫ ॥
তোমার এদেশে আমি রহিব না আর।
অতঃপর আবির্ভাব উৎকলে আমার॥

চণ্ডাল বলিয়া যারে নিন্দিলে দুর্ম্মতি।
সে চণ্ডাল হবে, তব পদ্মাবতী পতি ॥"
স্বপন হইল ভঙ্গ, তপন উদয়।
স্তম্ভিত হইল রায়, কম্পিত হৃদয় ॥
সচিবে ডাকিয়ে কহে স্বপ্ন-বিবরণ।
"আর এ বিফল রণে কিবা প্রয়োজন ?
এইক্ষণে গজপতি-সন্নিধানে যাও ॥
পদ্মাবতী দিয়ে, সন্ধি-নিবন্ধন চাও ॥" ২৪০ ॥
অন্তঃপুরে মহামন্ত্রী পাঠাইল বাণী।
মূর্চ্ছিতা মহিলা শিরে পদ্মপাণি হানি ॥
গজপতি-করে যথা কোকনদমালা।
গজপতি-ডরে তথা পদ্মাবতী বালা ॥
শুখাইল মুখ যেন হেমন্ত-কমল।
কর বিস-কিসলয় হইল নিশ্চল ॥
বিন্দু বিন্দু অশ্রু ঝরে নয়নযুগলে।
শিশিরনিকরে কিবা কুশেশয়-দলে ॥
দুহিতার দশা দেখি মহিষী কাতরা।
শোকেতে অধরা হয়ে পড়িলেন ধরা ॥ ২৪৫ ॥
রোদনের কোলাহল উঠে অন্তঃপুরে।
আহা। আহা। হাহাকার রব মাত্র স্ফুরে ॥
যথা শেফালিকাফুল প্রভাত-প্রহরে।
সুধীর সমীরে ভূমে ঝরঝর ঝরে ॥
ধরাসনে পড়ে তথা বরাননাচয়।
মহামন্ত্রী অন্তঃপুরে হইলা উদয় ॥
করযোড়ে কহিতেছে সজল নয়নে।
কি ফল, বলগো আর্য্যে, বিফল রোদনে ?
ভবিতব্য আছে যাহা ঘটিবে তাহাই।
বিধির নির্ব্বন্ধ ছেদে কার সাধ্য নাই ॥ ২৫০ ॥
কেনগো কাতরা এত বিষাদ অন্তরে ?
কলিঙ্গের রাজলক্ষ্মী হবে অন্তঃপুরে ॥"

এত বলি কুমারীরে সঙ্গে লয়ে যায়।
খনি হতে মহামণি হইল বিদায়॥
মহানবমীর-নিশা-প্রভাত-সময়।
দেবীর বিদায়-কালে যেভাব উদয়॥
সেই ভাব আবির্ভাব হ'ল কাঞ্চীপুরে।
এক ভাবে সকলের আঁখিযুগ ঝুরে॥
সচিব কন্যারে লয়ে অতি ত্বরান্বিত।
গজপতি-শিবিরে হইলা উপনীত॥ ২৫৫॥
রত্নসিংহাসনোপরে প্রতাপে মিহির।
বার দিয়ে বসিয়াছে গজপতিবীর॥
শ্বেতচ্ছত্রে জ্বলে কত মণিময় তারা।
ঝুলিছে ঝালর তাহে গজমোতি-ঝারা॥
হীরার কলস ঊর্দ্ধে দিতেছে চমক্।
দণ্ডে হীরা মণি পান্না করে ঝক্‌মক্॥
ঢুলাইছে চারি ভিতে ধবল চামর।
শারদ নীরদ বেড়া যেন দিনকর॥
প্রস্থিত গম্ভীর মূর্ত্তি সচিবমণ্ডল।
দেবগণে সমবেত যেন আখণ্ডল॥" ২৬০॥
কাঞ্চীর সচিব সন্ধিপত্র দিয়ে করে।
যথাবিধি সম্ভাব সঞ্চরি উক্তি করে॥
কহিছেন গজপতি, আরক্ত নয়ন।
"প্রতিজ্ঞা লঙ্ঘন মম, না হবে কখন॥
চণ্ডালেরে পদ্মিনীরে করিব অর্পণ।
ক্ষত্রি-অভিমান কোথা রহিবে তখন?
কাঞ্চীকুলদেব গজাননে লয়ে যাব।
মম ইষ্টদেব পাছে তাঁহারে বসাব॥"
মন্ত্রিগণে তবে আজ্ঞা দিলা গজপতি।
"পদ্মাবতী রক্ষাভার তোমাদের প্রতি॥" ২৬৫॥
পরদিন শিবিরেতে হইল ঘোষণা।
"স্বদেশ গমনে পুন সাজ সর্ব্বজনা॥"

বাহ্যরবে যেন অম্ভোনিধি উথলিল।
বন্দীভাবে গণেশেরে লইয়া চলিল॥
হারপুরে হরিণী যেরূপ করে গতি।
সেরূপ হরিণনেত্রা পদ্মাবতী সতী॥
সহিত সহস্র দাসী আর সহচরী।
ঘেরিয়া লইয়া যায় অসংখ্য প্রহরী॥
চলে চতুরঙ্গ সেনা জয়মদে মাতি।
প্রবল্গিত কিবা গতি, ফুলাইয়া ছাতি॥ ২৭০॥
ভয়ঙ্কর সিংহনাদ, মহা কোলাহল।
"জয় জগন্নাথ জয়!" বিশ্রুতি কেবল॥
গগনে উঠিল রেণু, আচ্ছন্ন তপন।
ধূসর বরণ ধরে দিগঙ্গনাগণ॥
আরোহিত গজপতি গজেন্দ্র-উপরে।
মাগধ চারণগণ স্তুতিপাঠ করে॥
আগে আগে বৈজয়ন্তী পতাকা উড়িছে।
মহানন্দে হাসি কিবা ঢুলিয়া পড়িছে॥
স্বর্ণ পূর্ণ কুম্ভ-যুগ, গজ-কুম্ভোপরে।
মণিময় আস্তরণ রবি-ছবি ধরে॥ ২৭৫॥
লুণ্ঠিত অশেষ ধন, অসংখ্য শকটে।
মূর্ত্তিমতী জয়লক্ষ্মী প্রতিভা প্রকটে॥
কত দিনে অতিক্রমি গোদাবরী-তীর।
নিজদেশে উপনীত গজপতি বীর॥

ইতি সংগ্রাম নাম ষষ্ঠ সর্গ।

সপ্তম স্বর্গ

মিলন

আইল নিদাঘ কাল, ফুটিল নিয়ালী-জাল,
মধুমাসে মধুর উৎসবে।
আনন্দের নাহি মাত্রা, মাধবে চন্দন-যাত্রা,
মাতিলেক ক্ষেত্রবাসী সবে ॥
কি শোভা নরেন্দ্র-হ্রদে, প্লাবিত আনন্দমদে,
তরলিত তরণীনিকর।
রত্ন সিংহাসনোপরি, কিবা বিহরিত হরি,
বিতরিত চন্দনশীকর ॥
শিখিপুচ্ছে বিরচিত, নানা রত্নে বিখচিত,
ব্যজনী বীজন করে দ্বিজ।
শ্রীচরণে অবিরত, কুসুমের বৃষ্টি কত,
মল্লিকা মালতী সরসিজ ॥
ক্ষীরনিধি-সমুদ্গত, সুধীর লহরীমত,
ঢুলায়িত ধবল চামর।
কি শোভা তরাস ভোগে, সুবর্ণ রজত-যোগে,
দীপ্ত দিনকর নিশাকর ॥
জিনি দিব্য শতপত্র, সুশোভিত আতপত্র,
ঝুলে তাহে মোতির ঝালর।
মুরজ মধুরী ভূরি, কাহালী ঝঝুঁরী তূরী,
বিবিধ বাদ্যের আড়ম্বর ॥ ৫ ॥
গোপীনাথ দরশনে, সচকিত যাত্রিগণে,
নরেন্দ্রের কূলে নাহি স্থান।
মনে কৃতকৃত্য গণি, মুখে হরি হরি ধ্বনি,
পুলকিত তনু মন প্রাণ ॥
দুই তরী ধীরে ধীরে, ভ্রমে নরেন্দ্রের নীরে,
বেড়িয়া মণ্ডপ সুশোভন।

গীতগোবিন্দের গীত, গুর্জ্জরীতে হয় গীত,
সুধার সুধার বরিষণ ॥
পরিহরি পিচকারী, ছুটিতে চন্দন-বারি,
মৃগমদ কস্তুরী কর্পূর ।
নাচে কত সুরূপসী, তিলোত্তমা কি উর্ব্বশী,
আইল তেজিয়া স্বর্গপুর ॥
প্রদোষেতে নৃপবর, সহ অতি আড়ম্বর,
তুরঙ্গে করিয়া আরোহণ ।
পর্ব্বাহেতে প্রমুদিত, রাজপথে সমুদিত,
করিছেন নরেন্দ্র গমন ॥
হেথা শুন সমাচার, সামন্ত-শিঙ্গার আর,
রাজার প্রধান যত মন্ত্রী ।
পদ্মিনীর দুঃখে অতি, সবে সন্তাপিত মতি,
সংগোপনে হ'ল ষড়যন্ত্রী ॥ ১০ ॥
কিসে কুমারীর প্রতি, নৃপতি প্রসন্নমতি,
হইবেন, সতত মন্ত্রণা ।
কিসে প্রতিকূলভাব, প্রাপ্ত হবে তিরোভাব,
কিসে দূর হইবে যন্ত্রণা ॥
ভুবন-বন্দিনী হয়ে, বন্দিনী স্বরূপ রয়ে,
তনুতনু তন্বী পদ্মাবতী ।
শিশিরেতে কমলিনী, দিনন্দিন বিমলিনী,
কুহেলিকাচ্ছন্ন দিনপতি ॥
দিনন্দিন পদ্মিনীরে, হেরি সবে আঁখিনীরে,
অভিষিক্ত বিষন্ন অন্তরে ।
সেই দিন যুক্তি করি, রাখিলেন ছাদোপরি,
নৃপনেত্রে পড়িবার তরে ॥
হইল মাহেন্দ্র ক্ষণ, রাজা করে নিরীক্ষণ,
সহসা সে ছাদের উপরে ।
অয়সে চুম্বক প্রায়, চঞ্চল কটাক্ষ ছায়,
চকোর কি প্রাপ্ত চন্দ্রকরে ?

পুন পূর্ণনিভাননে, নিরখিতে ব্যগ্রমনে,
অশ্বগতি করিল মন্থর।
অমনি রমণীমণি, যথা অস্ত-দিনমণি,
নয়নের হল অগোচর ॥ ১৫ ॥
নৃপতি পড়িল কারে, হৃদয়ে ভাবিছে কারে,
জিজ্ঞাসিব ইহার সংবাদ।
"কে এ নারী মনোহারী, কিছুই বুঝিতে নারি,
অকস্মাৎ একি বিসংবাদ ?
কলেবর শিহরিত, প্রেমবীজ অঙ্কুরিত,
পুলক-পলকে পরিচয়।
এত দিনে মনোভব, করিল কি পরাভব,
বীর-বৃত্তি আমার হৃদয় ?"
পরদিন নরবর, অন্তর অস্থিরতর,
নর্মসচিবেরে সংগোপনে।
ধীরে ধীরে কন কথা, প্রকাশি মনের ব্যথা,
পরামর্শ বিহিত নির্জ্জনে ॥
মন্ত্রী আচাতুয়া হেন, কিছুই না জানে যেন,
বিদায় হইল করি ভাণ।
আসি কিছু কাল পরে, নিবেদিল যোড়-করে,
"কিছুই না হইল সন্ধান ॥
সেই তব সুখদাত্রী, হবে বিদেশীয় যাত্রী,
দেশে গেল কিবা গৃহান্তরে।
লয়ে বহুতর চর, অন্বেষণ নিরন্তর,
করিলাম কত শত ঘরে ॥" ২০ ॥
শুনি শুষ্ক নরপতি, দিন দিন ম্লান অতি,
চিত্তপটে চিত্র চারু রূপ।
ভাব-নীরে ভাবিনীর, মজ্জিত-মানস বীর,
ভাবনায় কাল হরে ভূপ ॥
পদ্মাবতী যথাক্রমে, নিরখি পুরুযোত্তমে,
বিরহে বিধুরা অতিশয়।

কিমদ্ভুত! ভাব্য নয়, মানুষের ভাবচয়,
বিষে হয় অমৃত উদয়॥
অনৃত অথবা ভুল, প্রতিকূল অনুকূল,
কেবা কিবা কিছু স্থির নহে।
এই শীত সমীরণ, কাঁপাইছে অপঘন,
এই মন্দ গন্ধবহ বহে॥
যে ছিল পিতার অরি, সে নিল মানস হরি,
তার ভাবে মুগ্ধ অহরহ।
দাবদগ্ধ মৃগীপ্রায়, সদা সন্তাপিত কায়,
হৃদে জ্বলে বিশিখ-বিরহ॥
দক্ষবৈরী শিব প্রতি, সতীর অচলা রতি,
শচী পিতৃবৈরী অনুরতা।
যে বিষ্ণুর ছলে বলে, সিন্ধু মথে দেবদলে,
সিন্ধু-সুতা সে বিষ্ণু-সংগতা॥ ২৫॥
ভাবিনী ভীষ্মকসুতা, প্রেম-অনুরাগযুতা,
সহোদর-সূদন কেশবে।
দুর্য্যোধন-সুতা সতী, মুগ্ধমতি শাম্ব প্রতি,
এইমত কত শত ভবে॥
কাঁদে সতী পদ্মাবতী, লোটাইয়া বসুমতী,
অনিবার হাহাকার মুখে।
কহে "হায়! হা বিধাতা, কোথা মম পিতামাতা,
অহর্নিশ মরি মনোদুখে॥
হারে বিধি অকরুণ! দুখিনীরে নিদারুণ,
এত কেন, কিসের কারণ?
ক্ষুধাতুর সন্নিধান, সুধা আনি করি দান,
পানকালে কর নিবারণ!
কি কারণ গজপতি, বিমুখ আমার প্রতি,
না জানি কি দোষ শ্রীচরণে?
সে চরণে প্রাণ মন, করিয়াছি সমর্পণ,
সমভাবে জীবনে মরণে॥

পিতা সহ জাতি-দ্বন্দ্ব, আমার কপাল মন্দ,
অপরাধ-বিহনে বন্দিনী।
দশানন-দোষ হেতু, সাগরেতে বদ্ধ সেতু,
বিবাসিতা জনক-নন্দিনী॥" ৩০॥
এইরূপে কৃশোদরী, কাঁদে দিবা বিভাবরী,
ভয় আশা, বিভয় ভরসা।
বিগত নিদাঘ কাল, মঞ্জরি তমাল শাল,
বরষা সরসা করে রসা॥
নাশিতে বিরহ-শান্তি, মেঘ কি কজ্জল কান্তি,
শার্দ্দূল গরজে অবিরত।
বলাকা দশনাবলী, দামিনী রসনা জ্বলি,
ক্ষণে ক্ষণে হয় বহির্গত॥
দশদিক্ অন্ধকার, হেরি ধায় একাকার,
পরিপূর্ণ জলাশয়-কূল।
কুল-পদ্মিনীর প্রায়, পুষ্করিণী শোভা পায়,
কুলটা তটিনী ভাঙ্গে কূল॥
দম্পতী বাঁধিয়া রসে, মানসে সুখমানসে,
মরালমণ্ডলী ধায় দ্রুত।
বিজুলীর ধক্‌ধকী, মণ্ডূকের মক্‌মকী,
ঘড়ী ঘড়ী ঘড় ঘড় শ্রুত॥
ফুটে ফুল নানা-জাতি, কদম্ব কেতকী জাতি,
যূথী চম্পা কুটজ মালতী।
সরোবরে সুখভরে, জলচরে কেলী করে,
ঝাঁক বাঁধি ইতস্ততো গতি॥ ৩৫॥

অবিশ্রাম ধারা বরিষণে।
নবদূর্ব্বাদল ক্ষেত্রে, হরষ-চঞ্চল নেত্রে,
চরিয়া বেড়ায় মৃগগণে॥
কমল বুড়িল জলে, কেবল সমৃদ্ধ দলে,
বহুবংশ নির্ধনের মত।

কোকিলা হইল কৃশা, চাতকীর গেল তৃষা,
ঘনরস ঘনরসে রত ॥
নীরদ অমৃত বর্ষে, কৃষিকুল মহাহর্ষে,
গীত গায় কেদারে কেদারে।
কেহ রোপে কেহ বুনে, কেহ লাঙ্গলের গুণে,
সুকঠিন ধরণী বিদারে ॥
বিস্তারি কলাপচক্র, কভু ঋজু কভু বক্র,
মেঘনাদে নাচে মেঘনাদ।
ফুটিল কুসুম কাশ, বসুধা-বদনে হাস,
বরষায় বিগত বিষাদ ॥
নিদাঘের তাপ গত, বিটপী ব্রততী যত,
জীবনেতে পাইল জীবন।
এমনি ঋতুর গুণ, বসন্ত-শোভায় পুনঃ,
সুশোভিত বন উপবন ॥ ৪০ ॥
ধরা হ'ল স্বর্গপুর, প্ররোহিত বীজাঙ্কুর,
ঘনশ্যামরুচি অভিরাম।
বৃষ্টি নহে সুধা-সৃষ্টি, বিভুর করুণা বৃষ্টি,
ধান্য-ক্ষেত্র কমলার ধাম ॥
ঋতুরসে বিনোদিত, ক্রমে আসি সমুদিত,
আষাঢ়ের পূর্ণ শশধর।
উল্লসিত ক্ষেত্রবাসী, পুন সমাগত আসি,
দেবস্নান-যাত্রা আড়ম্বর ॥
গোসহস্রী অমা গত, সিন্ধুস্নানে লোকরত,
দ্বিতীয়ার হইল প্রবেশ।
পুন সুসজ্জিত হয়, মনোহর রথত্রয়,
ত্রিমূর্ত্তির বিনোদিয়া বেশ ॥
পুন স্বর্ণ সম্মার্জ্জনী, করে লয়ে নৃপমণি,
স্বর্ণাধারে লইয়া চন্দন।
সরায়ে রথের দড়া, দেব-অগ্রে দেন ছড়া,
ধূলা মারি করেন মার্জ্জন ॥

হেনকালে মন্ত্রিবর, ধরি পদ্মিনীর কর,
নৃপ-করে দিয়ে শীঘ্রগতি।
কহে "ভো ধরণীপতি, চণ্ডালেরে পদ্মাবতী,
কন্যাদানে দিলা অনুমতি ॥ ৪৫ ॥
ভারমুক্ত অদ্য আমি, লহ হে চণ্ডালস্বামী,
প্রমদার সার পদ্মাবতী।"
দেখি তাহা লোকারণ্য, সবে করে ধন্য ধন্য,
"ধন্য হে সচিব মহামতি ॥"
নিরখি পদ্মিনী-মুখ, বিগত বিরহদুখ,
সুখনীরে মগ্ন মহীপতি।
স্বপনের হারা নিধি, জাগ্রতে মিলালে বিধি,
অতনু কি প্রাপ্ত পুন রতি?
পতি-পদে চারুশীলা, দণ্ডবৎ প্রণমিলা,
প্রেম-অশ্রু-প্লাবিত-নয়নে।
নরনাথ অনন্তর, ধরি কামিনীর কর,
ধীরে ধীরে যান নিকেতনে ॥
যত সব বরবধূ, নিরখিয়া বর বধূ,
শঙ্খনাদে পূরিল গগন।
এদিকে রথের ছটা, ওদিকে বিবাহ-ঘটা,
মহোল্লাসে মত্ত জনগণ ॥
পদ্মিনীরে লয়ে রায়, করে স্বর্গসুখ পায়,
বহুকীর্ত্তি করিল স্থাপন।
অদ্যাপি মাণিকা-মূর্ত্তি, দেউলেতে পায় স্ফূর্ত্তি,
ক্ষীর খান ভাই দুইজন ॥ ৫০ ॥
ভক্তিভরে মহীপাল, সত্যবাদী শ্রীগোপাল,
প্রতিষ্ঠিলা পুরীর অদূরে।
কাঞ্চী-জয়-অভিজ্ঞান, গণেশেরে দিলা স্থান,
প্রভুর পশ্চাতে তাঁর পুরে ॥
আর দেব-দেবী কত, কাঞ্চী হ'তে সমাগত,
শ্রীমন্দিরে প্রতিষ্ঠিত পুন।

অদ্যাপি মুগনীচয়, দান করে পরিচয়,
কর্ণাটের শিল্পিগণ-গুণ ॥
কালে পদ্মাবতী সতী, বীর-বংশধরবতী,
মূর্ত্তিমতী প্রতাপলহরী।
রূপে গুণে একশেষ, শাসিল উৎকল দেশ,
শ্রীপ্রতাপরুদ্র নাম ধরি

ইতি মিলন নাম সপ্তম সর্গ।

কাঞ্চী-কাবেরী

(বাংলা)

টীকা

প্রথম সর্গ

প্রথম সর্গ রঙ্গলালের নিজস্ব। পুরুষোত্তমদাসের কাব্যে এখানে পাই ভূমিকারূপে চব্বিশ ছত্র (১-২৪)। রঙ্গলালের ভূমিকায় উড়িষ্যার ইতিহাস ও পুরাকীর্তির উল্লেখ লক্ষণীয়। পাদটীকায় রঙ্গলাল অনেক প্রসঙ্গ বিশদ করিয়াছেন। উপযুক্ত বোধে তাহা কিছু কিছু উদ্ধৃত করিতেছি।

১. কলিঙ্গ : "উৎকলদেশের পৌরাণিক নাম ; মহাভারতের তীর্থাধ্যায়-পর্বে কলিঙ্গদেশে বৈতরণী নদীর ও তৎকূলবর্তী দেশাদির বর্ণন আছে, সুতরাং মহাভারত-রচনার সময়ে উৎকল শব্দের সৃষ্টি হয় নাই ; মহাকবি কালিদাস রঘুবংশে উৎকল শব্দ ব্যবহার করিয়াছেন, ইহাতে উৎকল শব্দের অপেক্ষাকৃত আধুনিকতা প্রতিপন্ন হইতেছে।"

২. রত্নরেণুময়ী : "মহানদীর কোন কোন স্থানে বিশেষতঃ সম্বলপুরের নিকটে তদ্‌গর্ভে হীরকাদি প্রাপ্ত হইয়া থাকে। সাধারণতঃ নানাবর্ণের উপলপুঞ্জ বালুকাতে পাওয়া যায়। নীলমণি হালদার কটকে অবস্থানকালে এই সকল চিত্রোপল সংগ্রহ করিতেন।"

মেঘাসন : "যে পর্বতে ব্রাহ্মণীর জন্ম, তাহার নাম মেঘাসন, মেঘমালা তচ্চূড়াবলীতে সর্বদা আসীন।"

৫. "মহাভারতীয় বনপর্বান্তর্গত তীর্থাধ্যায় পর্বে আনুপূর্বিক বৃত্তান্ত দ্রষ্টব্য।"

৬. "একাম্রপুরাণে সবিস্তর বর্ণন আছে। রামপ্রসাদ সেনের কালীকীর্তনের এই উপপুরাণই ভিত্তিমূল।" এই স্থানের নাম এখন ভুবনেশ্বর।

৯. "জগন্নাথ দেবই বুদ্ধাবতার বলিয়া প্রসিদ্ধ"।

১০. অনেক পুরানো কবি জগন্নাথপুরীর প্রশংসায় এই কথা বলিয়াছেন।

১১. কোণারক : "সবিশেষ বিবরণ বন্ধুবর পুরাবিৎপ্রবর মহামহোপাধ্যায় রায় রাজেন্দ্রলাল মিত্র মহাশয়ের 'উড়িষ্যার পুরাতনকীর্তি' নামধেয় গ্রন্থে দ্রষ্টব্য।"

১৬-৩৩. এ বর্ণনায় পুরানো কাব্যরীতিরই রকমফের।

৩৪-৪০. রঙ্গলাল যে পুরাতত্ত্ববিৎ ছিলেন তাহার পরিচয় এখানে।

৪১. ঐর : পরাক্রান্ত কলিঙ্গরাজ খারবেল (খ্রীষ্টপূর্ব দ্বিতীয় শতাব্দ)। ভুবনেশ্বরের কাছে খণ্ডগিরিতে ইহার অনুশাসন উৎকীর্ণ আছে।

৪২. ভুবনেশ্বরের প্রায় চারি মাইল দূরে ধৌলিতে যে অশোকের অনুশাসন আছে তাহারই উল্লেখ এখানে। "মৃত মহাত্মা জেমস্ প্রিন্সেপ ভুবনেশ্বরের অদূরবর্তী ধৌলা অর্থাৎ ধবলা পর্বতে অশোক সম্রাটের নীতিগর্ভ এই সকল আদেশলিপি সর্বাগ্রে পাঠ করেন।"

৫২. "এই সকল ব্রাহ্মণদিগের অদ্যাপি প্রকৃত ব্রাহ্মণবৎ অনেক সদাচার আছে ; যাজপুরে অদ্যাপি ৮ ঘর অগ্নিহোত্রী ব্রাহ্মণ আছেন, কিছুকাল পূর্বে ইহাদিগের সংখ্যা অধিক ছিল,—কালপ্রভাবে ক্রমে হ্রাস হইয়া আসিতেছে।"

যাজপুরের এই অগ্নিহোত্রী ব্রাহ্মণদের "বামনাই" লক্ষ্য করিয়াই কি ধর্মঠাকুরের পূজার ছড়া "নিরঞ্জনের রুমা" লেখা হইয়াছিল?

কোশলায় : "বৈতরণী ও মহানদী-প্রবাহিত প্রদেশের নাম—সম্প্রতি যে সকল তাম্রপট্ট আবিষ্কৃত হইয়াছে, তত্তাবতের লিখনানুসারে ইহাই প্রতিপন্ন হয়।"

৬০. অনঙ্গভীমের রাজ্যকাল খ্রীষ্টীয় দ্বাদশ শতাব্দের মধ্যভাগ। "ইহার আদেশেই জগন্নাথের মন্দির ৪০ লক্ষ টাকা ব্যয়ে পরমহংস বাজপেয়ী কর্তৃক নির্মিত হয়।...খৃঃ ১১৯৬ শকে এই মন্দির নির্মাণ-কার্য শেষ হয়।"

"বারোবাটী দুর্গের প্রাকার-পরিখাদির প্রস্তর লইয়া অধুনা কটক নগরের রাজপথ এবং প্রণালীপুঞ্জ তথা ফলসপইন্টের আলোকগৃহ নির্মিত হইয়াছে ; পুরাতন কটক অর্থাৎ চৌদ্বারের অন্তর্গত কপালেশ্বর নামক দুর্গের প্রস্তর লইয়া বিরূপার আনীকট অর্থাৎ প্রবাহরোধক বাঁধ প্রস্তুত হইয়াছে। বলিতে অন্তঃকরণে লজ্জা এবং পরিতাপ আসিয়া উদিত হয়, এই দুর্গ ভাঙ্গিয়া প্রস্তর প্রদানার্থে আমার প্রতি ভারার্পিত হইয়াছিল।"

৬১. কোণারকের মন্দিরের প্রতিষ্ঠাতা নরসিংহদেবের রাজ্যকাল ১২৩৮-৬৪ খ্রীষ্টাব্দ।

৬৬. কপিলেন্দ্র কপিলেশ্বর নামেও উল্লিখিত ছিলেন। ইহার রাজ্য-কাল ১৪৩৯-১৪৬৪ খ্রীষ্টাব্দ। "মাদলা পাঞ্জি নামক প্রসিদ্ধ পুরাতন গ্রন্থমতে কপিলেন্দ্র দেব গোপজাতীয় ছিলেন।"

দ্বিতীয় সর্গ

দ্বিতীয় সর্গে রঙ্গলাল প্রায়ই পুরুষোত্তমের যথাযথ অনুসরণ করিয়াছেন। তবে মাঝে মাঝে কালোচিত বর্ণনাবাহুল্য ও ভাবনা যোগ হইয়াছে।

পুরুষোত্তম দেবকে বিষ দিয়া মারিবার কথা রঙ্গলাল বাদ দিয়াছেন। শিকারে মারিবার চেষ্টারও উল্লেখ করেন নাই।

৫৪-১১০. রঙ্গলালের নিজস্ব।

১২১-১৩৫. রঙ্গলালের নিজস্ব। কালোচিত নীতি-ভাবনা লক্ষণীয়।

১৩৬. পুরুষোত্তমের মতে রাজপুত্রেরা সকলে দক্ষিণ দেশে পলাইয়া গিয়াছিল।

১৩৮. আধুনিক বাঙ্গালী কবির পক্ষে এখানে দশরথের উদাহরণ স্বাভাবিক বটে তবে পুরুষোত্তমের রচনায় এমন কোন ইঙ্গিত নাই।

১৪০-১৫২ এই সংযোজনে ঐতিহাসিক রঙ্গলাল ধরা দিয়াছেন।

তৃতীয় সর্গ

পুরুষোত্তমের কাব্যে এই অংশ দীর্ঘতর। কালা-ধলা রাউতদ্বয়ের সিপাই সাজিবার খুঁটিনাটি বর্ণনা পুরুষোত্তম দিয়াছেন। রঙ্গলাল এ প্রসঙ্গ বেমালুম বাদ দিয়াছেন।

১-১৩. এই দীর্ঘ গতানুগতিক রূপবর্ণনার স্থানে পুরুষোত্তমের কাব্যে আছে শুধু চারি ছত্র (১০০-১০১)।[১]

পদ্মাবতী নামে তার একটি দুহিতা
জাতিতে পদ্মিনী সে যে মনুষ্যসম্ভূতা।

---

১ এই টীকায় পুরুষোত্তমের উদ্ধৃতিগুলি বাংলায় যথাযথ অনুবাদ করিয়া দিলাম।

দিন দিন বাড়ে সেই অপুরুব বামা
বিভা হেতু বর সে যে খোঁজে অনুপমা।

২৪. কলবরেশ্বর : কলবর্গের রাজা, এখানে কাঞ্চী-নরপতি। কলবর্গ বিজয়নগর রাজ্যের রাজধানী ছিল।

২৫. গজপতি : উড়িষ্যার রাজাদের বিশিষ্ট উপাধি।

২৬. কর্ণাট-ঈশ্বরে : কাঞ্চীরাজকে। কর্ণাটের রাজধানী কাঞ্চী।

২৭. গুণ্ডিচা-যাত্রা : জগন্নাথের রথযাত্রা—মন্দির হইতে বাগান বাড়িতে।

৪৪-৫৭. রঙ্গলালের কাব্যে নায়কের আস্ফালনের স্থানে পুরুষোত্তমের জোরালো উক্তি ভালো লাগে (১৪৩-১৫০)।

বাতে রম্ভা-পত্র প্রায় কোপে কাঁপে কায়
সত্য যদি জগন্নাথ আমি তাঁর রায়।
শ্রীজগন্নাথকে সে দেবতা না বলিল
আমি ছড়া খাটিলে সে চণ্ডাল কহিল।
কন্যাকে আনিয়াছিল মোকে দিতে বিয়া
আমাকে চণ্ডাল বলি নিল বাহুড়িয়া।
যদি জগন্নাথের আমি করে থাকি সেব
তাকে জিনি ঝী তাহার চণ্ডালকে দেব।
যবে শ্রীভুজেতে শঙ্খ চক্র বহিছেন
উড়িষ্যার রাজগিরি মোকে দিয়াছেন।
যবে নীলচক্র 'পরে উড়িতেছে নেত
তবে সে গোহারি মোর শুনিবে জগন্নাথ।
তিন দিন তিন মাস তিন বরষেতে
ইহা মধ্যে অভিযান কাঞ্চী-কাবেরীতে।

৬১. ভোগের সময়-ব্যত্যয়ের কারণ কি রঙ্গলাল তাহা বলেন নাই। পুরুষোত্তম দ্রষ্টব্য (১৫৫-১৮১)।

সূপকারের পুরা নাম দাশরথি।

৬৩. পুরী (পুরুষোত্তম 'পুরিয়া') : পুরুষোত্তমদেবের ডাক নাম।

৭১. জগন্নাথের ভোগে সাপের মুখ দেওয়া কাহিনী রঙ্গলালের কাব্যে বর্জিত হইয়াছে।

৭৩-৯২. সংস্কৃতে লেখা এই স্তবটি রঙ্গলালের নিজস্ব। এমন রচনা ভারতচন্দ্রের কাব্যে তথা মদনমোহন তর্কালঙ্কারের বাসবদত্তায় আছে।

চতুর্থ সর্গ

এইটিই কাঞ্চী-কাবেরীর প্রধান উপাখ্যান। পুরুষোত্তমদাস এ কাহিনী ৫৪৪ ছত্রে বর্ণনা করিয়াছেন, রঙ্গলাল ৪৩৪ ছত্রে। রঙ্গলাল এখানে স্পষ্টভাবে পুরুষোত্তমের অনুসরণ করিয়াছেন।

৩. আনন্দপুর : পুরুষোত্তম লিখিয়াছেন আদিপুর।

১২. পুরুষোত্তমের মতে মাণিকার বাপের নাম বৃষ বেহেরা। মাণিকা কৃষ্ণবল্লভা, সুতরাং রাধার অংশ। রাধা বৃষভানুর কন্যা। কাজে-কাজেই মাণিকার পিতা বৃষ। রঙ্গলাল বোধ করি ছন্দের অনুরোধেই "বৃষভ" করিয়াছেন।

১৩-১৯. পুরুষোত্তমের বর্ণনা (৩৩৯-৩৪৫) তুলনীয়।

২৭. দর-হাসি : ঈষৎ-হাস্য। পুরুষোত্তম হইতে গৃহীত।

২৮. ফুলগুণা : পুরুষোত্তম "চন্দ্রগুণা"। নাকছাবি।
চিতা : উল্‌কি, ফোঁটা-কাটা।

২৯. গোড়বালা : পায়ের গোটামল।

৩১. পাটফুল : খোপা।

৩৫. রাজপুত : পুরুষোত্তম—রাউত। অশ্বারোহী সিপাই।

৪৭. আশোবার : অশ্বারোহী।

৬৫. মূলিয়া : সব দ্রব্য একসঙ্গে কিনিয়া লইয়া।

৬৮-৮০. এই অংশ পুরুষোত্তমের অনুবাদ বলা চলে (৪০৯-৪১৯)।

৭৭. আচাভুয়া লোক : বাজে লোক, অজ্ঞ ব্যক্তি।

৮৪. শূরসেন দেশে : মথুরা অঞ্চলে।

১০৩. তুলনীয় পুরুষোত্তম (৪৪৬-৪৪৭)।

সিপাহী লোক যে মোরা রুটি জল খাই
রুটি জল খেয়ে মোরা সদা যুদ্ধে যাই।
শৌচ অশৌচ যে সব মোরা সই
যেই স্থানে যাহা দেয় তাহা গিয়ে খাই।

১০৭. কথার কলনা : কথা-কাটাকাটি, বাক্‌ছল।

১০৯. কালিয় : কালো।

১১১. উভ : ঊর্দ্ধ, অর্থাৎ উন্মুক্ত।

১১৮. সহিস দুইজন যথাক্রমে উদ্ধব ও অক্রূরের প্রতিনিধি বা অবতার। ইহাদের নাম বিসহ্ন (অর্থাৎ বিষ্ণু) ও বীরপাল। পুরুষোত্তম দ্রষ্টব্য।

১২২. পুরুষোত্তমের কাব্যে মাণিকা কৃষ্ণমায়ায় মোহিত হইয়া কড়ি চাহিয়াছিল।

১৩০. ভুঁই ছুঁয়ে : পুরুষোত্তমের মতে কান ছুঁইয়া।

১৩৮. মুদ্রিকা : মুদ্রা (অর্থাৎ রাজচিহ্ন বা স্বাক্ষর)-অঙ্কিত অঙ্গুরীয়।

১৪১-৪২. তুলনীয় পুরুষোত্তম (৫২০-২১)।

> মুদি হস্তে ধরি করি চাহিতে মাণিকী
> কোঁড়া মারিয়া তাঁরা ঘোড়া দিল হাকি।
> দেখি দেখি অদৃশ্য যে হৈল ভাই দুই।
> মাণিকী রহিলা পথে হস্তে মুদি লই।

১৪৩ক. পুরুষোত্তমের আক্ষরিক অনুবাদ (৫২৬ক)।

১৪৫. পাটজোষী : পট্টজ্যোতিষিক, রাজার খাশ জ্যোতিষী।

১৪৯. অস্ত্র-নল : বন্দুক, পুরুষোত্তম "কুণ্ডনলি"।

১৫৩. শূলকী : শূলধারী যোদ্ধা।

১৫৫. সর্বল : সাবল।

১৫৭. তুলনীয় পুরুষোত্তম (৫৪১ ক)।

> উট 'পরে দামামা যে ঘোটকে নাকারা।

১৯৩. আকুটী : বাহানা, জেদ।

২১০. কনকস্নান : স্বর্ণঘটের জলে স্নান করাইয়া পুরস্কার দেওয়া সেকালের রাজাদের পক্ষে খুব সম্মান দেখানো বলিয়া গণ্য ছিল।

পুরুষোত্তমের মাণিকা তেজস্বিনী। রাজা যখন বলিলেন, তোমার যা ইচ্ছা মাগ, আমি দিব তখন মাণিকা উত্তর করিয়াছিল, তোমার কাছে মাগিব কেন? মাগিলে দুই রাউতের কাছেই মাগিতে পারিতাম।

পঞ্চম সর্গ

পঞ্চম সর্গে প্রধানতঃ ভৌগোলিক বর্ণনা, রঙ্গলালের নিজস্ব। ইহার স্থানে পুরুষোত্তমের কাব্যে ১২ ছত্র আছে। মাণিকার কথা শুনিয়া ও শ্রীবৎসমুদ্রাযুক্ত অঙ্গুরীয় পাইয়া রাজা গর্ব বোধ করিলেন,

> আমি বড় ভক্ত প্রভু আমার নিমিত্তে
> রাউত রূপে যাত্রা করে কাঞ্চী-কাবেরীতে।

অন্তর্যামী জগন্নাথ জানিয়া এমন করিলেন যাহাতে রাজার গর্ব খর্ব হয়।

> প্রবেশ মাত্রেতে জয় করিত নৃপতি
> বিলম্ব করিল প্রভু রাজা-গর্ব প্রতি।

২. শ্রীকঙ্কালী : শ্রীকাকুলম্ বা চিকাকোল।
১০. শাকক্রম : সেগুন গাছ।
১৫. রাকিনী : রঙ্কিণী, চামুণ্ডা।
২২-২৩. রঘুবংশের চতুর্থ সর্গ দ্রষ্টব্য।
২৬ কুরঙ্গ পুরী করিঙ্গা।
মীন-পত্তন : মছলি-পাটন।
২৯. কলুর : কোলার।
কলকুণ্ড : গোলকুণ্ডা।
কুণ্ডবীর : স্থাননাম।
৩২. গোণ্ডলোক : গোণ্ড প্রভৃতি জাতি।
অন্থ্রগোল : জাতি নাম (?)।
তামল : তামিল।
লাটী : লাটদেশের (গুজরাটের) ভাষা।
৩৩. তৈলপর্ণী : আধুনিক পেন্নার।
পাণ্ডুদেশ : পাণ্ড্য দেশ।

ষষ্ঠ সর্গ

কাঞ্চীপুরীর বর্ণনা (১-৪৩) রঙ্গলালের নিজস্ব। উড়িষ্যা-রাজের পত্র এবং কাঞ্চীরাজের প্রত্যুত্তরও পুরুষোত্তমের কাব্যে নাই। পুরুষোত্তমের যুদ্ধবর্ণনা বেশি রিয়ালিষ্টিক। তবে পুরুষোত্তমের কাব্যে প্রধান যুদ্ধ

রাউতদ্বয়ের—কাঞ্চীরাজের সৈন্যের এবং কাঞ্চীরাজ দেবতা ভণ্ড গণপতির সঙ্গে। ("ভণ্ড" সংস্কৃত অর্থে নয়, ইহা "ভাণ্ড" শব্দের ওড়িয়া রূপ। মানে "ধনাধিকারী"।)

পুরুষোত্তম এইভাবে শুরু করিয়াছেন,

অনেক রাজ্য জিনিয়া গেল বহু বাট
কাঞ্চী-কাবেরী কর্ণাট হইল নিকট।

কাঞ্চী-রাজাকে গিয়া দূত কহিল উড়িষ্যার রাজা কাঞ্চীরাজ্য আক্রমণ করিয়াছে।

৫ কেদারে : সজল ক্ষেত্রে।

২৫. হস্তিনখ : বুরুজ।

২৪০. রঙ্গলালের নিজস্ব কল্পনা। পুরুষোত্তম বলিয়াছেন রাজার সত্যরক্ষার জন্যই রাউতদ্বয় পলায়মান রাজান্তঃপুর হইতে পদ্মাবতীকে ছিনাইয়া লইয়াছিলেন (৭৮০-৮৪)।

অন্তর্যামী নাথ বটে কালিয়া রাউত
ঝী পদ্মাবতী লইয়া এতেক অনর্থ।
জননীর সঙ্গে সেহ যায় পলাইয়া
মোর রাউত-আজ্ঞাকে বিফল করাইয়া।
বলিয়াছি যবে মুই প্রমাণ করিব
রাজা জিনি কন্যাকে মুই চণ্ডালকে দিব।
এবে ত সে কন্যা লই যাইছে পলাইয়া
মোর রাউত-আজ্ঞাকে বিফল করাইয়া।
যবে সেই রাজা এবে পলাইছে বেগে
দুই রাউত বেড়িয়া যে আটকিল আগে।

পুরুষোত্তম কাঞ্চীবিজয়ের তারিখ দিয়াছেন (৭৯০),

জ্যৈষ্ঠ মাসে শুক্লপক্ষ রাকা বুধবার
কাঞ্চী জয় করিতে পশিল লস্কর।

অতঃপর পুরুষোত্তম সাক্ষীগোপালের কাহিনী বর্ণনা করিয়াছেন (৭৯৪-৮৩৫)। এ কাহিনী চৈতন্যচরিতামৃতে আছে (মধ্যলীলা পঞ্চম

পরিচ্ছেদ)। পুরুষোত্তম দেব সাক্ষীগোপাল মূর্তিকে দক্ষিণ হইতে আনিয়া রাজধানীতে প্রতিষ্ঠিত করিয়াছিলেন। ভণ্ড গণপতি মূর্তিও আনিয়া জগন্নাথ দেউলের পিছনে রাখিয়াছিলেন।

ভক্ত-ভগবানের অলৌকিক-লীলাসর্বস্ব বলিয়াই আধুনিক কবি সত্যবাদী গোপালের কাহিনীটি বর্জন করিয়াছেন।

২৭৭ পুরুষোত্তমের মতে পুরুষোত্তম দেব কাঞ্চীবিজয় করিয়া রাজধানীতে প্রত্যাবর্তন করিয়াছিলেন রথযাত্রার একুশ দিন আগে (৮৩৯)।

শ্রীগুণ্ডিচা-যাত্রা পূর্ব একবিংশ দিন
কাঞ্চীবিজয় করি ফিরিল রাজন।

রাউতদ্বয়ের পুরীতে পৌছিবার তারিখ (৮৪৪),

জ্যৈষ্ঠ শুক্ল ত্রয়োদশী বটে সে দিনেতে
জগন্নাথ-বলভদ্র নেউটিল শ্রীক্ষেত্রেতে।

রথযাত্রায় ছড়া-ঝাঁট দিতে হইবে এইজন্য রাজা শিবিকারোহণে একলা বিশ দিনে কাঞ্চী হইতে পুরীতে ফিরিয়াছিলেন।

অতঃপর পুরুষোত্তম শিখর সাহুর প্রতি দেবানুগ্রহ বর্ণনা করিয়াছেন (৮৪৮-৮৭৪)। এ কাহিনীও রঙ্গলালের কাব্যে বর্জিত।

সপ্তম সর্গ

সপ্তম সর্গে পুরুষোত্তম-পদ্মাবতীর অনুরাগ ও মিলন বর্ণনা, রঙ্গলালের নিজস্ব। এ ব্যাপার পুরুষোত্তমদাস ১২ ছত্রে সারিয়াছেন (৮৭৫-৮৮০)।

রজনী পোহাইলে হৈবে শ্রীগুণ্ডিচা-যাতে
চতুর্ধা মূর্তি বিজয় কৈল তিন রথে।
কাঞ্চীরাজা-দুহিতা যে পদ্মাবতী কন্যা
মন্ত্রী-ঠাঁয়ে তাহাকে রাখিয়াছিল সে না।
চণ্ডালে দিতে রাজা আজ্ঞা দিয়াছিল
বিবেকী যে মন্ত্রী তাহে বিচার করিল।
সেইমতে ছড়া-ঝাঁট কার্য্যের বেলায়
কন্যাকে সঁপিল রাজার পায়ের তলায়।

"ওহে রাজা, এ কন্যাকে চণ্ডালে লউক
শ্রীমুখের আজ্ঞায় কিছু অবজ্ঞা না হউক।"
সকলে যে মন্ত্রীকে করয়ে ধন্য ধন্য
সে পদ্মাবতীকে বিভা করিল রাজন।

মন্ত্রীর উপর খুশি হইয়া রাজা তাঁহাকে সাসমল উপাধি দিয়াছিলেন।

রঙ্গলালের কাব্যের সমাপ্তি অত্যন্ত আকস্মিক। পুরুষোত্তম সেকালের কাব্যরীতি অনুসারে ইষ্টের কাছে ভক্তি নিবেদন করিয়াছেন এবং অল্পকথায় নিজের পরিচয় দিয়া শেষ করিয়াছেন॥

কাঞ্চী-কাবেরী

(ওড়িয়া)

শব্দকোষ

অইলা—আগত (বিশেষণ)।
অইলা, আইল—আসিল, আইল।
অইলু—আসিলাম, আইলাম।
অঙ্গুষ্ঠি—অঙ্গুলি, আঙুল।
অছ—অস্ত্যর্থ ক্রিয়া
অছই, অছি, -ছি—আছে, -ছে।
অছন্তি, -ছন্তি—আছে (বহুবচন), আছেন, -ছেন।
অছু, -ছু—আছ, -ছ (মধ্যমপুরুষ)।
অছুঁ, -ছুঁ—আছি, -ছি (উত্তমপুরুষ)।
অট—অস্ত্যর্থ ক্রিয়া
অটই, অটে (প্রথমপুরুষ)।
অটই (উত্তমপুরুষ)।
অটন্তি (ঐ বহুবচন, একবচন গৌরবে)।
অটু (মধ্যমপুরুষ)।
অণ্টা—কোমর ; আঁটা।
অণ্টাই—যোগান দিয়া, আঁটাইয়া।
অণ্ডির—মন্দা। তু' অণ্ডির পাথর (ধর্মমঙ্গল)।
অধাম—একরকম নাড়ু।
অনাই, অনাইণ—দেখিয়া।
অনুব্রতরে—অনবরতভাবে।
অবা—বা, অথবা।

অমুরুত—অমৃত। অর্ধতৎসম।
অলগা—আলগা, আলাদা।
অশউচ—অশুচি, অশৌচ।
অসবারি, অসুআর, অসোবার—ঘোড়সওয়ার, অশ্বারোহী।
অসম্ভাল—অসামাল।

আউ—আর, অপর, অপর ব্যক্তি।
আকট—বিশেষ প্রয়োজন, আটক।
আক্রোশিলা—আকর্ষিল।
আগ—আগে, অগ্রে।
আপটে—একেলা, একান্ত।
<আত্মবৃত্ত।
আটিকা—একরকম মাটির হাড়ি। বাঙ্গালায় 'আট্‌কে' (জগন্নাথের স্থায়ী ভোগ-বরাদ্দ)।
আণ—ক্রিয়া
আণিথাই—আনিয়া থাকে।
আণিথিলা—আনিয়াছিল।
আবরি—আর, অপর। শ্রীকৃষ্ণকীর্তনে 'আঅর,' হিন্দী 'আওর'।
আম্ভ—আমা, আমার, আমাদের, আমি, আমরা।
আম্ভে—আমি, আমরা, আমাকে, আমাদিগকে।

আম্ভেমানে—আমরা।

আম্ভেঠারু—আমাদের ঠাঁই হইতে।

আর—আর, অপর।

আরত—কাতর, আর্ত। অর্ধতৎসম।

আরদোলি—কাতর নিবেদন, মিনতি।

আশ্রে—আশ্রয়। অর্ধতৎসম।

আস—ক্রিয়া, <আ-বিশ্

আস—এস।

আসন্তে—আসিতে, আসিতে আসিতে।

আসন্তেণ—আসাতে, আসিবার কালে।

আসিথাই—আসিয়াছি।

আস্থু, আস্থুঁ—আসিতে, আসিতে আসিতে।

আস্থুছি—আসিতেছে।

আড়, আড়ে—আড়াল, অন্তর্হিত।

আড়চিরা—আড় হইয়া (ঘোড়ার এক পা তুলিয়া) লাফ।

আড়িআই—আড় হইয়া, একপাশ হইয়া।

আড়িলে—আড় করিলে, আড়াল করিলে।

আহরি—আর, অপর, অন্য। দ্র' আবরি।

উই—উদিত, উদিত হয়। তদ্ভব।

উচ্চাপাঙ্ক (যুদ্ধ)—হুটোপাটি।

উঞ্চাই—উচাইয়া, প্রস্তুত হইয়া।

উত্তারু—উত্তরে, পরে।

উদে—উদয়, উদিত। অর্ধতৎসম।

উপ্রোধ—উপরোধ, অনুনয়, দয়া। অর্ধতৎসম।

উড্ডুঅছি—উড়িতেছে, উড়িছে।

উভা—উর্দ্ধ, খাড়া, দণ্ডায়মান। তদ্ভব।

উত্তারে, উতারে—পরে।

এ আড়ু—এ দিকে।

এউড়ি—ঢেঁকুর, উদ্গার (ভোজনে পরিতৃপ্তির পর)।

একাবেলে—একসঙ্গে, একবারে।

এ—ইহা, এ।

এমানে—ইহারা।

এণ, এণু—এমন, এহেন।

এণিকি—এ দিকে, এঁর কাছে।

এথু অন্তরে—ইহার পরে।

এমন্তেণ—এমতে, এরকমে।

এড়ে—এমন, এতাদৃশ। অপভ্রংশ 'এবড্ড'।

এহি—এই, এ।

ওগাল—অবরোধ, আটক। <অবগাঢ়।

ওট—উট, উষ্ট্র।

ওড়িশাশিরী—উড়িষ্যারাজলক্ষ্মী, ঔড্রবিষয়শ্রী।

ওঢ়ণা—ওড়না, অবগুণ্ঠন।

ওহ্লাইলে—নামিল, নামাইল, উলিল, ওলাইল।

ওহ্লা—<অবতার (নাম-ধাতু)।

-ক, -কর—ষষ্ঠীবিভক্তি (একবচন)।

কচটি—মণিবন্ধের ভূষণ, প্রকোষ্ঠ-পট্টিক।

কটকাই—অভিযান, যুদ্ধযাত্রা, চড়াও।

কটুআল—কোটাল, প্রহরীদের অধ্যক্ষ, কোষ্ঠপাল। তদ্ভব।

কতি—কোথাও, কোথায়, কুত্র; স্থানে, নিকটে।

কতিরে—সর্বত্র।

কথাএ কর—এক কথা কর, কথা দাও, সত্য কর।

কনক-স্নাহান—সোনার ঘড়ায় জল তুলিয়া স্নান করানো।

কমলা—কমলালেবু।

কর্ণাল—একরকম বাঁশী, কর-নাল।

কর—ক্রিয়া

করি, করিণ—করিয়া।

করন্তা—করিত।

করি থান্তি—করিয়া থাকেন।

করি থিবি—করিয়া থাকিব, (যদি) করিয়া থাকি।

করিবটি—করিবে (প্রথমপুরুষ)

কল—করিলে (মধ্যমপুরুষ), করিতেছে।

কলা—করিল, করিলেন।

কলুঁ, কলুঁটি—করিলাম।

কলে—করিল, করিলেন।

কলেক—করিলেন।

কলণা—হিসাব, কলন। অর্ধতৎসম।

কলবরকেশরী—কলবর্গেশ্বর, কাঞ্চী-কর্ণাটের রাজা।

কলা—কালো, কালা।

কলি-গোল—কলহ গোলমাল, গণ্ডগোল।

কলিআর—ঘোড়ার লাগাম।

কলি-হাম্বিরি—কলি- (কালে) আমীর, কলহে আমীর, কালো আমীর। কপিলেন্দ্রদেবের এক পুত্রের নাম।

কলিবাকু—বিচার করিবার জন্য।

কষণি—অঙ্গুলিত্রাণ।

কহ—ক্রিয়া

কহু কহু—বলিতে বলিতে।

কহুঁ কহুঁ—ঐ, ক্রমশঃ।

কাঙ্গুলি—অঙ্গভূষা চিত্রবিশেষ। ফারসী শব্দ।

কাঞ্জি—আমানি।

কাণ্ড—শর, তীর।

কান্থ—কাঁথ, দেওয়াল।

কানি—পরিহিত বস্ত্রের অংশ, আঁচল, কানি।

কাউরি—জলপাত্র বিশেষ।

কামুড়িণ—কামড়াইয়া।

কাষ্ঠা—স্থির নিশ্চয়, প্রতিজ্ঞা।

কাঢ়—ক্রিয়া

কাঢ়ন্তি—টানিয়া খুলিতেছেন।

কাঢ়ি—টানিয়া বাহির করিয়া।

কাহাল, কাহালি—ঢোলের মত বাদ্যযন্ত্র।

-কি—গৌণকর্ম্মের বিভক্তি।

কিছি—কিছু, কিঞ্চিৎ।

কিম্‌পা, কি পা (কি পাই)—কি জন্য, কেন।

কিস—কি। তু' বাঙ্গালা 'কিসে'।

-কু—চতুর্থী বিভক্তি (একবচন)।

কুআ—কাক, কাউয়া। তদ্ভব।

কুআতরা—শুকতারা, ভোরের তারা। যে তারা (তরা) উঠিলে কাক (কুআ) ডাকে।

কুআ ভুআ—অস্ফুট চীৎকার।

কু আড়ে—কোন দিকে। দ্র' আড়ে।

কুলতুট—কুলহীন, উপপত্নীগর্ভ-জাত। <*কুলক্রুট।

কুহড়ি—কুয়াশা, কুহক। <*কুহ-কটিক।

কেউ—কোন্, কে।

কেঞ্চি—কেঁচায় (শূলে) বিঁধিয়া। নামধাতু।

কেতে—কত। <*কেত্তক।

কেবণ—কোন্, কে। অপভ্রংশ শব্দ।

কেমন্তে—কেমনে, কি করিয়া।

কেহি—কেউ।

কোট-খরচ—ভাঁড়ার (কোষ্ঠ) খরচ, সংসার খরচ।

কোঠভণ্ডারে—কোষ্ঠভাণ্ডাগারে।

কোপুছি—কোপিছে, কোপ করিতেছে। নামধাতু।

কোরড়া—কোঁড়া, চাবুক।

কোড়িথিলে—খুঁটিয়াছিল, বিঁধিয়াছিল, খুঁড়িয়াছিল।

কৃতকৃত—কৃতকৃত্য।

খঞ্জনি—ঘুঙুর ; অলঙ্করণ, খেচনি।

খঞ্জিলে—খেঁচিল, অলঙ্কাররূপে লাগাইল।

খট—ক্রিয়া

খটন্তি—খাটে (বহুবচন)।

খাট—খাটে।

খটিছু—খাটিতেছি।

খটিলাকু—খাটাতে, খাটার জন্য।

খটিয়া—খাটিয়া, চৌপাই।

খড়িকা—ঝাঁটা, ঝাড়ু।

খণ্ড দূরে—একটু দূর হইতে।

খণ্ডা—খাঁড়া ; তর্ক, কলহ।

খন্দা, খন্দাঘর—বেড়াঘেরা (বা পাচীরঘেরা) ঘরবাড়ি ; গুদাম-ঘর।

খসি—খসিয়া, সরিয়া।

খাআনি—খাওয়া।

খালি—শূন্য, ফারসী শব্দ।
খুগি—খুঙ্গি, কালিকলম ইত্যাদি রাখিবার পেটিকা।
খোসা—খোপা।
খোসা খসিছি—খোপা বাঁধিয়াছে।

গইলাবাট (৫৫৫)—যে পথে গিয়াছে।
গউড়ুণী—গোয়ালিনী। দ্র' গোপালুনী।
গজপতি—উড়িষ্যার রাজাদের উপাধি।
গঞ্জিবারে—গঞ্জনা দিতে, ভাঙ্গিতে।
গস্তা—উপরের গাত্রাবরণ।
গণ্ডা ঢাল—গণ্ডারের চামড়ার ঢাল।
গলা, গলে—গেল।
গহণে—পাশে, সঙ্গে।
গহল—ভিড়। তু' 'গাহল বন্ধুল' (বিপ্রদাসের মনসাবিজয়)।
গড়—দুর্গ।
গাড়—গাড়া, চাপাপড়া, নিহিত।
গুণ্ড—মুষ্টিযোদ্ধা, গুণ্ডা।
গুণ্ডিচাযাত—গুণ্ডিচাযাত্রা, জগন্নাথের রথযাত্রা।
গুপতরে—গুপ্তে, গোপনে।
গুমানী—গর্বিত। ফারসী শব্দ।
গুহাড়ি—গোহারি, কাতর নিবেদন।
গুড়িয়া—গুড়ের কারবারী, ময়রা।
গোলি—যাহা গোলা হইয়াছে; পানা, পানীয়।
গোটিকা—একরকম নাড়ু।
গোপালুণী—গোয়ালিনী।
গোল—চেঁচামেচি, গণ্ডগোল।
গোড়—পা। তু' বাঙ্গালা 'গোড়ালি'।
গোড় পকাইলে—পা ফেলিলে।
গোড়া—গোড় হইতে নামধাতু
গোড়াই—পিছু পিছু গিয়া।
গোড়াইলে—পিছু পিছু গেল।
গোড়াবন্তে—পিছু পিছু আসিতে।

ঘড়ি—ঘটিকা, দণ্ড (সময়)।
ঘড়ি পাঞ্চ বেল—বেলা পাঁচ ঘটিকায়।
ঘড়ি (৪৬০)—ঘটি।
ঘাগুড়ি—ঘুঙুর।
ঘাস্তেক—আঘাতকে।
ঘাসিয়া, ঘাসী—ঘাস-কাটা ভৃত্য, ঘেসেড়া।
ঘুঞ্চিলে—ঘুচিলে।
ঘেনি, ঘেনিণ—গ্রহণ করিয়া লইয়া। <গৃহ্‌ণ-।
ঘেন্তি—গ্রহণ করিয়া, লইয়া। <গৃহীত।
ঘোড়াই—ঘোমটায় ঢাকিয়া। <ঘুট-।

ঘোড়াঘোড়—ঘোমটা-ঢাকা।

-ঙ্ক, ঙ্কর—ষষ্ঠী বিভক্তি (বহুবচন)।

-ঙ্কি—গৌণকর্মের বিভক্তি (বহু-বচন)।

-ঙ্কু—চতুর্থী বিভক্তি (বহুবচন)।

চউকি—প্রস্তরাসন।

চউকিয়া—চৌকিদার, প্রহরী।

চউজামা—ঘেরাটোপ (ঘোড়ার)

চউপলা—চতুর্দোল, চৌদোলা।

চউপাশ—চারিপাশে।

চন্দ্রগুণা—নাকমাছি, নাকছাবি।

চড়াউ—চড়াও, আক্রমণ।

চাকিরী—চাকরি।

চাঙ্গুড়ি—চাঙ্গারি, বাঁশের শক্ত ঝুড়ি।

চার—চর, দূত।

চাহিঁ চাহিঁ—চাহিতে চাহিতে, দেখিতে দেখিতে।

চিনা—চিহ্ন, ফুটকি। তু বসন্তের চিনা (রূপরামের ধর্মমঙ্গল)।

চিতা—টিপ, উল্‌কি, পত্রলেখা। <চিত্র।

চিত—ক্রিয়া, <চিত্ত

চিতোই—ভাবিল ; ভাবিয়া।

চেতি—চেতন হইয়া, জাগিয়া

চিহরাচোপ—স্বীকারপত্র, রসিদ, ফর্দ।

চুট—ছিটা, জরির কাজ।

চুম্বাই—আলিঙ্গন করিয়া।

চেতি—চেতন।

চেরদার (৩০৩)—পশ্চাদ্‌গামী ভৃত্য, page boy।

চোপ—দলিল, ছাড়পত্র, স্বীকার পত্র। তু বাঙ্গালা 'চোতা, চোটা, চিঠা, চিঠি'।

ছইলা—ঢঙ, ছেলেমি, ছেনালি। প্রাকৃত 'ছইল্ল'।

ছটাঙ্কি—ছটাক মাপের পাত্র।

ছড়া (৫৫৩)—ছাড়া, তফাৎ।

ছতি—ছাতা, ছত্র।

ছন্তিমিলি = মিলিছন্তি—মিলিয়াছে, একত্র হইয়াছে।

ছন্দি—ছাদা, বাঁধা, আটক। তু বাঙ্গালা 'ছাদন দড়ি, বাঁধা-ছাদা'।

ছড়িদার—বেত্রহস্ত প্রহরী, জগন্নাথ-মন্দিরের প্রহরী।

ছামুরে—সামনে। <সম্মুখ।

ছিড়া—খাড়া, দণ্ডায়মান।

ছেক—একবারের বরাদ্দ ভোগ-সামগ্রী।

ছেড়া, ছেরা—ছড়া, ছড়াঝাঁট।

জউতিষ-রাএ—রাজ-জ্যোতিষী।

জগি থিলে—জাগিয়া রহিল।

জণকু—একজনকে।

জণান্তে—জানাইতে।

জনাউ থান্তি—জানাইয়া থাকেন।

জরি হোই (৬৭২)—জড় হইয়া।

জরি বুট—জরির বুটি।

জলা-কবাটি—জাল-কপাট, জালি-কাটা পাথরের জানালা বা কপাট।

জড়পরি—জড়প্রায়।

জড়া তেল—চিটা তেল, গাঢ় পিচ্ছিল তৈল।

জড়ি—জড়ানো, লাগানো, খচিত। তু 'জড়োয়া'।

জাণ—ক্রিয়া

জাণিম—জানিবে।

জাণু—জানি (উত্তমপুরুষ)।

জারি (৬৭২)—হাজির, নিকটস্থ। ফারসী শব্দ।

জিণ—জয় করা, জয়ী হওয়া; <জিনাতি (বৈদিক)

জিণন্তি—জয়লাভ করে।

জিণি—জয় করিল।

জিস—যাহা। <*যিস্য=যস্য। তু' কিস। হিন্দী জিস।

জুর, জুর—লুট, লুটের মাল।

জুরি—লুট করিয়া।

জেনা—রাজপুত্র।

জেমা—রাজকন্যা।

ঝটঝট—ঝকমক।

ঝিঅ—কন্যা, ঝি।

ঝিন—সরু, সূক্ষ্ম। <ক্ষীণ।

ঝুন্টিয়া—চুটকি, পায়ের আঙ্গুলের আংটি।

টাণ—দৃঢ়।

টাহিয়া—শিরোভূষণ।

-টি—ক্রিয়াপদে স্বার্থিক বিভক্তি।

টিকি—কিছু; নাকি (প্রশ্নে)।

টেক—ক্রিয়া; তু' বাঙ্গালা 'বোতাম টেকা'

টেকন্তেণ—লাগিতে, ধরিতে।

টেকি, টেকিণ—ধরিয়া।

টেকিছন্ত—ধরিয়াছেন।

টেকিব—ধরিবে।

টেকিল—ধরিল, লইল।

টোপি—টোপ, ফোটা, বিন্দু।

ঠাকুরপণ—প্রভুত্ব।

ঠরাঠরি হোই—ঠারাঠারি করিয়া।

ঠাবরু—ঠাইয়ে, স্থান হইতে।

ঠারি—ইঙ্গিত করিয়া।

-ঠারু—পঞ্চমী বিভক্তি।

-ঠারে—চতুর্থী-পঞ্চমী-সপ্তমী বিভক্তি।

ঠুলে—একত্র

ডকা বোবালি—ডাক হাক, চীৎকার।

ডগর, ডগরা—বার্তাবহ, দূত।

ডরি—ডর, ভয়।

ডিআঁবন্তি—ডিঙায়, ডিঙ্গাইয়া যায়।

ডিঙ্গর—ডাঙ্গা, অনুচ্চ পর্বত।

ডিহ—বাড়ি, বাসস্থান।

ঢেঙ্কুনিয়া—উড়িয়া সৈন্য (?)।

ঢেণুআ—ধনু-বিশেষ ধারী যোদ্ধা।

-লি—সম্পন্ন অতীত কালের বিভক্তি।

তবধ—স্তব্ধ।

তরকিণ—তাকাইয়া, খুঁজিয়া। অর্ধতৎসম। <তর্ক-।

তরপর—তড়বড় ; তৎপর, সত্বর।

তড়তি—তাড়াতাড়ি, তৎক্ষণাৎ। প্রাকৃত তড়ত্তি।

তড়াই—তাড়াইয়া, তাড়িয়া, সবেগে।

তহঁ—সেহেতু।

তাটকা—আশ্চর্যান্বিত।

তাটঙ্ক—কর্ণভূষণ।

তাড়—বাঁ হাতের তাবিজ।

তাড়ি—দ্র তড়াই।

তার তাহিঁ—তাহার প্রতি।

তিনি—তিন। <ত্রীণি।

তিহাড়ি—তেওয়ারি, ত্রিপাঠী (পদবী)।

তুছা (৮৫৪)—তুচ্ছ, অযোগ্য।

তুনি (৪২২)—নীরব, চুপ। <তুষ্ণীক।

তুপ—তুবড়ি ; কামান।

তুম্ভ—তুমি (বহুবচন গৌরবে), আপনি।

তুহাই—পুনঃপুনঃ, উপর্যুপরি।

তুহি—তুই।

তেড়ে—ততটা, তেমন। অপভ্রংশ তেবড্ড।

তেণ আউ—তিনি ছাড়া।

তৈলঙ্গ—তেলেঙ্গা সৈন্য।

তো—তোর, তুই। <তব।

তোটা—উদ্যানবাটিকা।

তোরা—উজ্জ্বলা।

তোহ, তোহর—তোর, তোমার।

তোড়পা—মাপের বাটি বিশেষ।

ত্রোণ—তূণ। অর্ধতৎসম।

থয়—স্থির। তু বাংলা 'থই'।

থা—ক্রিয়া

থাই—থাকে।

থাই—থাকিয়া।

থাউ—থাকিতে, থাকিলে।

থান্তি—থাকে, থাকেন (বহুবচন)।

থান্তে—থাকিতে।

থান্তু—থাকিতাম, থাকিত।

থিলে—থাকিল।

থাট—ঠাট, যুদ্ধসজ্জা।

থাম্বাল—স্থূলোদর।

থুআ—স্থাপিত। <স্তূপ।

থোই—থুইয়া, রাখিয়া।

থোকে—ঈষৎ পরিমাণে, একটুও। <স্তোক।

থোর—স্থূল, স্থূলকায়।

দইতারি—দৈত্যারি, জগন্নাথ।

দউড়ি—দড়ি।

দণ্ডধারী—প্রতাপী রাজা।

দমামি—দামামা, ঢাক।

দরহাস্ত—অল্পহাসি।

দহিলা—দগ্ধ, তপ্ত (বিশেষণ)।
দাআ—কাস্তে, দা। <দাত্র।
দাণ্ড—রাজপথ, সোজা বড় রাস্তা। <দণ্ড।
দাণ্ডি করি—দাঁড় করাইয়া।
দানা—ঘোড়ার খাদ্য।
দিহু দিহু, দিহু দিন—দিনে দিনে।
দিশ্—কর্মবাচ্যের ক্রিয়া, <দৃশ্য-
 দিশই—দেখা যায়, দেখায়।
 দিশিলা—দেখা গেল।
 দিশিলে—দেখা গেল, দেখা দিল।
 দিশে—দেখায়।
দিহুড়ি—দীপ, দেউটি। <দীপ-বর্তিকা।
দুআড়, দুআড়-মুঠা—কামান, অথবা দুই দিকে ধারওয়ালা শস্ত্র। তু বাংলা দোয়াড়ি (দুইদিকে মুখওয়ালা মাছ ধরিবার যন্ত্র।)
দুব—দুর্বা, দুর্বাবৎ।
দুহিঙ্ক—দুইজনের।
দে—ক্রিয়া
 দিঅ—দাও।
 দিএ—দেয়, দিয়াছে।
 দিঅই, দিয়ন্তি—দেয়, দেওয়া হয়।
 দেই—দেয়।
 দেউছ—দিতেছ।
 দেউছি—দিতেছে।
 দেব—দিব (উত্তমপুরুষ)
 দেব, দেবা—দিবে (প্রথমপুরুষ), দিতে হইবে।
 দেবি—দিব
 দেবু—দিবে (মধ্যমপুরুষ)।
 দেলা, দেলাক, দেলেক, দেলে—দিল।
 দেলে—দিলে (অসমাপিকা)।
 দিঅন্তে—দেওয়াতে, দিতে দিতে।
দেখ—ক্রিয়া
 দেখু—দেখিতে, দেখিতে দেখিতে।
দেবারু—দেওয়াতে, দিবার ফলে।

ধমক—ঢাকের মত বাদ্যযন্ত্র।
ধইল—ধরিল। <ধৃত+ইল্ল।
ধাম (ধাব)—ক্রিয়া
 ধামই, ধামন্তি—দৌড়ায়।
 ধামে—দৌড়ায়, ধায়।
ধাড়ি—আক্রমণ, যুদ্ধ।
ধুআন্তি—দৌড়ায়, ধায়।
ধূপ—ভোগপূজা।
ধোই—ধুইয়া।

নইলা (=নাইলা)—আসিল না।
নগ্রে—নগরে।
নটিকাল—নারিকেল।
ননন্দ—স্বামীর ভগিনী, ননদ।
নবর—নগর।
নবাত—মিষ্টান্ন। ফারশী।

নরসাঁই—নরস্বামী, নৃপতি।
নলি—বন্দুক।
নড়িআ ঘৃত—নারিকেল ঘৃত।
নাগরা—নাকারা, নাকাড়া
(বাদ্যযন্ত্র)
নামগোটি—নামটি।
নালিকি—নাল্‌কি, দোলা।
নিকি—নাকি (সংশয়ে, প্রশ্নে)
<নাম কিম্।
নিমন্তে—নিমিত্তে।
নিরেখি—নিরীক্ষণ করিয়া।
নিলা—নিল, লইল।
নিশ, নিস—গোঁফ।
নিশ্চে—নিশ্চয়।
নিশাণ—বাজনা, বাদ্যধ্বনি।
<নিঃস্বান।
নিশাণ—পতাকা।
হুহ, নোহ—নাস্ত্যর্থ ক্রিয়া
হুহ—নও।
হুহই, হুহে, নোহি—নয়, না হয়।
হুহন্তি—নয় (বহুবচন)।
নোহিব—নহিবে, হইবে না।
নোহি অছি—হয় নাই।
নোহিলে—নহিলে, না হইলে,
নতুবা।
নৃপরাণ—নৃপ-রাজা।
নে—ক্রিয়া
নেই—নিয়া, লইয়া।
নেউ—নিতে, লইতে।
নেলা, নেলে—নিল, লইল।
নেত—সূক্ষ্ম বস্ত্র, সূক্ষ্মবস্ত্রের পতাকা।
নোহ—দ্র হুহ।

পকা—ফেলা, দেওয়া, করা ইত্যাদি
(ক্রিয়া)
পকাই—ফেলিয়া, দিয়া।
পখাল—পান্‌তা (ভাত)।
<প্রক্ষাল।
পখা—পাখা।
পচার—ক্রিয়া, অর্থ—প্রচার-,
ফুকার-, উচ্চকণ্ঠে বলা।
পচার—বল (মধ্যমপুরুষ)।
পচারই—বলে (প্রথমপুরুষ)
পচারিল—বলিল।
পচারিলি—বলিলাম।
পচারুছি—বলিতেছি।
পচারুছ—বলিতেছ।
পছে—পিছে, পাছে, পিছনে।
পটিএ—একপাটি, একটি।
পড়া, পোড়া—গ্রাম, বসতি।
পড়িআ—পড়ুয়া, ছাত্র।
পণস্ত—শাড়ির আঁচল।
-পণ—ভাববাচক তদ্ধিত প্রত্যয়।
পণা, পনা—পানা পানীয়, শরবৎ।
পণা-গোলি—পানা গোলা, তরল
পানীয়।
পণা-খিআ—পানা-খাওয়া,
স্থাননাম।
পথর—পাথর।
পথুকি—পথিক।

পন্তা—প্রান্ত, প্রান্তর।

পন্তার—প্রান্তর, পাথার।

পন্তি—পংক্তি, ভোজনস্থান।

পন্তি পন্তি—পাতি-পাতি, সারে সারে।

পয়—পা, পদ।

পর্বত-ঘাটি—পাহাড়ের ঘাট, প্রপাত।

পরজা—প্রজা।

পরি (৩২৮)—পার, অতিক্রান্ত।

পরা, পরি—প্রায়, মত।

পরিমল—নির্মল।

পরিমুণ্ডা যাই—নিছনি যাই।

পরীক্ষা (২৪৬)—পড়িছা, অধ্যক্ষ। <প্রতীক্ষ-।

পরুপা, পড়ুপা (৩৭০)—পড়্‌তা(?)।

পলম—হাঁড়ির ঢাকনি (মাটির)।

পলি পলি—পালে পালে।

পলা—ক্রিয়া

পলান্তি, পলাবন্তি—পালায় (বহুবচন)।

পশ্চিমুখ—পশ্চিমমুখ।

পশ—ক্রিয়া

পশিলারু—প্রবেশ করিবার হেতু।

পশু—প্রবেশ করুক।

পশুছি—প্রবেশ করিতেছি।

পশুপত্র—পাশুপত।

পহড়—শয়ন (দেবতার)।

পহণ্ডি—পাদচারণ (দেবতার)।

পহর—ঝাঁট দেওয়া (ক্রিয়া)

পহরন্তি—ঝাঁট দেয়।

পহরা, পইরা—ঝাঁট, ঝাঁটা।

পইর—সাঁতার দেওয়া (ক্রিয়া)

পইরিবা—সাঁতার দেওয়া।

পহিলে—প্রথমে।

পহড়—ক্রিয়া

পহুড়িতে, পহুড়িলে শয়ন করিলে।

পাআ—পোয়া, পোয়া মাপের পাত্র। <পাদ।

পা—ক্রিয়া

পাউঅছি—পাইতেছে।

পাউছন্তি—পাইতেছেন।

পান্তি—পায় (বহুবচন)।

পাএড়া, পাহাড়া—গাত্রাবরণ যাহা পিছনে লুটাইয়া থাকে।

পাখ—স্থান, নিকট ; পাখা। <পক্ষ।

পাচিলা—পাকা, পক্ব। <পচ্য।

পাচেরী—প্রাচীর।

পাঞ্চ—পাঁচ।

পাঞ্চ—ক্রিয়া, অর্থ—মনে পাঁচরকম ভাবা ;

পাঞ্চই—ভাবে, ভাবিতেছে।

পাঞ্চুছু—ভাবিতেছে।

পাঞ্চুথিলে—ভাবিয়াছিল।

পাটনা—পত্তন, বসতি, বন্দর।

পাটফুলি—খোঁপা ইত্যাদিতে ঝুলাইবার খোপা।

পারিলা—সমর্থ, সাবালক।
পারুশ—পার্শ্ব।
পারুশলোক—পার্শ্বচর।
পালিকি, পালিব্কি—পাল্‌কি।
পসোরাই—ভুলিয়া, পাসরিয়া। <অপস্মৃ-।
পাহাড়া—দ্র পাএড়া।
পাহি (৭৮৬)—দ্র পাহিলা।
পাহিলা—প্রভাত হইল, পোহাইল। <প্রভাত-।
পাই, পাই—জন্য, নিমিত্ত (অনুসর্গ)।
পিঅর—পিতা। অর্ধতৎসম।
পিছড়া—পিছুহাটা। <*পশ্চবৃত্ত।
পিণ্ডিকা—জগন্নাথের পীঠ।
পিরীতিপণ—প্রীতিভাব।
পুট—গর্ত, সুড়ঙ্গ।
পুণি, পুণিহিঁ, পুণৈ—পুনঃ, অথবা।
পুত্রেকহ (১৬)—পুত্রের।
পুরি, পুরিয়া—'পুরুষোত্তম' নামের খণ্ডিতরূপ (অবজ্ঞায়)।
পূরাই, পূরাইণ—চুকাইয়া, পুরিয়া।
পেজনলা—ভাতে ফেন বহিয়া যাইবার নালা।
পেশ, পেষ—ক্রিয়া, <প্রেষয়-
পেষি—পাঠাইয়া।
পেস্তথাই—পাঠাইয়াছিল।
প্রপদ—পদাগ্র, পায়ের আঙুল।
প্রভুপণ—প্রভুত্ব, প্রভু।
প্রাপত—প্রাপ্ত, প্রাপ্য।
ফরহরা—পতাকা।

ফাম্প-পোড়া—বাষ্প (অগ্নি)-দগ্ধ।
ফরিকার—কুঠারধারী যোদ্ধা।
ফের—বস্ত্রপ্রান্ত।
ফেরি—ফিরিয়া।
ফেড়—খুলিয়া দাও। তু ফেট (ধর্মপূজাবিধান)।

বইরেখ—একরকম পতাকা।
বখাণুথাই—ব্যাখ্যা (বর্ণনা) করিলাম।
বছ—বাছা।
বঞ্চ—ক্রিয়া
বঞ্চন্তি—উত্তীর্ণ হয়, বাঁচে।
বঞ্চিলা—বাঁচিল, অতিরিক্ত হইল।
বধুলি—বাঁধুলি ফুল।
বনস্ত—বনান্ত। <বনত্র। অর্ধতৎসম।
বনাউত—বনাত। ফারসী শব্দ।
বন্ধা—বাঁধা, বন্ধক।
বরছা—বর্শা।
বরতন—বেতন, বর্তন।
বরষ—বর্ষ, বছর।
বর্তি—বাঁচিয়া, বর্তিয়া।
বরিব—বিবাহ দিতে হইবে। <বর। নামধাতু।
বলা—বালা, বালক, পুত্র।
বলি—বল, বলবান্‌।
বলি-হাম্বিরি—বলবান্‌ আমীর, কপিলেশ্বরের এক পুত্রের নাম।

তু বীরহাম্বীর, ধাড়িহাম্বীর (বিষ্ণুপুরের)।

বলিয়ার—বলবান্।

বলিল—উজ্জ্বল, বলবান্।

বসন্ত—বসিতে, বসিবার। অর্ধ-তৎসম।

বসান্তি—বসাইতাম, বসাইব।

বহন—শীঘ্র, তাড়াতাড়ি।

বহিণ (৬৬৭)—বহিয়া, কাটাইয়া।

বহনি—বহ্নি, অগ্নি। অর্ধতৎসম।

বড়ঠাকুর—বলরাম।

বঢ়, বাঢ়—ক্রিয়া, অর্থ—বাড়া, আগে যাওয়া, আগাইয়া দেওয়া।

বঢ়ই—বাড়ে।

বঢ়িছি—বাড়িয়াছে, ঢুকিয়াছে।

বাঢ়—আগাইয়া যাও।

বাঢ়ন্তি—আগাইয়া যায়।

বাঢ়িলা—আগাইয়া গেল।

বস—বইস (অনুজ্ঞা)।

বাইশি-পাবচ্ছ—বাইশ পৈঠা (জগন্নাথ-মন্দিরে)।

পাবচ্ছ<*পাদথা।

বাখর—ঘোড়ার দুই পাশের সাজ (বা বর্ম)। প্রাকৃত পক্খর।

বাগ—বল্গা, লাগাম।

বাঙ্ক—বাঁক, বাঁকাছুরি, অস্ত্রবিশেষ।

বাঙ্কু ছুরি—দ্র বাঙ্ক।

বাছিণ—বাছিয়া।

বাজেণি—বাজন্ত।

বাট—বর্ত্ম, পথ।

বাঢ়—দ্র বঢ়।

বাণুয়া—ধনুর্বাণ-ধারী যোদ্ধা।

বানা—বর্ণরঞ্জিত পতাকা। <বর্ণক।

বারানিধি—বারাংনিধি, সমুদ্র।

ঝরি—ঝারি, জলপাত্র।

বারু—ঘোড়া। <বারণ?

বাহ—আক্রমণ, চড়াও।

বাহ—বাহু।

বাহাঙ্গি—ভার বহিবার বাঁক।

বাহিলা—চড়াও হইল।

বাহুটি—বাউটি, হস্তালঙ্কার। <বাহুবৃত্ত।

বাহুড়া-বিজয়—পুনর্যাত্রা, উলটা রথ।

বাহুড়া—ফিরিয়া আসা। <ব্যাঘুট।

বাহুড়াই—ফিরাইয়া।

বাহুড়ি—ফিরিয়া।

বিঅর্থ—ব্যর্থ।

বিক—ক্রিয়া

বিকই, বিকন্তি—বেচে।

বিচারিণ—আলোচনা করিয়া।

বিজয়, বিজে—শুভযাত্রা, বিজয়-যাত্রা।

বিড়িয়া—পানের খিলি, বিড়া।

বিতিপাত—ব্যতীপাত।

বিদ—ডান হাতের তাবিজ।

বিন্ধন্তেণ—বিন্ধিলে পর।

বিন্ধাণ—মল্লবিদ্যা, লক্ষ্যভেদ।

বিস্থনি, বিস্থণিআ—বিষ্ণু,
জগন্নাথের সহিসের নাম।
বীরতুর—বীরবাহু।
বীরবলী—বীরবৌলী, কানবালা।
বুঝু থাউ—বুঝিতে থাকি।
বুট—বুটি (জরির)।
বুড়া—ক্রিয়া
বুড়াইণ—ডুবাইয়া।
বুড়াইব—ডুবাইবে।
বুলি গল—বুলিয়া গেল, ঘুরিয়া গেল।
বেণ্ট—বাঁট। <বৃন্ত।
বেণ্ডি—কড়া, আঙুলের চামড়া শক্ত হওয়া।
বেনি—দুই। <*দ্বীনি।
বেল্‌বেল্‌—বেলায় বেলায়, ক্রমশঃ।
বেলে—সময়ে, বেলায়।
বেঢ়া—বেড়া, পাচীরঘেরা।
বোইলে—বলিল, বলিলেন। তু বুইলে (শ্রীকৃষ্ণকীর্তন)।
বোবালি, বোবি—হাঁকডাক।
বোলটি—বল, বলিতেছ।
বোলণা—বলা।

ভঙ্গা বন্ধপাণি—পরাজয়ে জোড়-হাত।
ভণ্ড ("ভণ্ড গণপতি")—ভাণ্ড, ধনাধিকৃত।
ভরসি—আশা (ভরসা) করিয়া।
ভলি (৫৩৯)—প্রকার।
ভলি—ভালো।
ভলি (৩২১)—উঁচু চাকরি, ভটকর্ম।
ভাগি (৬৬৯)—ভাঙ্গিয়া।
ভাবুছন্তি—ভাবিতেছে (বহুবচন)।
ভালি—ভল্ল (অস্ত্র)।
ভাল—দেখা (ক্রিয়া)
ভালু ভালু—দেখিতে দেখিতে।
ভালু—দেখিতেছ।
ভাড়ি—ভারা, মাচা।
ভিড়—ক্রিয়া, অর্থ—সংলগ্ন হওয়া, ভেঁড়া, ঘেঁষা, কাছে আসা;
ভিড়ি—ঘেঁষিয়া।
ভিড়িলা—সংলগ্ন হইল।
ভুআসুনী—বহুড়ী, গৃহস্থ বধূ।
ভুরুডু—ছলনা, প্রবঞ্চনা।
ভুষ—ক্রিয়া
ভুষন্তি—বিদ্ধ করে।
ভেখ—বেশ, মূর্তি।
ভেটি—ভেট, উপহার।
ভেলিকি—ভেল্‌কি।
ভোট—তিব্বতী কম্বল।
ভোলা—বিভ্রান্ত।

মইষি—গাই মোষ।
মউন—মৌন।
মঞ্চ—মর্ত্য, নরলোক।
মঞ্জার—মার্জার, বিড়াল।
মণ্ডণি—সাজ, সাজা, মণ্ডন, মণ্ডিত।
মণ্ড—ক্রিয়া
মণ্ডিলে—সাজাইল।

মণিমা—প্রভু (সম্বোধনে)।
মধুকারী—ময়রা।
মনা—মানা, নিষেধ।
মনাসিলা—মানসিক করিল।
<মানস।
মন্ত্রি করি—মন্ত্র পড়িয়া।
মন্দিএ—একটু, অল্প পরিমাণে।
মর্কত—মরকত।
মলা, মলে—মরিল।
মল্লিকট়ী—মল্লিকা ফুলের কুঁড়ি, অলঙ্কার বিশেষ।
মহাসুআর—প্রধান পাচক। দ্র° সুআর।
মাআ—মা, মাতা।
মাইলে—মারিল।
মাগনা—বিনামূল্যে, মাগ্না।
মাগি—মাগিয়া
মাগিথিলে মাগিথান্ত—মাগিলে মাগিতে পারিতাম।
মাজণা—মার্জন, প্রাতঃকৃত্য।
মাড়িলা—চাপিল।
মান্থু—মানি (উত্তমপুরুষ)।
মাতর—মাত্র। অর্ধতৎসম।
-মান—শব্দে বহুবচনের বিভক্তি।
মামু—মামা, মাতুল।
মার—ক্রিয়া
মারু মারু—মারিতে মারিতে।
মারুছি—মারিতেছে।
মারুণি, মারেণি—মার, মারণ।
মাল—মল্ল।
মাড়—ভোতা, মন্দ
মাড়—ক্রিয়া, অর্থ—মাড়ানো, চাপ দেওয়া ;
মাড়ন্তে—মাড়াইতে, মাড়াইলে।
মাড়ি—মাড়াইয়া, চাপিয়া, দাবাইয়া।
মাহন্ত—মাহুত (হাতির), সহিস (ঘোড়ার)। <মহাপাত্র।
মিশিণ—মিশিয়া।
মিহান—অলঙ্করণ, মিনা করা।
মু, মুঁ, মুহিঁ, মো—মুই, আমি।
মুগুনী—একপ্রকার দৃঢ় কৃষ্ণ প্রস্তর।
মুঠি—মুষ্টি।
মুণোহি—দেবতার ভোগ। তু° 'মহুই' (ধর্মপূজাবিধান)। <*মনাপক।
মুণ্ডিআই—মাথায় করিয়া।
মুদা—মুদ্রিত, আঁটা।
মুদি—আংটি। <মুদ্রিকা।
মুদিণ—মুদ্রিত (একেবারে বন্ধ) করিয়া।
মুদিয়ার—চাকতি। <মুদ্রিকাকার।
মুদ্রিকা—আংটি (যাহাতে মুদ্রা অর্থাৎ নামের অক্ষর বা চিহ্ন আছে)।
মুনা—তৃণ।
মুরুচা—মূর্চা। ফারসী শব্দ।
মুরুছি—মূর্ছিত।
মুহাণ—মোহানা। ফারসী শব্দ।

মূলে—কাছে, নিকটে ; সমষ্টিবাচক শব্দ (বহুবচন প্রত্যয়স্থানীয়)।
মূষারেণ—মূষার (ইন্দুরের) আকারে।
মেণ্ট—ক্রিয়া
মেণ্টাইবি—মিটাইব।
মেণ্টি—মিটাইয়া, পালন করিয়া।
মেণ্টি—লঙ্ঘন করিতে।
মেল—সঙ্গ, মেলা।
মেলি দিঅন্তি—মেলিয়া দেয়, ছাড়িয়া দেয়, হাঁকাইয়া যায়।
মো—দ্র মু।
মোহ, মোহর—মোর, আমার।
মোহি—মোহিত।
মোড়ন্তি—মুড়িতেছেন, মোচড়াইতেছেন।

যমদাড়—দুইধারওয়ালা শস্ত্রবিশেষ। <যমদণ্ড।
যহঁ—যেহেতু।
যাইণ—যাইয়া, গিয়া।
যাউটি—যাইবে।
যাক—নির্দেশক প্রত্যয়স্থানীয় শব্দ।
যাত—জাত, যাত্রা, উৎসব।
যা—ক্রিয়া
যান্তু—যাউক।
যিব—যাইবে।
যা যা (৬৯), যা যা হিমিরি (৭৩) : যযাতি হামীর (কপিলেন্দ্র-দেবের এক পুত্র)।
যাহাঠারে—যাহাকে।
যীন—জিন (ঘোড়ার)। ফারসী শব্দ।
যুঝ—ক্রিয়া
যুঝন্তি—যুদ্ধ করে।
যে যা মতে—যে যেমন ভাবে।
যেতে—যত, জেত (উপভাষা)। <* যেত্তক।
যেবণ—যেমন, যেন।
যেবে—যবে, যদি।
যেসনে, যেহ্নে—যেমন, যেমন করিয়া।
যোখি (২৮২)—খচিত, যুক্ত।
যোগণ—যোগান, উপস্থিত করা।
যোগাইলা—যোগ মিলিল, যোগ্য হইল। <যোগ, যোগ্য।
যোটি—জুড়িয়া, যোটাইয়া।

-র—ষষ্ঠী (ও সপ্তমী) বিভক্তি।
রখ—ক্রিয়া
রখি, রখিণ—রাখিয়া।
রখি থাঅ—রাখিয়া দাও।
রখি অছন্তি—রাখিয়াছেন।
রখু অছু—রুখিয়াছি, থামাইয়াছে।
রণভণ—চঞ্চলচিত্ত।
রহিণ—রহিয়া।
রাইণ—ডাকাইয়া। <রাব।
রাউত—অশ্বারোহী যোদ্ধা।

রাগ-সেনা—বর্ণরঞ্জিত সন্নাহ। দ্র সেহ্না।

রাজপণ—রাজত্ব, রাজাগিরি।

রাণ—রাজা। প্রাকৃত 'রন্ন'। দ্র' নৃপরাণ।

রামচেঙ্গি—রামশিঙ্গা, বংশী বিশেষ। তু' বাঙ্গালা চোঙ্গ (বাঁশের নল)।

-রু—পঞ্চমী বিভক্তি।

রুণ্ড—একত্রিত, জড়।

-রে—সপ্তমী বিভক্তি।

লগা—ক্রিয়া, <লগ্ন ;
লগাইণ—লাগাইয়া।
লগান্তি—লাগান (গৌরবে)।

লগুতি (পাঠান্তর নগুতি)—পরিজন, পোষ্যবর্গ।

লঙ্গল—লাঙ্গল।

লটা—বন, জঙ্গল।

লতাকম—লতাকর্ম, লতাপাতার কারুকার্য।

লয়—অবধান, মনোযোগ।

লসকর—লস্কর, সৈন্যসামন্ত। ফারসী শব্দ।

লাই—লাগানো, পরানো।

লাঙ্গুড়া তারা—লেজওয়ালা তারা, ধূমকেতু।

লাঙ্গু—লেজ।

লুগা—ধুতি, পরিধেয় বস্ত্র।

লুহ—চোখের জল। পুরানো বাংলা লোহ, লো।

লেউটিণ—ফিরিয়া আসিয়া, নেউটিয়া।<নিবৃত্ত।

লেফা—ক্লান্ত, নাচার।
লেফা হোই—লাফ দিয়া পড়িয়া।

লোকবাক—লোকটোক, লোকজন।

লোড়—ক্রিয়া
লোড়ই, লোড়ে—চায়, খোঁজে।
লোড়ি—খুঁজিল।

লোড়া—চল্‌তি।

শউচ—শৌচ, শুচি।

শতেপুর—শত শত জনের ভিড়, শত-পুরু।

শরধা—শ্রদ্ধা।

শাশু—শাশুড়ী, শ্বশ্রূ।

শুণ—ক্রিয়া, <* শ্রুণো- ;
শুণি, শুণিণ—শুনিয়া।
শুণিথিলা—শুনিয়াছিল।
শুণিম, শুণিমা—শুনিবে (মধ্যমপুরুষ)।

শুভ দেলে—শুভারম্ভ করিল।

শোই—শুইয়া।

শোধা—শুদ্ধ, পরিষ্কৃত, সাফ।

শোষ—তৃষ্ণা।

সইণি—সৈনিক, সৈন্য।

সজ—সজ্জা, সাজানো। দ্র শ্রীকৃষ্ণ-কীর্তন।

সজা—সাজা, শাস্তি। ফারসী শব্দ।

সজাড়ই—সাফ করে, পরিষ্কার করে।

সঙ্ক ঘঙ্ক—আঁটসাঁট।

সঙ্কপি—কল্পনা করিয়া।

সতে—সত্যাসত্য, যথার্থ। অর্ধতৎসম।

সন্তক—অভিজ্ঞান, অনুগ্রহের নিদর্শন। তু সন্তোক (কৃত্তিবাসের আত্মজীবনী)।

সনমত—সম্মত, সম্মতি।

সবারি—সওয়ারি, সওয়ার, অশ্বারোহী।

সবু—সব, সবই, সবাই।

সবুরি—সবার, সবারই।

সমদণ্ড—সামদণ্ড, দণ্ড, আক্রমণ।

সম্বালি, সম্ভালি—সামালিয়া, সামালিতে। <সম্-ভালয়্-।

সরিব—সারা হইবে। দ্র সার-।

সাইতি—সংগ্রহ করিয়া, যত্ন করিয়া, সাধিয়া। তু 'দান সাধা' (শ্রীকৃষ্ণকীর্তন)। দ্র সাধি।

সাগুণা—শকুন, চীল।

সাঞ্জু—সাঁজোয়া। <সংযোগ।

সাতুহতা (২৮৯)—?

সাধি—সাধিতে, বিবাদ করিতে।

সান—কনিষ্ঠ, ছোট।

সাবেলি—সাবল। <শর্বল, সর্বল।

সাবেলিয়া—সাবল লইয়া যুদ্ধকারী।

সামরথ—সমর্থ, সামর্থ্য।

সামলি—সামালিয়া, গুছাইয়া। দ্র সম্বালি।

সার—ক্রিয়া

সারিণ—সারিয়া।

সারিলা—সারা, শেষ করা।

সাসমল—একহাজারী মন্‌সবদার। <সহস্রমল্ল।

সাহ, সাহা—সহায়, সহায়তা।

সাহাণি—পদবী।

সাঁই—স্বামী, প্রভু, রাজা। দ্র নৃপ-সাঁই।

সিংহার—শৃঙ্গার, সুবেশ ধারণ।

সিনা—অনর্থক শব্দ।

সীউকার—স্বীকার। অর্ধতৎসম।

সুআর—সূপকার, রাঁধুনি।

সুআরন্তি—ঘোড়া হাঁকাইতেছেন। সুআর (সওয়ার) হইতে নাম-ধাতু।

সুকুপাল—ভালো পাল্‌কি, চতুর্দোল।

সুজ্ঞ—উত্তম জ্ঞানী, বিজ্ঞ।

সুনা—সোনা, স্বর্ণময়।

সুমর—ক্রিয়া, <স্মৃ-;

সুমর—স্মরণ কর।

সুমরন্তে—স্মরণ করিতে।

সেহা—সানা, বর্ম। <সন্নাহ।

সেব—ক্রিয়া

থাই সেবি=সেবি থাই—সেবা করিয়া থাকে।

সৈনি—সৈনিক, সৈন্য। দ্র সইনি।

স্তিরী—স্ত্রী, স্ত্রীলোক। তু তিরী (শ্রীকৃষ্ণকীর্তন)।

স্নাহান—স্নান। অর্ধতৎসম।

স্তবধ—স্তব্ধ। দ্র' তবধ।

স্ফুরই—স্ফুরে, উদিত হয়।

<স্ফুরতি।

স্ফুরই (৩৪৯)—স্ফুরিত হয়, কাঁপে।

হউ—আচ্ছা, বেশ, (তাই)

হোক।

হলহাথ—হলধর, বলরাম।

হলাউ থান্তি—হেলাইতে থাকেন।

হাঙ্ক—ক্রিয়া, প্রাকৃত হক্ক ;

হাক্কিলে—(ঘোড়া) হাঁকাইলে।

হাটুআণী—হাটুয়া স্ত্রীলোক।

হাটোই—হাটুয়া, হেটো।

<হট্ট+।

হাতুয়ার—হাতিয়ার, হেতের,

হাতের অস্ত্রশস্ত্র। <হস্ত+।

হাদে—নিশ্চয়াত্মক অথবা

বিস্ময়সূচক শব্দ।

তু' বাঙ্গালা 'হেদে' (সম্বোধনে)।

হিঁ—নিশ্চয়াত্মক স্বার্থিক প্রত্যয়।

হু—ক্রিয়া, দ্র' হে-, হো-

হুঅন্তা—হইত।

হুঅন্তে—হইত ; হইতে।

হুএ—হয় ; হইয়া।

হুর, হুরি—হোড়, হুড়াহুড়ি।

হুরজুর—হুড়াহুড়ি করিয়া লুট।

হে—দ্র' হু-, হো-

হেউ অছন্তি—হইয়াছে,

হইতেছে।

হেউঅছু—হইয়াছ।

হেউছু—হইতেছ।

হেউথিলা—হইয়াছিল।

হেব—হইবে।

হেবা—হওয়া।

হেবু—হইব (উত্তমপুরুষ),

হইবি (মধ্যমপুরুষ)।

হেলি—হইলাম।

হেলুণি—হইয়াছিলাম (উত্তম-

পুরুষ), হইয়াছিল

(প্রথমপুরুষ)।

হেলে—হইল।

হো—ক্রিয়া, দ্র' হু-, হে-

হোই, হোইণ—হইয়া।

হোইথিলা—হইয়াছিল।

হোন্তি—হয় (বহুবচন)।

কাঞ্চী-কাবেরী

(বাংলা)

কঠিন-শব্দার্থ

অপস্কর—চাকা।
অপায়ন—অপসরণ।
অয়স—লোহা।
আকুটী—নির্বন্ধ।
আচাভূয়া—অজ্ঞ।
আনদ্ধ—চর্মাচ্ছাদিত বাদ্যযন্ত্র।
আশোবার—অশ্বারোহী।
উভরড়ে—উর্দ্ধ শ্বাসে, বেগে।
কঙ্কটক—বর্ম, সানা।
কপোত-পালিকা—কার্নিশ।
কেদার—জলপূর্ণ ক্ষেত্র, গাছের গোড়ায় কেয়ারি।
ঘন—ধাতুময় বাদ্যযন্ত্র (কাঁশি, করতাল, ঘণ্টা)।
চক্রবাড়ে—চক্রবালে।
চাষ—একরকম পাখী, নীলকণ্ঠ (?)।
চেলনা—পরিধেয় বস্ত্র।
চোলা, চোলী—জামা, আংরাখা।
চৌরগঙ্গ—চোড়গঙ্গ (উড়িষ্যার প্রাচীনতর রাজবংশ-কর্তা)।
জম্বুনল—বন্দুক, আগ্নেয় অস্ত্র।
জ্যোতিরিঙ্গন—জোনাকি।
ঢেরি—স্তূপ।
তক্র—ঘোল।
তত—তন্ত্রীময় বাদ্যযন্ত্র।
তুন্নবায়—দরজি, রিপুকর্মকারী।
তুরঙ্গী—অশ্বারোহী।
তুকূল—সূক্ষ্ম পরিধেয় বস্ত্র।
দেওড়—বড় কামান। দ্রঃ ওড়িয়া 'ছুআড়'।
তোমর—বর্শা।
দ্রুঘন—কুঠার।
দ্বৈপ—দ্বীপি-চর্মাচ্ছাদিত রথ।
নিবীত—উত্তরীয়, পইতা; গলায় মালার মত ঝোলানো উত্তরীয় বা পইতা।
পরশ্বধ—কুঠার।
পাটজোষী—রাজজ্যোতিষী।
পাল—পলিপড়া জমি (ওড়িয়া শব্দ)।
প্রক্ষ্বেড়ন—লৌহশর; চীৎকার।
প্রমথন—পরাজয়।
প্রোচ্চ—অতি উচ্চ।
বারবাণ—বর্ম, সানা।
বিনশন—প্রাচীন তীর্থ যেখানে সরস্বতী নদী বিলুপ্ত হইয়াছিল।
বিষ্ণুপদী—গঙ্গা।
ভাবী (২৫১)—ভবিষ্যৎ ঘটনা।
ভিন্দিপাল—ছোট বর্শা।
মধুরী—একরকম বাঁশী, মৌহারী।

মস্তি—মদ, মত্ততা। ফারসী শব্দ।
মৌরছল—ময়ূরপুচ্ছের ব্যজনী।
রাঙ্কব—পশুলোমজাত সূক্ষ্ম বস্ত্র।
শম্পা—বিদ্যুৎ।
শূলকী—শূলধারী যোদ্ধা।
সর্বল—সাবল।
সারসন, সারসান—যোদ্ধার কটি-বন্ধ।
সুষির—বায়ুতাড়িত বাদ্যযন্ত্র (বাঁশী ইত্যাদি)।
স্তৃত (৬১৪৩)—বিস্তৃত, প্রসৃত।
সৈরিন্ধ্রী—রাজান্তঃপুর-পরিচারিকা।
হস্তিনখ—দুর্গদ্বারের উঁচু বুরুজ।
হারপুরে—হরণকর্তার (এখানে শিকারীর) গৃহে।
হেতি—অস্ত্র, শস্ত্র।